www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Best Training For
WBCS, SSC (CGL, CHSL, MTS), PSC, BANK, RAIL
✆ 7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

বর্ষ ৩৮ সংখ্যা ৪৯ কলকাতা শুক্রবার, ৬ জুলাই ২০১৮/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২১ আষাঢ় ১৪২৫ দাম ₹৫.০০ ২৪ পাতা R. N. 37120/80

# দিল্লি সরকারে ১৬১০ প্রাইমারি টিচার

প্রাইমারি টিচার পদে ৪,৩৬৬ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ক্যাটেগরিতে, দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১,৬১০টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/18. ২০১৭ সালের ৭ অগস্ট তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর 02/17 অনুসারে যাঁরা দরখাস্ত করেছিলেন তাঁরা পুনরায় আবেদন করবেন না।

শূন্যপদের বিবরণ: **প্রাইমারি টিচার:** পোস্ট কোড 1/18: শূন্যপদ: ১,৬১০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল, সঙ্গে এলিমেন্টারি টিচার এডুকেশনে ২ বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স অথবা বি এল এড কোর্স অথবা জুনিয়র বেসিক ট্রেনিং কোর্স পাশ করে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক স্তরে একটি বিষয় হিসেবে হিন্দি এবং মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজি পড়ে থাকতে হবে। প্রার্থীকে সি বি এস ই আয়োজিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট)

**সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট পাশ করে থাকতে হবে**

পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**বয়স:** ৩০-৭-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি এবং ইংরেজি ভাষার দক্ষতা এবং শিক্ষণ বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ জুলাই পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

*এরপর বাইশের পাতায়*

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে ৫৬৯ গ্রুপ সি ও গ্রুপ ডি

৫৬৯ জন কর্মী নেবে কলকাতা বিশ্ববিদ্যালয়। নিয়োগ করা হবে গ্রুপ সি ও গ্রুপ ডি ক্যাটেগরিতে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র পিওন, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-গ্রেড টু-সহ বিভিন্ন পদে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ সেন্ট্রাল স্কুল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/CUNT/2018.

শূন্যপদের বিবরণ: **গ্রুপ সি: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ১৮৮টি (সাধারণ ১৮, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৪, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৪, সাধারণ-ইসি ১২, তফসিলি জাতি ৪৩, তফসিলি জাতি-

**অধিকাংশ পদের ক্ষেত্রে ক্লাস এইট পাশ হলে আবেদন করা যাবে**

ইসি ১৩, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি উপজাতি ২২, তফসিলি উপজাতি-ইসি ৫, ও বি সি-এ ২৮, ও বি সি-এ-ইসি ১১, ও বি সি-বি ২১, ও বি সি-বি-ইসি ৪)।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু:

*এরপর বাইশের পাতায়*

**ভেতরের পাতায়**

আমাদের লক্ষ্য বছরে ৬ লক্ষ ছেলেমেয়েকে কারিগরি শিক্ষায় শিক্ষিত করে তোলা: পূর্ণেন্দু বসু ...পৃঃ ৯

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মেধাবীদের জন্য স্কলারশিপ ...পৃঃ ১০

ফার্মাসি নিয়ে পড়াশোনা ...পৃঃ ১২

## রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে ২৯৯

জুনিয়র ইঞ্জিনিয়ার (গ্রেড টু), টেকনিশিয়ান (গ্রেড থ্রি) এবং জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) পদে ২৯৯ জনকে নিয়োগ করবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। এটি রাজ্য সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: REC/2018/05.

শূন্যপদের বিবরণ: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ই) গ্রেড-টু:** ১৬৩টি (সাধারণ ৩৮, সাধারণ-ইসি ২২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৫, সাধারণ-দক্ষ খেলোয়াড় ৩, সাধারণ- দৈহিক প্রতিবন্ধী ৪, তফসিলি জাতি ২০, তফসিলি জাতি-ইসি ৮, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ৪, তফসিলি উপজাতি ৫, তফসিলি উপজাতি-ইসি ২, ও বি সি-এ ২৭, ও বি সি-এ-ইসি ১৫, ও বি সি-বি ৭, ও বি সি-বি-ইসি ৩)। শিক্ষাগত যোগ্যতা: পশ্চিমবঙ্গ স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

*এরপর বাইশের পাতায়*

## রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ১৪৯ গ্রেড 'বি' অফিসার

গ্রেড 'বি' অফিসার নিয়োগ করবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। প্রার্থী বাছাই করবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া সার্ভিসেস বোর্ড। ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। শূন্যপদ ১৪৯। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 6A/2017-18.

শূন্যপদের বিবরণ: **অফিসার-গ্রেড 'বি' (জেনারেল):** ১২৭টি (সাধারণ ৬৪, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৩)। এর মধ্যে

*এরপর বাইশের পাতায়*

## নেভিতে ইঞ্জিনিয়ারিং পাঠরত তরুণ-তরুণী

ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাঠরত বেশ কিছু তরুণ-তরুণীকে ট্রেনিং দিয়ে বিভিন্ন টেকনিক্যাল ও এক্সিকিউটিভ ব্রাঞ্চে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ইউনিভার্সিটি এন্ট্রি স্কিমে পার্মানেন্ট ও শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ হবে। মহিলারা শুধু টেকনিক্যাল ব্রাঞ্চের ন্যাভাল আর্কিটেকচার ক্যাডারে আবেদন করবেন। সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ার তথা চতুর্থ বর্ষের ষষ্ঠ সেমেস্টারে (৫ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্সের ক্ষেত্রে পঞ্চম বর্ষের অষ্টম সেমেস্টারে) পাঠরতরা আবেদনের যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল পরীক্ষায় ৬০ শতাংশ নম্বর পেতে হবে। ট্রেনিং শুরু

*এরপর তেইশের পাতায়*

আগত দুই বছরের মধ্যে কলকাতা তথা ভারতে ২৪ লক্ষেরও বেশী চিত্তাকর্ষক চাকরির হাতছানি

N·S·D·C National Skill Development Corporation

FREE Spoken English



তোমার ভবিষ্যৎ গড়ে নেওয়ার সঠিক ঠিকানা

Aviation and Hospitality Sector
- Airport Management (Domestic)
- Diploma in Aviation and Hospitality Management
- Diploma in Travel and Tourism
- Diploma course in Hotel Management
- Certificate course for Ground Staff

NCDC Courses
- Office Management Skill
- Diploma in Finance and Banking (12 months)
- Tally with GST

Foresight Edutech (P) Ltd.
৭৩বি, ডায়মন্ডহারবার রোড, কলকাতা-৮, বেহালা চৌরাস্তা (এডুকেশন ডেভলপমেন্ট করপোরেশন)
৩৬সি, হালদার পাড়া রোড, হাজরা, কলকাতা-২৬ (কালীঘাট মেট্রো স্টেশনের পাশে)
8335069138 / 8335069131 / 8335069161

পশ্চিমবঙ্গের সুনামধন্য ম্যানেজমেন্ট কলেজ

TIEM

Govt. Reg. : S/2L/No. 33016

100% JOB GUARANTEE Else Money Back

Hotel & Hospitality Management



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের দেশ ও বিদেশে চাকরির সুযোগ

বিশ্বায়নের যুগে কোন শিল্পই আজ নির্দিষ্ট গন্ডির মধ্যে সীমাবদ্ধ নেই। দ্রুত গতিতে বানিজ্য সংস্থাগুলি সমগ্র পৃথিবীতে আজ ছড়িয়ে পড়েছে। তারই দর্পণে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট আজ এক গুরুত্বপূর্ণ পেশা হিসাবে শ্রেষ্ঠ সারিতে উঠে এসেছে। সাধারণ থেকে শুরু করে মেধাবী সব ধরনের ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে চাকরির সুযোগ রয়েছে, সরকারি ও বেসরকারী হোটেল, রিসর্ট, এয়ারলাইন্স, রেলওয়ে ক্যাটারিং ডিপার্টমেন্ট, এয়ারপোর্ট, জাহাজ, ক্রুজ লাইন্স, রিসেপশনিস্ট, এয়ার হোস্টেস ইত্যাদি পদে। ২০১৮ সালে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন—৯০০২৪৬৯৬০২ এবং ৭৩৮৪৭৮৩৬২৫নম্বরে।visit: www.tiem.co.in

Admissions OPEN

কোর্স করলেই দেশ বিদেশে নিশ্চিত চাকরির লিখিত গ্যারান্টি

কেন TIEM-এ ভর্ত্তি হবেন ?



- Job bond Letter.
- Bank Loan-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পর পরিশোধ করার সুবিধা।
- Installment-এ Course Fees দেওয়ার সুবিধা।
- Course Fees এর সুযোগ।
- Fully AC Campus.
- wi-fi connectivity.
- Free Separate Hostel facilities for Girls & Boys.
- Regular Industry visit.
- Concession for SC/ST/OBC/Girls
- Books & Uniform Free.

কোর্স করতে করতে Income-এর সুযোগ

Tamluk Campus : Hospital More, Tamluk, Purba Medinipur 9134049034/7548027134

Kolkata Campus : 6, Seal's Garden Lane Kolkata - 700 002 9002469602/9134050664

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৪৯ □ ৬ জুলাই ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

### স্টার হোটেলে 6-17,500/-

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও ঢাকুরিয়া: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113 বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654 Need Counseling, ডানলপ-108.

□

SBI/ GOVT. ব্যাঙ্ক/ ব্যাঙ্কিং বাংলো প্রসেসে স্মার্ট বাংলা জানা কলি/ জেলাভিত্তিক/ গ্রামাঞ্চল থেকে 257 জন M/F (18-38) শীঘ্রই চাই। বেতন: 10,955/- – 34,850/- (INC + OT + অন্যান্য বিশেষ সুবিধা), W2C, Kol-56. দমদম/ বেলঘরিয়া: 83348-59516, টালিগঞ্জ/ গড়িয়া: 90629-77779, হাওড়া/ বালি: 90511-50487, ব্যারাকপুর/ কল্যাণী: 98743-49135.

□

### Banking প্রসেসে 23 জন কম্পিউটার অপারেটর

স্থায়ী অফিসিয়াল পদে Database maintain করতে H.S পাশ (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,375/- – 12,670/-. Innovative Technology, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

### DIRECT নিয়োগ

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□

Require sales and service executives for software company. Resume at job@kalasoftech.com Phone: 92644-40542. 177, Bangur Avenue, Block-C, Kolkata-700 055.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৭ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

২০ জুলাই **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 83350-59818.

□

VODA/ JIO/ D2H কাস্টঃ কেয়ারে কাস্টমারদের Call রিসিভ করে সঠিক তথ্য দেওয়ার জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে মাধ্যমিক-M.A, M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: 18-38. Sal: 10,800/- – 45,500 + PBA + OT + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, দঃ ২৪ পরগনা: 82769-83240, ডায়মন্ড: 90515-85928, পূঃ মেদিনীপুর: 81011-02499.

□

### হোটেলে চাকরি

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

Banking/ কাস্টমার কেয়ার/ MNC-তে Spot নিয়োগ চলছে। জেলাভিত্তিক নিয়োগ। MP-MA, বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ। 10,850/- – 22,800/-. PF, ESI, Car, Inc, থাকা ও খাওয়ার সুব্যবস্থা। Nigam Tori, KGP, MDN. কলকাতা/হাওড়া: 98007-80569, মেদিনীপুর/বাঁকুড়া: 84368-61388.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**

উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T. Rd, Nowa Para, শ্যামনগর।

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
**পঃ বঙ্গ, উঃ বঙ্গ ছেলেমেয়েদের সুবর্ণ সুযোগ Airport, মেট্রো ও PVT. ব্যাংকে ৭ দিনে স্পট জয়েনিং**

সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্টাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাংক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-. বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। F. G, 183/17G, বেহালা বাসস্ট্যান্ড, M: 85150-18736.

□

### ভ্যাকান্সি
**Mob: 8145109987**

সরকারি নিয়ম মেনে এয়ারপোর্ট, মেট্রো ও বিভিন্ন Pvt Bank সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে চাকরি। M/F চাই, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। বেতন: 12,500/- – 45,700/-, OT, PF, ESI বোনাস, প্রমোশন-সহ ছুটির বিশেষ সুবিধা। থাকা ও খাওয়া ফ্রি। বিশদ জানতে সত্বর যোগাযোগ করুন: (M) 81451-09987, Compass, 4, Govt. Place (N), Kol-1.

□

## কর্মখালি

### ফোন করলেই নিশ্চিত চাকরি। কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়

Govt. Regd. L/No.-6630, সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-). সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880, Sara Corporate, ইছাপুর, 24 Pgs (N).

□

### এয়ারপোর্ট ও মেট্রো গভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী জব Govt. Regd.
**R/L No.: 13794**
**M: 87688-22677**

কোনও ডোনেশন ছাড়া গ্যারান্টি সহকারে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 48,900/-. বয়স: 18-45, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা আছে। B. C, 126/38 Garia St. Rd.

□

### Pvt ব্যাঙ্কে চাকরি
**Govt. Reg.-L/No- 627152**

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী Job. যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: ১২,০০০/- – ৩৬,৮০০/-, PF, ESI, বোনাস, থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। R.P., Pakar More, রানাঘাট, নদিয়া। Pin: 741 201. Helpline: 95937-76698.

□

### VODAFONE/AIRTEL ও JIO

বাংলা কাস্টমার কেয়ারে সরাসরি নিয়োগ চলছে। MP-Graduate (18-35), বেতন: যোগ্যতানুসারে INC + OT+ Bonus-সহ 11,200/- + অন্যান্য সুবিধা। অনভিজ্ঞদের কাজ শিখিয়ে নেওয়ার ব্যবস্থা আছে। IIFA, Kol-28 দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003. বর্ধমান: 98301-88881.

□

### স্থায়ী চাকরি পশ্চিমবঙ্গে

সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt BANK, টাওয়ার 4G, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে টার্গেট ছাড়া Direct জয়েনিং। ওয়েবসাইট: www.gcajob.co.in বেতন: 11,200/- – 28,700/-, PF-এর সুবিধা। N. D, Central Avenue, Kol-7. (M): 77184-52562.

□

### সরাসরি নিয়োগ

জেলাভিত্তিক ATM গার্ড, টাওয়ার Co, হাসপাতাল, নার্সিং হোম, হোটেল, শপিং মল, শোরুম, ফ্যাক্টরি ও কোম্পানিতে কাজের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M.J.S, 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

### এয়ারপোর্ট ও মেট্রো

গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. 22/C বেহালা, চৌমাথা।

□

Airtel 4G/ Naptal/ Jio কাস্টমার কেয়ারে বাংলাভাষী সরাসরি নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 10,900/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 90517-30543.

□

## কর্মখালি

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা
**বেতন: 10,600/- –28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

Jio/SBI/Vodafone কাস্টমার কেয়ারে বাংলাভাষী M/F চাই। বেতন: INC + OT-সহ 10,500/- Zea Management Service Salt Lake, Sec-V, Kol-91. M: 83348-09246.

## স্কুল-কলেজ শিক্ষা

### প্যারামেডিকেল ও নার্সিং

DMLT (প্যাথোলজি), DPT (ফিজিওথেরাপি), ECG, ANM ও GNM (নার্সিং), RMP (রুরাল মেডিকেল প্রাকটিশনার) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। নার্সিং ট্রেনিং শেষে চাকরি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফর চন্দ্র স্কুলের বিপরীত। 82729-11322 / 90623-62321.

□

### নার্সিং কোর্সে ভর্তি

INC ও KNC অনুমোদিত B.Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

ভর্তি চলছে WBCS (Plm/Main) 55% (110) কমন না পেলে টাকা ফেরত। PSC, SSC Others পড়ানো হয়। সোনারপুর, মৃনালস্যার: 74496-99897.

□

MATH, GI, GK, ENGLISH RAIL, WBCS (+Main) SSC (Adv. Level), CDS, BANK, KOUSHIK SIR দমদম, মধ্যমগ্রাম: 89819-21114.

□

### DIPLOMA ও ITI সরাসরি ভর্তি

CIVIL DRAUGHTSMAN, CIVIL SURVEYOR (NCVT) এবং CIVIL DIPLOMA-এ সরাসরি ভর্তি চলছে। Placement, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/83350-66915.

□

### নার্সিং ট্রেনিং

ANM Nursing (2 Years) Installment-এর সুবিধা আছে। Approved by BSS / NSDC Govt. of India. Placement. রবীন্দ্র পাঠ ভবন। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 83350-66916, বালিগঞ্জ: 97326-84328.

□

### নার্সিং ANM ট্রেনিং

ভর্তি চলছে। ANM-Practical Nursing Course (2 Yrs). Affiliated by BSS, NCVT (Govt. of India) & PBSSD Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701/92315-51285, Job (Asst), Installment, Internship, Hostel-এর সুবিধা আছে।

□

Math & Eng. সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ; Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir; 90510-89736.

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

### মেডিকেল ও ডেন্টাল কোর্স

SINGHANIA UNIVERSITY স্বীকৃত DMPHW (রুরাল প্র্যাক্টিশনার) DDA (ডেন্টাল অ্যাসিস্ট্যান্ট), DPT (ফিজিওথেরাপি) কোর্সে ভর্তি চলছে। এই কোর্স করার পর নিয়ম মেনে বৈধভাবে প্রাক্টিস করা যাবে। যোগ্যতা: H.S হতে হবে। CAREER ACADEMY OF MEDICAL, গড়িয়া স্টেশন রোড, ছোটবটতলা, কলি-৮৪। Ph: 70447-16334/92307-07483.

□

### ANM নার্সিং ট্রেনিং

জুলাই সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। এছাড়াও DMLT (প্যাথোঃ) DPT (ফিজিও), X-Ray ও Ecg কোর্সে সরাসরি ভর্তি চলছে। ২০তম বর্ষে প্রতিটি কোর্সে ভর্তির সঙ্গে স্কুলব্যাগ বিনামূল্যে দেওয়া হবে। MRIT, শ্রীরামপুর। M: 92318-39309.

□

### প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি

DMLT, O.T, D. X-Ray, DIALYSIS কোর্সে ভর্তি চলছে। G.N.I, বারুইপুর, 85849-23750.

□

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর: 92315-51285/70449-27065.

□

### 200/- অংক

G.I, Rail, PSC, ক্লার্ক, PA, গড়িয়া: 94747-21021, শিয়ালদহ: 90730-54807.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং

Pre-Primary & Primary Teachers Training approved by (BSS Govt. of India) সরাসরি ভর্তি চলছে। রবীন্দ্র পাঠ ভবন, কোল-৮৩। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 94323-65899 শ্যামবাজার: 98308-15220 টালিগঞ্জ: 90510-74736 বালিগঞ্জ: 74784-30465 বর্ধমান: 94759-35165 বর্ধমান: 94746-39105 আসানসোল: 92318-77546 বালি: 91635-73125 হাওড়া: 90510-74736.

□

### WB GOVT SERVICE EXAM PREPARATION

WBCS, IBPS, RAIL, SSC Above 8%. Success For GOVT. Service, Maity Madam, Ph: 98367-87906 Dum Dum, B. G. Road, Kol-30.

□

### উইমেন্স মন্টেসরি ট্রেনিং

অ্যাফিলিয়েটেড 45 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান, অল ইন্ডিয়া ইনস্টিটিউট মন্টেসরি ট্রেনিং-এ ভর্তি। 59/C, সতোন রায় রোড, বেহালা, কলি-34. ফোন: 2348-2855, 98313-95169.

**জ্ঞানপীঠ শিক্ষা বিকাশ স্কুল**
(মহিলাদের ট্রেনিং শেষে চাকরির সহায়তা)

নার্সিং(WARD/I.C.U./O.T./DIALYSIS), হোমিওপ্যাথি, অপ্টোমেট্রি, O.T. টেকনিশিয়ান, ডেন্টাল টেকনিশিয়ান, ফিজিওথেরাপি (D.P.T.) নার্সারী/ মন্তেসরী টিচার্স ট্রেনিং(HANDCRAFT সহ), অ্যাডভান্স বিউটিশিয়ান (স্পা/ কনে সাজানো/ হেয়ার কাটিং)-এর ডিপ্লোমা/ পোস্ট ডিপ্লোমা কোর্সে আধুনিক মেশিন ট্রিটমেন্ট সহ (১বা ২ বছর) সবচেয়ে কম খরচে ভর্তি চলছে।

দমদম, শেওড়াফুলি, বালি স্টেশনের ঠিক পাশেই
**9432558877/9239545002**
**www.gyanpith.co.in**

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd. 29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



নিজস্ব প্রতিনিধি: সারাবছরই সার্জিক্যাল ব্যান্ডেজের চাহিদা থাকে। এই মেশিনটির সাহায্যে ব্যান্ডেজ তৈরি করে অর্ডার অনুযায়ী বিভিন্ন হসপিটাল, নার্সিংহোম বা ওষুধের দোকানে সাপ্লাই করতে পারেন। এই মেশিনের সঙ্গে আরও কিছু অ্যাটাচমেন্ট লাগালে এই মেশিনেই ডাক্তারদের ব্যবহার্য মাস্ক, টুপি, অ্যাপ্রন, গ্লাভস প্রভৃতিও তৈরি করা সম্ভব। তবে মনে রাখা প্রয়োজন, এই ব্যবসাটি যেখানে করবেন সেটি যদি কর্পোরেশন এলাকায় হয় তবে ট্রেড লাইসেন্স এবং যদি পঞ্চায়েত এলাকায় হয় তবে পঞ্চায়েত সার্টিফিকেট অবশ্যই প্রয়োজন।

**কীভাবে করবেন:** সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরির জন্য যে বিশেষ ধরনের কাপড় দরকার, তা সস্তায় পাওয়া যায় বসিরহাট এবং কলকাতার বড়বাজার অঞ্চলে। এই কাপড় কিনে এনে প্রথমে তাকে নির্দিষ্ট পদ্ধতিতে জীবাণুমুক্ত করে তবেই মেশিনে দিতে হবে। এবার মেশিনের নির্দিষ্ট জায়গায় কাপড়টি জড়িয়ে দিতে হবে। যে মাপের ব্যান্ডেজ তৈরি করতে চান কাটিং মেশিনের সাহায্যে সেই মাপ অনুযায়ী কেটে নিতে হবে। এরপর মেশিন চালু করলে ব্যান্ডেজ রোলার মেশিনে রোল হয়ে বেরিয়ে আসবে। কাটিং মেশিনটির জন্য মোটর লাগবে ½ হর্সপাওয়ার এবং ব্যান্ডেজ তৈরির মেশিনটির জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার। বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরসমেত ব্যান্ডেজ তৈরির মেশিনটির দাম পড়বে এক লাখ টাকা এবং মোটরসমেত কাটিং মেশিনটির দাম পড়বে ৫০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *বাড়ি-লাগোয়া ছোট জমিতে জৈব সার ও কীটনাশক ব্যবহার করে দেশীয় প্রজাতির সবজি ও শাকের চাষ করতে চাই। চাকরি থেকে অবসর নেব দু'মাস পরে। তখন এই বাগানের কাজকর্মের মধ্যে দিয়েই সময় কাটাতে চাই। চাষের পদ্ধতি শেখার জন্য একটা প্রাথমিক পাঠ নিতে চাই। কোথায় সে-ব্যবস্থা হতে পারে জানাবেন। —অয়ন মুখোপাধ্যায়, বাগুইআটি, কলকাতা।*

□□ ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন অ্যান্ড সার্ভিসেস সেন্টার স্বল্প জমিতে, বাড়ির ছাদে জৈব চাষের প্রশিক্ষণ দেয়। দেশীয় প্রজাতির বিভিন্ন শাক-সবজির বীজের সরবরাহও পাওয়া যায় এখান থেকে। যোগাযোগের ঠিকানা: ৫৮এ, ধর্মতলা রোড, বোসপুকুর, কসবা, কলকাতা-৪২। ফোন: ২৪৪২-৭০১১, ২৪৪১-১৬৪৬। ওয়েবসাইট: www.drcsc.org

□ *বছরের কোন সময় নাগাদ গ্রীষ্মের ফুলকপি ও টম্যাটোর চাষ শুরু করতে হবে? —সালাউদ্দিন মণ্ডল, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ গ্রীষ্মের টম্যাটোর চাষ করতে চাইলে উদ্যোগ নিতে হবে ডিসেম্বর মাস নাগাদ। চাষ শুরু করতে হবে জানুয়ারি মাসে। এপ্রিলের শেষে বা মে-র প্রথমে ফসল তোলা যাবে। গ্রীষ্মের ফুলকপির চাষ শুরু করতে হবে জুন মাসে। চারা তৈরি করতে হবে মে মাসে। ফলন পাওয়া যাবে অগস্ট মাস নাগাদ।

□ *কাঠের নানা হস্তশিল্পসামগ্রী তৈরি করি। হস্তশিল্প কারিগরের পরিচয়পত্র পেতে চাই। কীভাবে সেটা সম্ভব? —দীপক ঘরামি, কালনা, বর্ধমান।*

□□ আপনি ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট প্রমোশন সোসাইটিতে যোগাযোগ করতে পারেন। সোসাইটির ওয়েবসাইট থেকেও সচিত্র পরিচয়পত্রের জন্য আবেদনের ফর্ম ডাউনলোড করে নেওয়া যাবে। পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে সোসাইটির অফিসে। ঠিকানা: ২, চার্চ লেন, রুম নম্বর-৪০১, পদ্মতল, কলকাতা-১। ফোন: (০৩৩) ২২৪৩-৯১৮৮। ওয়েবসাইট: www.wbeps.com

তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন বর্ধমান জেলা শিল্পকেন্দ্রেও। ঠিকানা: পূর্ত ভবন, ষষ্ঠ তল, সদরঘাট, বর্ধমান-৭১৩ ১০১। ফোন: (০৩৪২) ২৬৬৪-০২১, ২৬৬৫-৪০০।

□ *কলমাই তৈরির প্রক্রিয়া শিখতে চাই। কোথায় শেখানো হয়? —সুকন্যা রায়, সল্টলেক, কলকাতা-৬৪।*

□□ এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় কলমাই তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। যোগাযোগের ঠিকানা: ১, আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: ২৪৭৯-১৭১৩।

□ *ব্যবসার জন্য জমি কেনার দরকার হলে সে বাবদ বিনিয়োগও কি প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্পের অধীনে মোট প্রকল্প-ব্যয়ের অন্তর্ভুক্ত হতে পারে? —দেবাশিস মণ্ডল, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ না, এই ঋণ প্রকল্পের আওতায় জমি কেনার খরচ প্রকল্পব্যয়ের অন্তর্ভুক্ত করা যাবে না।

**Combined Technical ব্যাচ শুরু 1st July (12.00 P.M.) থেকে। ভর্তি চলছে।**
RAIL এবং Technical চাকরির ক্ষেত্রে পূর্বভারতের নিরপেক্ষ বিস্ময় ঘটানো প্রতিষ্ঠান
তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল Govt. Regd.
আমাদের কোনো শাখা নেই
M. : 8820022385, 9681026768
FOR ITI, DIPLOMA & B.TECH STUDENTS : RAIL (SSE,JE, ALP,Technician),SAIL, MES, ORDNANCE, NTPC, DVC, TCL, PDCL, DRDO, BSNL
FOR MP, HS & Graduate students : RAIL (ASM, GOODS GUARDS, TC, CLERK) PSC, SSC, BANK, GR'D' etc.
ALP, Technician & Gr'D' স্পেশাল নতুন ব্যাচে ভর্তি চলছে।

**পশ্চিমবঙ্গ সরকার**
**যুব কল্যাণ দপ্তর**
**VOCATIONAL TRAINING INSTITUTE**
UNDER STATE YOUTH CENTRE, MOULALI, YOUTH SERVICE DEPT.
Govt. of West Bengal & WB URBAN ACADEMY-র যৌথ উদ্যোগে ★ ISO 9001:2015
Qualification - Madhyamik ✳ ভর্তি চলিতেছে

| ADVANCE DIPLOMA/DIPLOMA | | | CERTIFICATE | | |
|---|---|---|---|---|---|
| COURSE | DURATION | AMOUNT | COURSE | DURATION | AMOUNT |
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- | TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- | BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- | AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- | ANCHORING | 6 Months | 2,100/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- | ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

**MOULALI :**
New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row) Gr. Floor, (Behind GDA Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014
Ph. : 033-2249 2552 / 9433153569 / 9830275795
**DURGAPUR :**
2nd Administrative Building, City Centre,
Ph. : 0343 2544432 / 7074036478
**HOWRAH :**
158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema)
Near UCO Bank, Hazra Building, Howrah - 711101
Ph.: 9230704344/9143163495/9433045288
**SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE**
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/bandu Tirtha Club) Kol-78, Ph.: 9230704346
ভর্তি চলিতেছে | রবিবার খোলা

উৎকর্ষ বাংলা UTKARSH BANGLA
**পশ্চিমবঙ্গ স্কিল ডেভেলপমেন্ট সোসাইটির তত্ত্বাবধানে**
**যুবক/যুবতীদের স্বনির্ভরতার জন্য বিনা ফিতে TRAINING-এর বিশেষ সুবিধা**

| প্রশিক্ষন কেন্দ্র | কোর্সের নাম |
|---|---|
| **MOULALI** - Moulali, Kolkata-700 014, Ph. : 7980265702 | **Computer** - Data Entry Operator |
| **KALIKAPUR** - 732 PRBACHAL ROAD, (GITANJOLI BUS STOP) PH - 8240425239 / 8334924228 | **Computer** - Data Entry Operator |
| **NARENDRAPUR** - SD MATH, NARENDRAPUR, DIST-24 PGS. SOUTH, PH - 9230704345 | **Computer** - Data Entry Operator<br>**Beautician** - Bridal Makeup Artist |
| **DURGAPUR** - CITY CENTER, DURGAPUR-713216, BURDWAN (PASCHIM) PH. : 9378342732 | **Computer** - Data Entry Operator |
| **JOYNAGAR** - 193, NETAJI SUBHASH CHANDRA BOSE RD., NABAPALLY, WORD NO. 2, SOUTH 24 PGS, PH-79804 68623 | **Computer** - Data Entry Operator<br>**Beautician** - Bridal Makeup Artist |
| **SARBERIA** - AKUNJI BUILDING, SARBERIA NATUN BAZAR, SANDESHKHALI, SOUTH 24 PGS. PH. : 8346801356 | **Computer** - Data Entry Operator<br>**Beautician** - Bridal Makeup Artist |
| **RAIGANJ** - KARNAJHORA, UDAYAPUR, (OPP. CHANDITALA PLAY GROUND) DIST. UTTAR DINAJPUR PH. : 89187 70916 | **Beautician** - Beauty Therapist<br>**Computer** - Computer Accounting<br>**Electrical** - Electrical Workers<br>**Garments** - Embroidery Machine Operator<br>**Hardware** - Installation Technician-Computing & Peripherals<br>**Computer Accounting** - Associate-Learning FA |
| **MAL BAZAR** - CALTEX MORE, WARD NO. 2, MAL BAZAR, JALPAIGURI, PH. - 97330 71085 | **Tailoring** - Sewing Machine Operator |
| **NEW HASIMARA** - (NEAR RAIL GATE) DIST. ALIPURDUAR PH. : 8170010066 / 62965 79425 | **Beautician** - Bridal Makeup Artist<br>**Tourism** - Housekeeping Attendant (Manual Cleaning) Tour Guide<br>**Computer** - Data Entry Operator, CRM Domestic Voice<br>**Computer Accounting** - Associate-Learning FA |
| **NAGRAKATA** - SUKHANI BOSTI (NEAR BDO OFF.) NAGRAKATA, JALPAIGHURI, PH. : 8170010062 | **Computer** - Data Entry Operator<br>**Beautician** - Bridal Makeup Artist<br>**Nursing** - General Duty Assistant |
| **ALIPURDUAR** - BF ROAD, DIST. ALIPURDUAR, PH. : 9733071005 | **Computer** - Data Entry Operator<br>**Beautician** - Bridal Makeup Artist<br>**Tourism** - Tour Guide<br>**Tourism** - Housekeeping Attendant (Manual Cleaning)<br>**Nursing** - General Duty Assistant |

উপরিউক্ত কোর্স সমূহের জন্য উপযুক্ত ফ্যাকলটির প্রয়োজন। সত্তর দরখাস্ত পাঠান
Mail : urban.pmu@gmail.com

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১৬ জুন-২৮ জুন

**১৬ জুন** পশ্চিমবঙ্গের প্রাক্তন উচ্চশিক্ষা মন্ত্রী সত্যসাধন চক্রবর্তী প্রয়াত হলেন। সিপিএমের এই অধ্যাপক নেতা ১৯৮০ সালে দক্ষিণ কলকাতা লোকসভা আসন থেকে জিতে সাংসদও হয়েছিলেন। পরে চাকদহ বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে ২০০৬ সাল পর্যন্ত রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী ছিলেন তিনি। তাঁর লেখা বইও স্নাতক স্তরে জনপ্রিয় ছিল। প্রাক্তন উচ্চশিক্ষামন্ত্রীর প্রয়াণে শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## চার মাসে তিনবার চিনে গেলেন কিম



১৯ জুন: মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকের এক সপ্তাহের মধ্যেই চিন সফরে গেলেন উত্তর কোরিয়ার শাসক কিম জং উন। চিনা প্রেসিডেন্ট শি চিনফিংয়ের সঙ্গে আলোচনার জন্য মার্চ থেকে এই নিয়ে মোট তিন বার চিনে গেলেন কিম। বর্তমানে বেজিং-ওয়াশিংটন বাণিজ্য যুদ্ধ অন্য মাত্রা নিয়েছে। তার প্রেক্ষিতেই এই বৈঠক যথেষ্ট গুরুত্বপূর্ণ। তবে বৈঠকে কী আলোচনা হয়েছে তা জানা যায়নি। চিনা বিদেশ মন্ত্রকের মুখপাত্র জানিয়েছেন, বৈঠকের বিষয়বস্তু যথাসময় জানানো হবে। ছবি: পি টি আই

**১৭ জুন** ইতালি এবং মালটা ফিরিয়ে দিলেও সমুদ্রে ভেসে থাকা ৬৩০ জন শরণার্থীকে আশ্রয় দিল স্পেন। সে দেশের ভ্যালেনশিয়া বন্দরে শরণার্থীদের নামাল একটি স্বেচ্ছাসেবী সংস্থার উদ্ধারকারী জাহাজ 'অ্যাকুয়ারিয়াস'। আপাতত এই শরণার্থীদের এক মাসের জন্য স্পেনে থাকার অনুমতি দেওয়া হয়েছে। তাঁদের পাকাপাকি ভাবে থাকতে দেওয়া হবে কি না তা আলাদা করে বিচার বিবেচনা করে দেখা হবে বলে সরকার জানিয়েছে। মালটা ও ইতালি এই শরণার্থীদের জায়গা না দেওয়ায় একান্ত মানবিক কারণেই তাঁদের আশ্রয় দেওয়া হয়েছে বলে জানিয়েছেন সদ্য ক্ষমতায় আসা স্পেনের বামপন্থী প্রধানমন্ত্রী পেদ্রো স্যানচেজ।

**কেন্দ্র সিদ্ধান্ত নিল কাশ্মীরে সেনা** অভিযান বন্ধের মেয়াদ আর বাড়ানো হবে না। জঙ্গিদের বিরুদ্ধে ফের অভিযান শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে বাহিনীকে। এই সিদ্ধান্তকে 'দুর্ভাগ্যজনক' আখ্যা দিয়েছে মেহবুবা মুফতির দল পিডিপি। কাশ্মীরে শান্তি প্রক্রিয়া শুরু করতে এবং সাধারণ মানুষকে স্বস্তি দিতে রমজান মাস ও অমরনাথ যাত্রার কথা মাথায় রেখে কেন্দ্রকে সেনা অভিযান বন্ধ রাখতে অনুরোধ করেছিলেন মেহবুবা মুফতি। ওমর আবদুল্লার মতো বিরোধী নেতারাও সেই দাবি সমর্থন করেন। শেষপর্যন্ত রমজান মাসে জঙ্গিদের বিরুদ্ধে অভিযান বন্ধ রাখার সিদ্ধান্ত নেয় কেন্দ্র। কিন্তু পাকিস্তানি জঙ্গি সংগঠনগুলি প্রথম থেকেই এই সিদ্ধান্তকে আমল দিতে রাজি হয়নি। ফলে সন্ত্রাসও জারি ছিল। এ দিন কেন্দ্রের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, কাশ্মীরে সন্ত্রাসমুক্ত পরিবেশ তৈরি করা প্রয়োজন। যাঁরা সত্যিই জম্মু-কাশ্মীরের মানুষের স্বার্থে কাজ করতে চান তাঁদের উচিত হিংসায় মদতদাতাদের একঘরে করা।

**১৮ জুন** সীমান্ত সমস্যা মেটাতে ভারতের সামনে নতুন প্রস্তাব হাজির করল চিন। বেজিং জানিয়েছে এই মুহূর্তে ভারত বা চিন কেউই ডোকলামের মতো পরিস্থিতি চায় না। সমস্যা রয়েছে ভারত ও পাকিস্তানের মধ্যেও। এই অবস্থায় এলাকায় শান্তি স্থাপনের জন্য ভারত, চিন ও পাকিস্তানের একসঙ্গে শীর্ষ বৈঠকে বসার প্রস্তাব দিয়েছে তারা। নয়াদিল্লিতে নিযুক্ত চিনা রাষ্ট্রদূত লুয়ো ঝাউহুই এই প্রস্তাব দেন। চিনা রাষ্ট্রদূত এ ব্যাপারে চিন, রাশিয়া ও মঙ্গোলিয়ার উদাহরণ টেনে আনেন। তিনি বলেছেন, 'এমন ত্রিপাক্ষিক মঞ্চ যদি অন্যত্র হতে পারে তা হলে ভারত, পাকিস্তান আর চিন একসঙ্গে আলোচনার ক্ষেত্র গড়ে তুলতে পারবে না কেন?' তবে চিনা রাষ্ট্রদূতের প্রস্তাবে সায় দেয়নি ভারতের বিদেশ মন্ত্রক। নয়াদিল্লির তরফে স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে, ভারত ও পাকিস্তানের সঙ্গে আলোচনার ক্ষেত্রে কোনও তৃতীয় পক্ষকে সামিল করার সম্ভাবনা নেই।



“অভিবাসন নিয়ে ট্রাম্পের 'জিরো টলারেন্স' নীতির জন্য মার্কিন সীমান্তে গত কয়েক সপ্তাহে ২,৩০০ শিশু তাদের পরিবারের থেকে আলাদা হয়ে গিয়েছে। কীভাবে বাচ্চাদের পরিবারে কাছে ফিরিয়ে দেওয়া হবে, সেই চিন্তা আমাকে রাতভর জাগিয়ে রাখে।”

হিলারি ক্লিন্টন, *ডেমোক্র্যাট নেত্রী, মার্কিন যুক্তরাষ্ট্র*

*মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন-সংক্রান্ত 'জিরো টলারেন্স' নীতির বিরুদ্ধে সরব হয়ে*

## মহাকাশ বাহিনী গড়ার ঘোষণা ট্রাম্পের



১৯ জুন: আমেরিকা এখন নৌ, বায়ু ও স্থলসেনার পাশাপাশি এ বার মহাকাশ বাহিনীও গড়ে তুলতে চায় বলে ঘোষণা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেন, 'মহাকাশে পাড়ি দেওয়া দেশগুলির মধ্যে আমেরিকাই যে শ্রেষ্ঠ, তা ফের প্রমাণ করবে এই বাহিনী। জাতীয় নিরাপত্তার স্বার্থেও ব্যবহার করা হবে এই বাহিনীকে।' এই বাহিনীর দায়িত্বে থাকবেন জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান, জোসেফ ডানফোর্ড।

**১৯ জুন** পাকিস্তানের অস্ত্রভাণ্ডারে ভারতের চেয়ে বেশি পরমাণু বোমা রয়েছে বলে জানাল সুইডেনের এক বিশেষজ্ঞ সংস্থা। এর আগেও অবশ্য নানা সংস্থার রিপোর্টে পাকিস্তানের হাতে বেশি সংখ্যক পরমাণু বোমা থাকার কথা উঠে এসেছে। তবে বিশেষজ্ঞরা আরও জানিয়েছেন, কেবল সংখ্যা দিয়ে পরমাণু বোমার উপযোগিতার বিচার করা যায় না। বোমা কত কিলোটনের তার ওপর তার কার্যকারিতা নির্ভর করে। সুইডেনের সংস্থাটি জানিয়েছে,পাকিস্তানের হাতে এখন ১৪০-১৫০টি পরমাণু বোমা রয়েছে। ভারতের হাতে আছে ১৩০-১৪০টি। চিনের হাতে রয়েছে পাকিস্তানের দ্বিগুণ অর্থাৎ ২৮০টির মতো পরমাণু বোমা। সংস্থাটি আরও জানিয়েছে, তিনটি দেশই জল, স্থল ও আকাশ থেকে পরমাণু হামলা চালানোর উপযোগী ক্ষেপণাস্ত্রের সংখ্যা ও মান ক্রমাগত বাড়িয়ে চলেছে।

**আমেরিকাকে শরণার্থীদের ঘাঁটি হতে** দেবেন না বলে হুঁশিয়ারি দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। উল্লেখ্য, মার্কিন 'জিরো টলারেন্স' নীতির ফলে মার্কিন সীমান্তে শরণার্থী শিশুদের তাদের মা-বাবার থেকে আলাদা করে দেওয়া হচ্ছে। এর জন্য প্রবল সমালোচনার মুখেও পড়েছেন ট্রাম্প। ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্পও বলেছেন, এই নীতি ভয়ঙ্কর অমানবিক। এ দিন রাষ্ট্রপুঞ্জের শরণার্থী বিষয়ক হাই কমিশনার ফিলিপো গ্রান্ডি বলেন, 'পরিবার থেকে এ ভাবে শিশুদের বিচ্ছিন্ন করার ঘটনায় আমরা খুবই চিন্তিত। এ নিয়ে ট্রাম্প প্রশাসনের সঙ্গে আলোচনা চলছে।' অন্যদিকে, হোয়াইট হাউসে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, 'আমেরিকাকে কিছুতেই শরণার্থীদের ঘাঁটি হতে দেব না। আমার জমানাতে তো নয়-ই। ইউরোপের কী অবস্থা হয়েছে, আপনারা তো দেখছেন।' ট্রাম্প আরও দাবি করেছেন,'শিশুদের ব্যবহার করে সীমান্ত পার হচ্ছে সব চোর, খুনি আর ডাকাতের দল। এরা আমাদের দেশের বিপুল ক্ষতি করবে। বিপর্যয় ডেকে আনবে। যে দেশের সীমান্ত শক্তপোক্ত নয়, সে দেশের অস্তিত্বই সঙ্কটে।'

## কাশ্মীর থেকে সমর্থন তুলল বিজেপি



১৯ জুন: জম্মু-কাশ্মীরে মেহবুবা মুফতি সরকারের ওপর থেকে সমর্থন প্রত্যাহার করে নিল বিজেপি। কাশ্মীরের নেতা ও মন্ত্রীদের দিল্লি ডেকে পাঠিয়ে এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেন দলের সভাপতি অমিত শাহ। দেশের সবচেয়ে স্পর্শকাতর এবং সন্ত্রাসবাদের শিকার হওয়া রাজ্যে এই ঘটনার পরই মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দিয়েছেন পিডিপি নেত্রী মেহবুবা মুফতি। বিকল্প হিসেবে ন্যাশনাল কনফারেন্স, কংগ্রেস ও পিডিপি মিলে সরকার গড়া যেতে পারত। কিন্তু ন্যাশনাল কনফারেন্স নেতা ওমর আবদুল্লা রাজ্যপালকে গিয়ে জানিয়ে আসেন, তাঁরা সরকার গড়ার দাবি করছেন না। কংগ্রেস নেতা গুলাম নবি আজাদও একই কথা বলায় এ দিন সন্ধ্যে থেকেই কাশ্মীরে রাষ্ট্রপতি শাসন জারি হয়েছে। কাশ্মীরে বিজেপির দায়িত্বে থাকা রাম মাধব জানিয়েছেন, দেশের সংহতির বৃহত্তর স্বার্থের কথা ভেবে তাঁরা এই সিদ্ধান্ত নিয়েছেন। সে রাজ্যের পরিস্থিতি দ্রুত খারাপ হচ্ছিল। সেই পরিস্থিতি নিয়ন্ত্রণ করার স্বার্থেই এই সিদ্ধান্ত।

## শরণার্থী সঙ্কটে শিশুদের পাশে মার্কিন ফার্স্ট লেডি



২১ জুন: মেক্সিকো সীমান্তে শরণার্থী শিশুদের সঙ্কটে তাদের পাশে দাঁড়ালেন মার্কিন ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প। টেক্সাস প্রদেশের মেক্সিকো সীমান্তে এক অভিবাসী আটক কেন্দ্রে কয়েক ঘণ্টা ছিলেন তিনি। অভিবাসী আটক কেন্দ্রের কর্তাদের সঙ্গে বৈঠকে বসে মেলানিয়া বলেন, 'এই সব বাচ্চাকে যত তাড়াতাড়ি সম্ভব তাদের পরিবারের কাছে ফিরিয়ে দিতে আমি কী করতে পারি?' ঘরে-বাইরে প্রবল চাপের মুখে অবশ্য এর আগেই নিজের অবস্থান থেকে সরতে বাধ্য হয়েছেন ডোনাল্ড ট্রাম্প। কয়েকদিন আগেই শরণার্থী শিশুদের সঙ্কট মেটাতে প্রশাসনিক নির্দেশে সই করেছেন। হোয়াইট হাউসের ওভাল অফিসে ট্রাম্প বলেছেন, 'অভিবাসী শিশুদের পরিবার থেকে বিচ্ছিন্ন করা হচ্ছে দেখে আমার স্ত্রী মেলানিয়া খুবই ভেঙে পড়েছেন। এ ভাবে বাচ্চাদের আলাদা করার বিরোধিতা করেছে আমার মেয়ে ইভাঙ্কাও। আমিও এ ভাবে বাচ্চাদের বিচ্ছিন্ন করার বিরোধী।' তবে প্রেসিডেন্টের চারপাতা নির্দেশ অনুযায়ী, এখনও যারা অবৈধ ভাবে সীমান্ত পেরোনোর চেষ্টা করবেন, তাঁদের বিরুদ্ধে নির্দিষ্ট ব্যবস্থা নেওয়া হবে। তবে আটক করা হলেও এমন জায়গায় তাঁদের রাখা হবে যাতে পরিবারের বাকি সদস্য ও শিশুরা বিচ্ছিন্ন হয়ে না পড়ে।

**২০ জুন** রাষ্ট্রপুঞ্জ জানাল রূপান্তরকামীদের মানসিক রোগীর তকমা দেওয়া যাবে না। মানুষের মৃত্যুর কারণ হয়ে দাঁড়াতে পারে এমন সব অসুস্থতার কারণ সংক্রান্ত একটি নয়া তালিকা রাষ্ট্রপুঞ্জের তরফে প্রকাশিত হয়েছে। সেখানে 'মানসিক অসুস্থতা'র তালিকা থেকে সরিয়ে 'যৌন স্বাস্থ্য' সংক্রান্ত তালিকায় রাখা হয়েছে রূপান্তরকামীদের। হু-এর এক কর্তা বলেন, 'আশা করছি, এতে বৈষম্য কমবে।' ১৯৯০ সালের পর এই প্রথম তালিকার নবীকরণ হল।

**কেন্দ্রের মোদী সরকারের মুখ্য অর্থনৈতিক** উপদেষ্টার পদ থেকে ইস্তফা দিলেন অরবিন্দ সুব্রমনিয়ম। মেয়াদ ফুরনোর অনেক আগেই বিদায় নিলেন তিনি। রঘুরাম রাজন, অরবিন্দ পানাগাড়িয়ার পরে বিশ্বের প্রথম সারির আরও এক অর্থনীতিবিদ মোদী সরকারের সঙ্গে সম্পর্ক ত্যাগ করলেন। ২০১৯ -এর মে পর্যন্ত চুক্তি ছিল তাঁর। ব্যক্তিগত কারণে ইস্তফা দিলেন বলে জানালেও বিরোধীদের অভিযোগ আরএসএসের অপছন্দের ছিলেন বলেই সরে যেতে হল তাঁকে।

**২১ জুন** ভারত থেকে পাঠানো ইস্পাত ও অ্যালুমিনিয়ামে আমেরিকা শুল্ক বসানোয় পাল্টা পদক্ষেপ করল দিল্লিও। আমেরিকা থেকে আসা ২৯টি পণ্যে আমদানি শুল্ক বসানোর ঘোষণা করা হল। যার মধ্যে রয়েছে চিংড়ি, আপেল এবং গাড়িও। ইস্পাত ও অ্যালুমিনিয়ামে আমেরিকার শুল্ক বসানোর প্রতিবাদে এর আগেই অবশ্য বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লুটিও) দ্বারস্থ হয়েছে কেন্দ্রীয় সরকার। এ বার মার্কিন পণ্যে বাড়তি শুল্ক চাপিয়ে সরাসরি প্রত্যাঘাতের পথে হাঁটল তারা। অর্থ মন্ত্রক এক বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে, ৪ অগস্ট থেকে বর্ধিত শুল্ক কার্যকর হবে।

**২২ জুন** অগুস্তাওয়েস্টল্যান্ড কপ্টার কেলেঙ্কারির তদন্তে বড় রকম ধাক্কা খেল ভারত। অন্যতম অভিযুক্ত কার্লো ভালেন্তিনা জেরোসাকে ভারতের হাতে তুলে দিতে অস্বীকার করল ইতালি। গত অক্টোবরেই ইন্টারপোলের রেড কর্নার নোটিসে তাকে গ্রেপ্তার করেছিল ইতালি। এরপর নভেম্বরে সিবিআই জেরোসাকে প্রত্যর্পণের জন্য ইটালির কাছে অনুরোধ জানায়।

## অবসর চেলমেশ্বরের



২২ জুন: সুপ্রিম কোর্টের বিচারপতির পদ থেকে অবসর নিলেন জাস্তি চেলমেশ্বর। এ দিন ভোরেই দিল্লির বাংলো ছেড়ে অন্ধ্রপ্রদেশে গ্রামের বাড়িতে চলে যান তিনি। গত জানুয়ারিতে প্রবীণতম চার বিচারপতির বিদ্রোহে নেতৃত্ব দিয়েছিলেন বিচারপতি চেলমেশ্বর। তাঁর বাংলোতেই অভূতপূর্ব সাংবাদিক বৈঠক করে প্রধান বিচারপতি দীপক মিশ্রের বিরুদ্ধে কার্যত বিদ্রোহ ঘোষণা করেন শীর্ষ আদালতের চার প্রবীণতম বিচারপতি। গোটা ব্যাপারটিতে নেতৃত্ব দেন বিচারপতি চেলমেশ্বর। অভিযোগ এনেছিলেন, সরকারের চাপের কাছে মাথা নিচু করছে বিচার বিভাগ।

## 'মহারাজা'-র বিক্রি স্থগিত রাখল কেন্দ্র



১৯ জুন: এয়ার ইন্ডিয়া বিলগ্নিকরণের সিদ্ধান্ত স্থগিত রাখল কেন্দ্রীয় সরকার। বিমান সংস্থার পরিচালনা অব্যাহত রাখতে এবং সার্বিকভাবে সংস্থার মুনাফা অর্জনের লক্ষ্যে সরকার তাদের প্রয়োজনীয় তহবিল জোগাবে বলে কেন্দ্রের এক সূত্র জানিয়েছে। নির্বাচনের বছর বলেই কেন্দ্র এয়ার ইন্ডিয়া বিক্রি স্থগিত রেখেছে বলে মত রাজনৈতিক মহলের একাংশের। ঋণভারে জর্জরিত রাষ্ট্রায়ত্ত এই উড়ান সংস্থার ৭৬ শতাংশ বেসরকারিকরণের জন্য আগ্রহপত্র জমা দেওয়ার শেষ দিন ছিল ৩১ মে। কিন্তু, কেউই 'মহারাজা' কিনতে আগ্রহ দেখায়নি। এর পরও শেয়ারবাজারে নথিভুক্ত করে এয়ার ইন্ডিয়ার অংশীদারিত্ব বিক্রি করা যায় কি না সে ব্যাপারে চিন্তা ভাবনা চলছিল সরকারি মহলে। তবে বর্তমান সিদ্ধান্তে বিলগ্নিকরণের সব প্রক্রিয়াতে ইতি টানা হয়েছে।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স ২

**২২ জুন** রাজ্য সরকারের তৈরি পাহাড় উন্নয়ন কমিটির চেয়ারম্যানের পদ থেকে ইস্তফা দিলেন মন ঘিসিং। পাহাড়ের প্রয়াত জননেতা সুবাস ঘিসিংয়ের জন্মদিবসের অনুষ্ঠান মঞ্চ থেকেই পদ ছাড়ার কথা ঘোষণা করলেন তিনি। কার্শিয়াংয়ে দলের অনুষ্ঠান মঞ্চ থেকে মন জানিয়ে দিলেন, 'এখন দলের কাজেই পুরোপুরি মন দেব। চেয়ারম্যান পদ থেকে ছুটি নিচ্ছি। রাজ্যের হাতে সসম্মানে এইচডিসি ফিরিয়ে দেব।' মন ঘিসিং আরও বলেন, 'আমি বাবার ইচ্ছে পূরণ করতে দার্জিলিংকে ষষ্ঠ তফসিলের আওতায় এনে স্থায়ী সমাধানের লক্ষ্যেই স্থির থাকতে চাই।'

**অল পাকিস্তান মুসলিম লিগ** (এপিএমএল)-এর চেয়ারম্যানের পদ থেকে পদত্যাগ করলেন পাকিস্তানের প্রাক্তন প্রেসিডেন্ট পারভেজ মুশারফ। এপিএমএল-এর সভাপতি মহম্মদ আমজাদ জানান, পাক নির্বাচন কমিশনে ইস্তফাপত্র পাঠিয়েছেন মুশারফ। আমজাদকে উদ্ধৃত করে পাক সংবাদমাধ্যম এ দিন জানিয়েছে, ১৮ জুন পদত্যাগ করেছেন মুশারফ।

**২৩ জুন** ১৯৭৯ সালের পর এই প্রথম ইরানের কোনও ফুটবল স্টেডিয়ামে গিয়ে খেলা দেখার প্রবেশাধিকার পেলেন সে দেশের মহিলারা। গত ২০ জুন বিশ্বকাপ ফুটবলে স্পেন ও ইরানের খেলার দিন সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়, মহিলারা তেহরানের আজাদি স্টেডিয়ামে ম্যাচের সরাসরি সম্প্রচার দেখতে পারবেন। রক্ষণশীল এই দেশে অতীতে খেলা দেখার 'অপরাধে' বহুবার শাস্তি পেতে হয়েছে মেয়েদের। গত মার্চেও ৩৫ জন মহিলাকে গ্রেপ্তার করা হয়েছিল ফুটবল ম্যাচ দেখার 'অপরাধে'। এখন অবশ্য অগ্রিম জানানো হয়েছে ম্যাচ দেখতে মেয়েদের বাধা দেওয়া হবে না।

**২৪ জুন** কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ১৯৮৫-র ২৩ জুন এয়ার ইন্ডিয়ার বিমান 'কনিষ্ক'-য় বোমা বিস্ফোরণকে দেশের ইতিহাসে 'সবচেয়ে ভয়ঙ্কর সন্ত্রাসবাদী হানা' বলে চিহ্নিত করলেন। টরন্টো থেকে লন্ডন যাচ্ছিল বিমানটি। আয়ারল্যান্ড উপকূলের কাছে রেডার থেকে হারিয়ে যায় সেটি। বিস্ফোরণে ৩২৯ জন নিহত হন।

**সৌদি আরবে মেয়েদের গাড়ি চালানোর** ওপর থেকে নিষেধাজ্ঞা উঠে গেল। তরুণ সৌদি রাজা মহম্মদ বিন সলমন সম্প্রতি ঘোষণা করেছিলেন, 'কট্টর মতাদর্শের দিন শেষ'। তাঁর হাত ধরেই স্টিয়ারিংয়ে বসার অধিকার পেলেন সৌদি মেয়েরা। পশ্চিম এশিয়ার একমাত্র এই দেশেই এখনও মেয়েদের গাড়ি চালানো নিষিদ্ধ ছিল। কোনও পুরুষ সঙ্গী গাড়ি চালাতে না পারলে ড্রাইভার রাখতে হত। মেয়েদের এই অধিকার দেওয়া 'বাড়াবাড়ি' হবে কি না, সে নিয়ে বিতর্কও চলেছে দীর্ঘদিন। অবশেষে বিতর্কের অবসান ঘটল।

## তুরস্কে জয়ী এরডোয়ান



২৫ জুন: আনুষ্ঠানিকভাবে ফল ঘোষিত হওয়ার আগেই নিজেকে জয়ী বলে ঘোষণা করে দিলেন তুরস্কের প্রেসিডেন্ট রেচেপ তায়েপ এরডোয়ান। ৫৩ শতাংশ ভোট পেয়ে ক্ষমতায় ফিরলেন তিনি। ২০০৩-২০১৪ সাল পর্যন্ত তিনিই ছিলেন দেশের প্রধানমন্ত্রী। তারপর থেকে তিনি প্রেসিডেন্ট। ১৫ বছর ধরে দেশ শাসন করছেন তিনি। পার্লামেন্টকে দুর্বল করে দেওয়া হয়েছে তুরস্কয়। প্রধানমন্ত্রীর পদ থাকলেও এখন আর কিছু নেই। পরাজিত বিরোধী প্রার্থী মুহারম ইনশে জানিয়েছেন, ভোটগ্রহণ থেকে ফলপ্রকাশ, নির্বাচনের পুরোটাই অস্বচ্ছ। একনায়কের শাসনের বিপজ্জনক অধ্যায়ে ঢুকতে চলেছে তুরস্ক। ভোটের আগে প্রচারে দারুণ সাড়া পাওয়া সত্ত্বেও ইনশে পেয়েছেন ৩১ শতাংশ ভোট। অন্যদিকে, মজবুত অর্থনীতি ও স্বাস্থ্যক্ষেত্রে দারুণ পরিষেবা এনে দিয়ে এরডোয়ান জয় পেলেও তাঁর বিরুদ্ধে অভিযোগের তালিকা বেশ দীর্ঘ— মতের মেরুকরণ, সংবাদমাধ্যম ও বিরোধীদের কণ্ঠরোধ এবং অন্তত ১ লক্ষ ৬০ হাজার মানুষকে জেলে পাঠানো প্রভৃতি। বিভিন্ন পর্যবেক্ষক গোষ্ঠীর অভিযোগ, সব চেয়ে বেশি জেলবন্দি সাংবাদিক রয়েছে তুরস্কে।

## ট্রাম্পের নির্দেশ বহাল মার্কিন সুপ্রিম কোর্টে




২৬ জুন: পাঁচটি মুসলিম প্রধান দেশ থেকে আমেরিকায় প্রবেশ করা নিয়ে ডোনাল্ড ট্রাম্প সরকার গত বছর যে নিষেধাজ্ঞা জারি করেছিল তা বহাল থাকল মার্কিন সুপ্রিম কোর্টের রায়ে। গত বছর সেপ্টেম্বরে এই নিষেধাজ্ঞা জারি হওয়ার পর তার বিরুদ্ধে আদালতে যায় হাওয়াই সহ বেশ কয়েকটি রাজ্য। এই নির্দেশিকাকে মুসলিম বিরোধী বলে আখ্যা দিয়ে তাকে আটকে দেয় নিম্ন আদালত। এ দিন মার্কিন শীর্ষ আদালত জানিয়েছে, এই নিষেধাজ্ঞার ফলে মার্কিন অভিবাসী আইন লঙ্ঘন কিংবা সরকারের দিক থেকে কোনও একটি ধর্মের মানুষের প্রতি বৈষম্যমূলক আচরণের যে অভিযোগ বিরোধী পক্ষ থেকে করা হয়েছিল তা তারা প্রমাণ করতে পারেনি। প্রধান বিচারপতি জন রবার্টস বলেন, 'দেশের নিরাপত্তা বজায় রাখতে এই নির্দেশিকা যথেষ্ট যুক্তিযুক্ত বলে মনে করছে আদালত।'

**২৫ জুন** প্রাক্তন ফুটবলার ও এখনকার নামী ফুটবল কোচ সুভাষ ভৌমিককে ঘুষের মামলায় তিন বছরের কারাদণ্ড দিল সিবিআইয়ের বিশেষ আদালত। এ দিন আলিপুরের আদালতের বিচারক এই শাস্তির সঙ্গে তাঁর এক লক্ষ টাকা জরিমানাও করেন। পরে ব্যাঙ্ক গ্যারান্টি দিয়ে জামিন পেয়েছেন বিশিষ্ট এই কোচ। শীঘ্রই উচ্চ আদালতে আবেদন করবেন বলে জানিয়েছেন সুভাষবাবুর আইনজীবী। কেন্দ্রীয় উৎপাদন শুল্ক বিভাগের সুপার থাকাকালীন ২০০৫ সালের ২ ডিসেম্বর দক্ষিণ কলকাতায় এক ব্যক্তির কাছ থেকে দেড় লক্ষ টাকা ঘুষ নিতে গিয়ে ধরা পড়েন সুভাষ ভৌমিক।

**উত্তপ্ত নাইজিরিয়ায় জাতি সংঘর্ষের পর** দেশের পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে, দেশবাসীর উদ্দেশে শান্তি বজায় রাখার বার্তা দিলেন নাইজিরিয়ার প্রেসিডেন্ট মুহাম্মাদু বুহারি। উল্লেখ্য, সে দেশের বারিকিন লাড়ি মালভূমি অঞ্চলে বেরম চাষিদের সঙ্গে যাযাবর ফুলানি সম্প্রদায়ের সংঘর্ষে প্রাণ হারিয়েছেন ৮৬ জন। গুরুতর আহত ৬ জন। এলাকায় কার্ফু জারি করা হয়েছে।

**২৬ জুন** প্রভিডেন্ট ফান্ডের অছি পরিষদের বৈঠকে সিদ্ধান্ত হল কারো চাকরি চলে যাওয়ার ৩০ দিন পরেই প্রভিডেন্ট ফান্ডের ৭৫ শতাংশ টাকা তুলে নেওয়া যাবে। ফের চাকরি না পেলে বাকি ২৫ শতাংশ টাকাও দু'মাস পরে তুলে নিতে পারবেন সদস্যরা। তবে ৭৫ শতাংশ টাকা তোলার পর আরও ৩০ দিনের মধ্যে চাকরি পেলে পুরনো অ্যাকাউন্টই বহাল থাকবে। এর আগে চাকরি যাওয়া বা অবসরের দু'মাস পরে একবারেই পুরো টাকা তোলা যেত।

**এখন থেকে মোবাইল অ্যাপেই** পাসপোর্টের জন্য আবেদন করা যাবে বলে জানালেন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ। এ দিন 'পাসপোর্ট সেবা দিবস' উপলক্ষে বিদেশমন্ত্রী এই নতুন পরিষেবার কথা ঘোষণা করেছেন। গুগল প্লে স্টোরেই পাওয়া যাবে 'পাসপোর্ট সেবা' নামে ওই অ্যাপটি। বিদেশমন্ত্রী জানান, অ্যাপের মাধ্যমে দেশের যে কোনও প্রান্ত থেকে যে কেউ পাসপোর্টের জন্য আবেদন জানাতে পারবেন। অ্যাপে দেওয়া ঠিকানাতেই পুলিশ ভেরিফিকেশন হবে।

**প্যালেস্তিনীয় শরণার্থীদের জন্য পঞ্চাশ** লক্ষ মার্কিন ডলার আর্থিক অনুদানের কথা ঘোষণা করল ভারত। এ ছাড়াও রাষ্ট্রপুঞ্জের 'রিলিফ অ্যান্ড ওয়ার্কস এজেন্সি ফর প্যালেস্টাইন রিফিউজিস'-এ আরও ১৯টি দেশ আর্থিক সাহায্য করবে। মার্কিন প্রেসিডেন্টের নির্দেশে আমেরিকা বার্ষিক আর্থিক অনুদানের পরিমাণ ভীষণভাবে কমিয়ে দেওয়ায় প্রবল সঙ্কটে পড়েছে সংস্থার কোষাগার।

**চিন সফর থেকে ফিরে এসেই ভারতের** উদ্দেশে মৈত্রীর বার্তা দিলেন নেপালের প্রধানমন্ত্রী কে পি ওলি। তিনি জানান, রাজনৈতিক লাভের জন্য কোনও চাল দেওয়ায় বিশ্বাসী নয় নেপাল সরকার। তাঁর বক্তব্য, ভারত ও চিন— দুই দেশের সঙ্গেই আন্তরিক সম্পর্ক গড়তে চায় নেপাল। নেপাল-চিন ঘনিষ্ঠতা নিয়ে নয়াদিল্লি কিছুটা উদ্বিগ্ন বুঝতে পেরেই তড়িঘড়ি ওলির এমন বার্তা বলে মনে করছেন কূটনীতিকরা।

**রাষ্ট্রপুঞ্জের সভায় কাশ্মীর নিয়ে** পাকিস্তানের দাবির তীব্র প্রতিবাদ জানাল ভারত। এ দিন রাষ্ট্রপুঞ্জের বিতর্ক সভার বিষয় ছিল, যুদ্ধাপরাধ, গণহত্যা, জাতিনিধন কিংবা মানবাধিকার লঙ্ঘন রুখতে রাষ্ট্রের দায়িত্ব। পাক প্রতিনিধি মলিহা লোধি বলেন, 'কাশ্মীরিদের স্বাধীনতা এবং অধিকার ছিনিয়ে নিয়ে সেখানে গণহত্যা চালাচ্ছে ভারত।' রাষ্ট্রপুঞ্জে ভারতের ফার্স্ট সেক্রেটারি সন্দীপকুমার বায়াপু সঙ্গে সঙ্গে পাল্টা তোপ দাগেন। তিনি জানান, কাশ্মীরের মানুষের কথা পাকিস্তানকে ভাবতে হবে না। জম্মু-কাশ্মীর ভারতেরই অংশ। কাশ্মীর নিয়ে অনধিকার চর্চা করে রাষ্ট্রপুঞ্জের মূল্যবান সময় নষ্ট করছে ইসলামাবাদ। শুধু পাকিস্তান নয়, এ দিন ভারত পরোক্ষে নিরাপত্তা পরিষদেরও সমালোচনা করেছে। ওই বিতর্কসভার পরিপ্রেক্ষিতেই রাষ্ট্রপুঞ্জে ভারতের স্থায়ী প্রতিনিধি সৈয়দ আকবরউদ্দিন প্রশ্ন তুলেছেন, 'গণহত্যা, জাতিনিধন কিংবা যুদ্ধাপরাধ রোখার ক্ষেত্রে রাষ্ট্রের যে দায়িত্ব পালনের কথা বলা হচ্ছে, নিরাপত্তা পরিষদ কি আদৌ তা এগিয়ে নিয়ে যেতে পারবে?'

## ভারতে এসে পাক বিরোধী বার্তা নিকি হ্যালির




২৮ জুন: ভারত সফরে এসে নয়াদিল্লিতে এক অনুষ্ঠান মঞ্চ থেকে পাকিস্তানকে কড়া বার্তা দিলেন রাষ্ট্রপুঞ্জে মার্কিন দূত নিকি হ্যালি। অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় সন্ত্রাস প্রসঙ্গে কথা বলতে গিয়ে নিকি বলেন, 'পাকিস্তান ক্রমশ সন্ত্রাসবাদীদের আঁতুড়ঘর হয়ে উঠছে। আর আমরা তা কখনওই বরদাস্ত করব না। ইসলামাবাদকে ইতিমধ্যেই এ নিয়ে কড়া বার্তা দিয়েছে ওয়াশিংটন।'

**২৭ জুন** ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক স্থগিত করে দিল আমেরিকা। ওয়াশিংটনে এই বৈঠকে মার্কিন বিদেশ সচিব মাইক পম্পেয়ো এবং মার্কিন প্রতিরক্ষাসচিব জেমস ম্যাটিসের সঙ্গে প্রতিরক্ষা, বাণিজ্য ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করার কথা ছিল বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ ও প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারামনের। গত কয়েকদিন ধরে ভারত-মার্কিন শুল্ক বিষয়ে চলা মতবিরোধ এই বৈঠক বাতিলের কারণ কি না তা নিয়ে জল্পনা চলছে কূটনীতিকদের মধ্যে। **ইরান থেকে আমদানি করা তেলে** ভারতকেও ছাড় দিতে রাজি নয় আমেরিকা। ৪ নভেম্বরের মধ্যে ইরান থেকে অশোধিত তেল আমদানি বন্ধ করতে হবে। তা না হলে নেমে আসবে আর্থিক নিষেধাজ্ঞা। ভারত-সহ সমস্ত দেশকেই এই হুঁশিয়ারি দিয়েছে আমেরিকা। সৌদি আরব সহ ওপেক দেশগুলি এবং রাশিয়া সম্প্রতি তেলের উৎপাদন বাড়াতে রাজি হওয়ায় বিশ্ব বাজারে তেলের দাম বর্তমানে কিছুটা কমতে শুরু করেছিল। কিন্তু ইরান থেকে তেল আমদানিতে এই নিষেধাজ্ঞা আগামী দিনে তেলের দাম দ্রুত বাড়ার আশঙ্কা তৈরি করেছে।

**২৮ জুন** রাশিয়ায় বিশ্বকাপ ফুটবলের গ্রুপ লিগের খেলা শেষ হল। ৩২টি দলের মধ্যে থেকে শেষ ষোলয় পৌঁছেছে উরুগুয়ে, রাশিয়া, স্পেন, পর্তুগাল, ফ্রান্স, ডেনমার্ক, ক্রোয়েশিয়া, আর্জেন্তিনা, ব্রাজিল, সুইৎজারল্যান্ড, সুইডেন, মেক্সিকো, বেলজিয়াম, ইংল্যান্ড, কলম্বিয়া, জাপান। এ বারের বিশ্বকাপের সেরা অঘটন জার্মানির শেষ ষোলয় যেতে না পারা। বিশ্বকাপের ইতিহাসে এই প্রথমবার তারা গ্রুপ পর্যায় থেকেই বিদায় নিল। এশীয় দলগুলির মধ্যে একমাত্র জাপানই পৌঁছেছে প্রি কোয়ার্টার ফাইনাল পর্যায়ে।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ

ফুরোবার আগেই সংগ্রহ করুন
পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
রেলে ৬২৯০৭ গ্রুপ 'সি'
রাজ্য পুলিশে ৫৭০২ কনস্টেবল

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
রেল সুরক্ষা বাহিনীতে ৮৬১৯ কনস্টেবল ১১২০ সাব-ইনস্পেক্টর
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ও আরও অনেক কিছু

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৮'-এ বসতে চাই। জিওলজিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —শ্রেয়া সাহা, রাজারামপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৭'-র মাধ্যমে জিওলজিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জিওলজিক্যাল সায়েন্স বা জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা জিও-এক্সপ্লোরেশন বা মিনারেল এক্সপ্লোরেশন বা ইঞ্জিনিয়ারিং জিওলজি বা মেরিন জিওলজি বা আর্থ সায়েন্স অ্যান্ড রিসোর্স ম্যানেজমেন্ট বা ওশানোগ্রাফি অ্যান্ড কোস্টাল এরিয়া স্টাডিজ বা পেট্রোলিয়াম জিওসায়েন্স বা পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন বা জিওকেমিস্ট্রি বা জিওলজিক্যাল টেকনোলজি বা জিওফিজিক্যাল টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

□ *ইউ পি এস সি আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষা বিষয়ে বিশদে জানতে চাই। —পলাশ সামন্ত, গৌরহাটি, হুগলি।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই হয় তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষার প্রথম পত্রে থাকবে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স-সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন-সংক্রান্ত প্রশ্ন। বিষয়ভিত্তিক এই পত্রের জন্য বরাদ্দ নম্বর ২০০। সময় ৩ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়। (২) ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়। (৩) ৩.৫ মিটারের লং জাম্প (সর্বাধিক ৩টি সুযোগে)। (৪) ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। তৃতীয় পর্যায়ে থাকবে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। ওয়েবসাইট: www.upsc.gov.in

## উচ্চশিক্ষা

□ *উচ্চমাধ্যমিকের পর আইন নিয়ে পড়তে চাই। 'ক্ল্যাট' পরীক্ষার বিষয়ে বিস্তারিত জানাবেন। —বিশাখা দাস, কালীদহ, পুরুলিয়া।*

□□ কমন ল অ্যাডমিশন টেস্ট বা 'ক্ল্যাট' একটি সর্বভারতীয় পরীক্ষা। এই পরীক্ষায় সফল হলে ভারতের প্রথম সারির ১৬টি আইন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া যায়। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অন্তত ৪৫ শতাংশ নম্বর। তফসিলি প্রার্থীরা নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। ২০ বছরের মধ্যে বয়স থাকা চাই। তফসিলিরা ২২ বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারেন। 'ক্ল্যাট'-এ ২০০ নম্বরের জন্য ২০০টি প্রশ্নের উত্তর লিখতে হবে ২ ঘণ্টার মধ্যে। পরীক্ষায় থাকবে ৪০ নম্বরের ইংরেজি (কম্প্রিহেনশন-সহ), জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স ৫০ নম্বর, এলিমেন্টারি ম্যাথমেটিক্স ২০ নম্বর, লিগ্যাল অ্যাপ্টিটিউড ৫০ নম্বর এবং লজিক্যাল রিজনিং বিষয়ে ৪০ নম্বর। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর করে কাটা যাবে। খুঁটিনাটি তথ্য বিষয়ে বিশদে জানার জন্য দেখুন এই ওয়েবসাইট: www.clat.ac.in

## নার্সিং

□ *দিল্লি এইমসে নার্সিং অফিসার পদের জন্য দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —নীলাঞ্জন দে, রাধানগর, বাঁকুড়া।*

□□ দিল্লি এইমসে নার্সিং অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি বা বি এসসি (অনার্স) বা বি এসসি (পোস্ট-সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বি এসসি। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা এবং সেইসঙ্গে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org অনলাইন দরখাস্ত করার শেষ তারিখ ১২ জুলাই।

□ *ভারতীয় সেনাবাহিনীতে নার্সিং কোর্স করে মিলিটারি নার্সিং সার্ভিসে যোগ দিতে চাই। এই কোর্স বিষয়ে বিশদে জানালে উপকৃত হব। —দেবাংশী পালচৌধুরি, আন্দুল, হাওড়া।*

□□ ৪ বছরের বি এসসি নার্সিং কোর্স পড়িয়ে মিলিটারি নার্সিং সার্ভিসে নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। পড়ানো হয় সামরিক বাহিনীর নার্সিং কলেজে। এই কোর্স চলাকালীন পড়াশোনা, থাকা-খাওয়ার জন্য কোনও খরচ নেই। কোর্স শেষে চাকরি হবে মিলিটারি নার্সিং সার্ভিসে, পার্মানেন্ট বা শর্ট সার্ভিস কমিশনে। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি নিয়ে এবং মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। পাশ করে থাকতে হবে প্রথম বারের পরীক্ষাতেই। প্রার্থী বাছাই করা হয়ে থাকে একটি অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষার মাধ্যমে। দেড় ঘণ্টার পরীক্ষা। প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, বায়োলজি, ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল ইন্টেলিজেন্স বিষয়ে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ইন্টারভিউ। বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

## পি এস সি

□ *কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় স্নাতকোত্তর ডিগ্রি পাশ করেছি। ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের বিভিন্ন সরকারি ডিগ্রি কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে আবেদন করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? —অঞ্জন কর্মকার, মামুদপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের বিভিন্ন সরকারি ডিগ্রি কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। পাশাপাশি, মাধ্যমিক বা সমতুল, উচ্চমাধ্যমিক বা সমতুল, স্নাতক— সব স্তরেই মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। এ ছাড়া প্রার্থীকে অবশ্যই নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। তবে ইউ জি সি স্বীকৃত পি এইচ ডি ডিগ্রি থাকলে নেট বা সেট বা স্লেট উত্তীর্ণ না হলেও চলবে। ১৯-৯-১৯৯১ সালের আগে পি এইচ ডি করা থাকলে স্নাতকোত্তরে নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। তফসিলি প্রার্থীরা স্নাতক ও স্নাতকোত্তরে নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। খুঁটিনাটি তথ্য জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.pscwb.org.in

## কোর্স, ট্রেনিং

□ *সেন্ট জেভিয়ার্স কলেজে মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —মানস প্রধান, মঙ্গলডিহি, বীরভূম।*

□□ মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট জেভিয়ার্স কলেজ। প্রশিক্ষণ দেবে কলেজের কম্পিউটার সেন্টার অ্যান্ড সেন্ট্রাল কম্পিউটিং ফেসিলিটিজ বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে জুলাই মাসে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ড্রয়িং ও স্কেচিংয়ে দক্ষতা থাকতে হবে। ক্লাস হবে সপ্তাহে তিন দিন করে, বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত (শনিবারের ক্ষেত্রে বিকেল ৩টে থেকে ৫টা)। কোর্স ফি ৩৫,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৮ জুলাই (বুধবার), বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৬টা। সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর দক্ষতা যাচাই করা হবে। সফলদের তালিকা প্রকাশিত হবে ২০ জুলাই। ১৬ জুলাইয়ের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sxccal.edu অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা।

□ *এ এস আই-এর ইনস্টিটিউট অব আর্কিওলজি থেকে আর্কিওলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবব্রত দত্ত, আদ্রা, পূর্ব বর্ধমান।*

□□ আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার ইনস্টিটিউট অব আর্কিওলজি থেকে আর্কিওলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ শতাংশে) নম্বর-সহ আর্কিওলজি, অ্যানথ্রোপলজি, প্রাচীন বা মধ্য ভারতীয় ইতিহাস বা জিওলজি (বিশেষত প্লেস্টোসিন যুগ)-তে স্নাতকোত্তর ডিগ্রি। এ ছাড়া সংস্কৃত, পালি, প্রাকৃত, আরবি বা পারসি-র মধ্যে যে-কোনও একটি ভাষায় স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে। বাছাই করা প্রার্থীদের এর পর লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ নেওয়া হবে। মোট ১২টি পত্রের পরীক্ষা হবে। পত্রগুলি হল যথাক্রমে: প্রিন্সিপল্স অ্যান্ড মেথড অব আর্কিওলজি, অ্যাপ্লিকেশন অব সায়েন্স ইন আর্কিওলজি, প্রিহিস্ট্রি, প্রোটোহিস্ট্রি, হিস্টোরিক্যাল আর্কিওলজি, আর্ট অ্যান্ড ইকোনোগ্রাফি, আর্কিটেকচার, এপিগ্রাফি অ্যান্ড নিউমিসম্যাটিক্স, মিউজিওলজি, স্ট্রাকচারাল কনজার্ভেশন অব মনুমেন্টস, কেমিক্যাল প্রিজার্ভেশন অব মনুমেন্টস অ্যান্ড অ্যান্টিকুইটিস, অ্যান্টিক্যুয়েরিয়ান লজ্। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.asi.nic.in

## অন্যান্য চাকরি

□ *পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে ফার্মাসিস্ট পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —প্রণয় বসু, সবং, পশ্চিম মেদিনীপুর।*

□□ পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে ফার্মাসিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে ফার্মাসিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা ব্যাচেলর্স ডিগ্রি। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল ফার্মাসি কাউন্সিলে ফার্মাসিস্ট ('এ' ক্যাটেগরি) হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.wbhrb.in

□ *ভারতীয় নৌবাহিনীতে খেলোয়াড় কোটায় সেলর র‍্যাঙ্কে ডিরেক্ট এন্ট্রি পেটি অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সবুজ বর্ধন, সাহাপুর, হাওড়া।*

□□ ভারতীয় নৌবাহিনীতে খেলোয়াড় কোটায় সেলর র‍্যাঙ্কে ডিরেক্ট এন্ট্রি পেটি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। খেলাধুলার যোগ্যতা: দলগত ইভেন্টের ক্ষেত্রে জুনিয়র বা সিনিয়র লেভেলে আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরে প্রতিনিধিত্ব করে থাকতে হবে। ব্যক্তিগত ইভেন্টের ক্ষেত্রে সংশ্লিষ্ট খেলায় জাতীয় স্তরে সিনিয়র লেভেলে অন্তত ষষ্ঠ স্থান বা জুনিয়র লেভেলে অন্তত তৃতীয় স্থান বা ইন্টার ইউনিভার্সিটি মিটে তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in সাধারণ ডাকে ৯ জুলাইয়ের মধ্যে দরখাস্ত পৌঁছনো চাই এই ঠিকানায়: THE SECRETARY, INDIAN NAVY SPORTS CONTROL BOARD, 7th Floor, Chankya Bhavan, INTEGRATED HEADQUARTERS, MoD (NAVY), NEW DELHI 110 021.

নাম : ..........
ঠিকানা : ..........
..........
..........
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## চাকরির নামে প্রতারণা: চাকরি পাইয়ে দেওয়ার নাম করে টাকা আত্মসাৎ

'কর্মক্ষেত্র' পত্রিকার 'চাই সুবিচার' বিভাগে একটা গুরুতর সমস্যার কথা তুলে ধরতে চাই। কলকাতা ও কলকাতা সংলগ্ন কয়েকটি জেলায় বেশ কিছু ভুয়ো কনসালটেন্সি সংস্থা রমরমিয়ে ব্যবসা করছে। উচ্চবেতনের চাকরি পাইয়ে দেওয়ার নাম করে তারা দরিদ্র, অসহায়, বেকার যুবক-যুবতীদের কাছ থেকে রেজিস্ট্রেশন ফি, ট্রেনিং বাবদ ফি এবং অন্যান্য বিভিন্ন খাতে টাকা-পয়সা হাতিয়ে নিচ্ছে। কিন্তু চাকরি দিচ্ছে না। গত ছ'মাসের মধ্যে আমি নিজে এরকমই দু'টি কনসালটেন্সিতে টাকা দিয়ে সম্পূর্ণভাবে প্রতারিত হয়েছি। শিয়ালদহের একটি সংস্থা আমার কাছ থেকে ২,৯০০ টাকা নিয়েছিল খড়গপুরে চাকরির ব্যবস্থা করে দেবে বলে।

**সম্প্রতি কলকাতা ও কলকাতা সংলগ্ন কয়েকটি জেলায় বেশ কিছু ভুয়ো কনসালটেন্সি সংস্থা রমরমিয়ে ব্যবসা করছে। উচ্চবেতনের চাকরি পাইয়ে দেওয়ার নাম করে তারা দরিদ্র, অসহায়, বেকার যুবক-যুবতীদের কাছ থেকে রেজিস্ট্রেশন ফি, ট্রেনিং বাবদ ফি এবং অন্যান্য বিভিন্ন খাতে টাকা-পয়সা হাতিয়ে নিচ্ছে। কিন্তু চাকরি দিচ্ছে না। গত ছ'মাসের মধ্যে আমি নিজে এরকমই দু'টি কনসালটেন্সিতে টাকা দিয়ে সম্পূর্ণভাবে প্রতারিত হয়েছি।**

টাকা দিয়েছিলাম জানুয়ারি মাসে। চাকরি তো জোটেইনি, উল্টে আজ পর্যন্ত আমার টাকাও ফেরত দেয়নি ওই সংস্থা। প্রথমে ফোন করলে দু'তিনদিন পরে করতে বলত, ক্রমশ ফোন ধরা ছেড়ে দিল। এখন তো ফোন 'সুইচ অফ' আছে বলে। গত মার্চ মাসে আবার একই ভুল করলাম। চাকরির আশ্বাসে ফের অন্য একটি ভুয়ো কনসালটেন্সি সংস্থাকে আমি ৪,০০০ টাকা দিই। তারা অজন্তা কোম্পানিতে প্যাকিং সুপারভাইজার হিসেবে কাজ দেবে বলেছিল। মাসিক বেতন ৯,০০০ টাকা। একমাস ঘোরানোর পর এরা আমার ভোটার কার্ড (অরিজিনাল) জমা রেখে দিয়ে আমাকে সিকিউরিটি পদে ১২ ঘণ্টার কাজ করতে বাধ্য করায়। বেতন দেড় হাজার টাকা। কনসালটেন্সি সংস্থাকে কমিশন দিয়ে হাতে পাব ৮২০ টাকা। দু'সপ্তাহ কাজ করে ভোটার কার্ডটা কোনও ক্রমে হস্তগত করেই চাকরিটা ছেড়ে দিয়েছি।

বর্তমানে খুব খারাপ পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছি। স্বীকার করছি, আমিই যেচে ফাঁদে পা দিয়েছিলাম, কিন্তু এই জালিয়াতির কোনও সুবিচার পাব না? থানায় লিখিত অভিযোগ জানিয়েছি। কিন্তু আড়াই মাস হয়ে গেল, তদন্তের কোনও অগ্রগতিই হয়নি। পুলিশের তরফেও জানানো হয়েছে, দু'টি ফোন নম্বরই ধরাছোঁয়ার বাইরে। এখনও খবরের কাগজে চাকরি দেওয়ার নাম করে বহু সংস্থার বিজ্ঞাপন নিয়মিত প্রকাশিত হয়ে থাকে। চাকরির নাম করে বহুবিধ স্বাচ্ছন্দ্যের হাতছানি থাকে বিজ্ঞাপনের পঙক্তিতে পঙক্তিতে। এইসব ঠগ, প্রতারক কনসালটেন্সির বিরুদ্ধে সাধারণ মানুষ রুখে দাঁড়াক। নাগরিক সমাজ সতর্ক থাকলে এইসব সংস্থা কিছুতেই জালিয়াতি করতে পারবে না। বেকার যুবক-যুবতীদের অসহায়তা ও হতাশার কারণে রমরমিয়ে চলা জালিয়াতির এই কারবার বন্ধ হবে প্রশাসন যথাযথ ব্যবস্থা নিলে।

প্রবাল মৈত্র, উত্তমপুর, নদিয়া।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

**= SYD (SUM YEAR DIGIT)**

এবার Function Arguments-এর মাধ্যমে কীভাবে SYD (SUM YEAR DIGIT)-এর মান বের করা যায় তা শিখব। আমাদের উদাহরণটি ছিল এইরকম:

কোনও এক ব্যক্তি তার ব্যবহারের জন্য একটি গাড়ি ক্রয় করলেন। গাড়িটির ক্রয়মূল্য 50000 টাকা এবং তা ব্যবহার করা যাবে 4 বছর। ব্যবহারকাল শেষে এর অপচয়মূল্য হবে 20000 টাকা।

তাহলে যদি চতুর্থ বছরের Depreciation বের করতে চাই—

এর syntax-টি হল: = syd (cost, salvage, life, period)

যেখানে, Cost = 50,000 টাকা

Salvage = 20,000 টাকা

Life = 4 বছর

Period = 4 (যেহেতু চতুর্থ বছরের Depreciation বের করতে চাই)

এবার Function Arguments-এর মাধ্যমে কীভাবে Depreciation বের করব, দেখে নেওয়া যাক—

➪ Formula → Financial → SYD




➪ Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।

➪ Cost, Salvage, Life এবং Period-এর ঘরে যথাক্রমে 50000, 20000, 4 এবং 4 লিখুন অথবা 'SYD'-র worksheet-টি খুলে যে Cell-গুলিতে Cost, Salvage, Life এবং Period-এর value রয়েছে সেই Cell-গুলিতে ক্লিক করুন।

➪ দেখুন Formula Result-এ 3000 দেখাচ্ছে।




ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



**কম্পিউটারের হার্ডওয়্যার ও নেটওয়ার্কিংয়ের কাজকে পেশা করতে হলে কী কী শিখতে হবে? — দেবজিৎ পাল, নদিয়া।**

☐☐ সফটওয়্যারের প্রাথমিক জ্ঞান অর্জনের পর আপনাকে কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং শিখতে হবে। এ বিষয়ে যথেষ্ট জ্ঞান অর্জনের পর কাজ শুরু করতে পারেন। সেইসঙ্গে সিসিএনএ, এমসিএসই বা আরএইচসিই পরীক্ষা দিয়ে সফল হলে কাজের সুযোগ ও সম্ভাবনা অনেক বেড়ে যাবে।

**কম্পিউটারে 'ফায়ারওয়াল' কীভাবে কাজ করে? —বিকাশ সাউ, ঘোষ পাড়া রোড, উত্তর ২৪ পরগনা।**

☐☐ কম্পিউটার সিস্টেমের বাইরে থেকে আসা তথ্য বিশ্বাসযোগ্য বা নির্ভরযোগ্য মনে না হলে তা এই 'ফায়ারওয়াল' সিস্টেমটির সাহায্যে আটকে দেওয়া যায়। পার্সোন্যাল কম্পিউটার এবং বিস্তৃত নেটওয়ার্কের ক্ষেত্রেও এটি ব্যবহার করা যায়। যে-কোনও কম্পিউটারের কন্ট্রোল প্যানেলে সিকিউরিটি সেন্টার-এর মধ্যে এই নিরাপত্তা চালু করা বা বন্ধ রাখার ব্যবস্থা আছে।

**ব্যাঙ্কিং বা ফিনানশিয়াল সেক্টরে ক্লার্ক পদে কাজ করতে হলে কম্পিউটারের কী কী শিখতে হয়? — প্রবালকুমার বিশ্বাস, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।**

☐☐ যে-কোনও ব্যাঙ্ক বা ফিনানশিয়াল সেক্টরে ক্লার্ক পদে কাজ করতে হলে উইন্ডোজ, এম এস অফিস ও ইন্টারনেট সংক্রান্ত কাজ ভালোভাবে জানা থাকতে হবে। এছাড়া সংস্থার নিজস্ব সফটওয়্যারেও কাজ হয়। সেগুলি অবশ্য যাঁরা চাকরি পান তাঁদের পরে আলাদা ভাবে শিখিয়ে নেওয়া হয়।

BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL

An ISO 9001 : 2008 Certified Institute

ADMISSION OPEN

(Estd. in 1997)

SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT

A Unit of "Sumana Foundation"

AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"

( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)

SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA

কোর্স শেষে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরির লিখিত গ্যারান্টি

বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত

Email: sihm97@gmail.com

Visit Us : www.sihm.co.in

TRAINING & PLACEMENT Only in 5 STAR HOTELS in India & Abroad

100% PLACEMENT TILL DATE

RAMADA PLAZA PALM GROVE · Radisson · Marriott · Sun n Sand · ROYAL ORCHID · INTER-CONTINENTAL · TAJ · PRIDE · THE LaLiT · Welcomhotel Rama International · CLARKS GROUP OF HOTELS · THE KENILWORTH · HYATT · SAROVAR

HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)

(Near Central Park, Oppsite of Fish Farm)

For Admission Contact : 9831616989 / 9830852189



www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*সাফল্যের কোনও গোপন রহস্য নেই। প্রস্তুতি, পরিশ্রম এবং ব্যর্থতা থেকে শিক্ষাগ্রহণের যোগফলই সাফল্য।*
*— কলিন পাওয়েল*
*(প্রাক্তন মার্কিন বিদেশসচিব)*

***✓ আর্টস শাখায় প্রথম শ্রেণিতে উচ্চমাধ্যমিক পাশ করেছি এবছর। ৬৫ শতাংশ নম্বর আছে। মাধ্যমিকের পরে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছিলাম। নিজের কম্পিউটার নেই। মাঝে মাঝে সাইবার কাফেতে গিয়ে প্র্যাক্টিস করি। যত দ্রুত সম্ভব চাকরি পাওয়ার দরকার আমার। কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং শেখার ইচ্ছা এখন। যাই হোক, চাকরির খবর দেবেন।***

*অতনু ভট্টাচার্য, বেলঘরিয়া, উত্তর ২৪ পরগনা-৭০০ ০৫৬।*

☐ উচ্চমাধ্যমিকের পরে কিছু চাকরি আছে। উচ্চমাধ্যমিকে প্রথম বিভাগীয় নম্বর থাকায় চাকরি পেতে সুবিধা হবে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** নদিয়া জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে ৫০জন সেক্রেটারি নিয়োগ করা হবে। অন্তত উচ্চমাধ্যমিক পাশ হলে এবং কম্পিউটারের ৬ মাসের কোর্স করে থাকলে এই পদে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২৯ জুন সংখ্যায় 'নদিয়ায় পঞ্চায়েত সেক্রেটারি' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৯ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nadia.gov.in এই চাকরির বিজ্ঞপ্তি নম্বর: 1008/P & RD/DLSC

নদিয়া জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে ৫০জন সেক্রেটারি নিয়োগ করা হবে। অন্তত উচ্চমাধ্যমিক পাশ হলে এবং কম্পিউটারের ৬ মাসের কোর্স করে থাকলে এই পদে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২৯ জুন সংখ্যায় 'নদিয়ায় পঞ্চায়েত সেক্রেটারি' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৯ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nadia.gov.in

২৩৯জন পোস্টম্যান ও মেলগার্ড নেবে ডাকবিভাগ। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে। অন্তত মাধ্যমিক পাশ হলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২২ জুন সংখ্যায় 'পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৩৯' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ১৭ জুলাইয়ের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://pmgwbrecruit.in/wbpmgjune18/

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকে প্রথম বিভাগীয় নম্বর থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর এবং কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। রেলের গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান) পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট কালেক্টর ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করা যায়। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে এ রাজ্যের পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভায় সহায়ক পদে আবেদন করতে পারবেন।

***✓ উচ্চমাধ্যমিক পাশ করলাম এবছর। একটি সান্ধ্য কলেজে ভর্তি হতে চলেছি। বি কম পড়ার ইচ্ছা। কিন্তু আমার একটা চাকরির খুব দরকার। চাকরির খোঁজ দিলে খুব উপকার হবে আমার।***

*সমরেশ দেবনাথ, বেহালা, কলকাতা-৬৪।*

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতার কিছু চাকরির জন্য আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে কত শতাংশ নম্বর আছে জানালে চাকরি বাছাই করতে সুবিধা হত। যাই হোক, চাকরির জন্য লিখিত পরীক্ষায় বসতে হবে। পরীক্ষার প্রস্তুতি নিতে শুরু করুন।

***এখনই আবেদন করতে পারেন:*** ২৩৯জন পোস্টম্যান ও মেলগার্ড নেবে ডাকবিভাগ। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে। অন্তত মাধ্যমিক পাশ হলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২২ জুন সংখ্যায় 'পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৩৯' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ১৭ জুলাইয়ের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://pmgwbrecruit.in/wbpmgjune18/

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর এবং কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। রেলের গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান) পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট কালেক্টর ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে এ রাজ্যের পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভায় সহায়ক পদে আবেদন করতে পারবেন।

***✓ ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি এবছর। ৫৭ শতাংশ নম্বর পেয়েছি। আমার উচ্চতা ১৫৯ সেমি। সাঁতারে আমার খুব আগ্রহ। আমি ইন্ডিয়ান নেভিতে চাকরি করতে চাই। এখন কি নেভিতে দরখাস্ত করতে পারি?***

*সোহম চৌধুরী, বেলুড়, হাওড়া।*

☐ শিক্ষাগত যোগ্যতা ও উচ্চতার নিরিখে আপনি নেভির অফিসার ক্যাডারের ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারবেন। ট্রেনিং হয় ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির কোর্সে। লিখিত পরীক্ষা নেয় ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। লিখিত পরীক্ষায় সফল হলে কয়েকদিন ধরে চলে ইন্টেলিজেন্স টেস্ট, পারসেপশন টেস্ট, গ্রুপ টাস্ক ইত্যাদি। সফল হলে ৩ বছরের ট্রেনিং। ট্রেনিং শেষে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় থেকে বি এসসি বা বি এসসি (কম্পিউটার) অথবা বি টেক ডিগ্রি পাওয়া যায়। তারপরে ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে পেশাদারি ট্রেনিং হবে। নিয়োগ হবে অফিসার র‍্যাঙ্কে। পরীক্ষা ও নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানিয়ে দেওয়া হয়।

***এখনই আবেদন করতে পারেন:*** বেশকিছু নাবিক নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী (কোস্টগার্ড)। ফিজিক্স ও অঙ্ক মিলিয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৯ জুন সংখ্যায় 'কোস্টগার্ডে নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১০ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

***✓ ফিজিওথেরাপির ডিপ্লোমা করেছি উচ্চমাধ্যমিক পাশ করার পরে। চাকরির খোঁজ চলছে। চাকরির সন্ধান দেবেন।***

*সুরজিত মাইতি, বেহালা, কলকাতা।*

☐ সরকারি-বেসরকারি হসপিটাল, নার্সিং হোম, হেলথ ক্লাব, রিহ্যাবিলিটেশন সেন্টার, হাসপাতাল আছে, এমন বড় বড় সংস্থায় ফিজিওথেরাপিস্টের চাকরি আছে।

## প্রস্তুতি সঠিক হলে একের পর এক চাকরি পাবেন



**সুতনু সিনহা**
পার্টনার, বিজনেস রিস্ট্রাকচারিং সার্ভিসেস, বি ডি ও; ফেলো মেম্বার, ইনস্টিটিউট অব কোম্পানি সেক্রেটারিজ অব ইন্ডিয়া (আই সি এস আই); মেম্বার, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটরস, লন্ডন; প্রাক্তন ডিরেক্টর, কানাড়া ব্যাঙ্ক; প্রাক্তন চিফ এক্সিকিউটিভ, আই সি এস আই

প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষার প্রধানতম শর্তই হল প্র্যাক্টিস। কলেজ-বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় যত ভালোই রেজাল্ট থাক না কেন আপনার, ধারাবাহিক অনুশীলনের প্রক্রিয়াটাকে এড়িয়ে যাওয়া যাবে না। পরীক্ষার হলে ম্যানেজ করে নেব, এমন মানসিকতারও কোনও জায়গা নেই এক্ষেত্রে। কলেজ-বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা আর বেশির ভাগ চাকরির পরীক্ষার ধরনের মধ্যে পার্থক্য রয়েছে। এখন বেশিরভাগ চাকরির পরীক্ষাতেই অবজেক্টিভ টাইপ প্রশ্ন হয়। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কত বেশি সঠিক উত্তর দিতে পারছেন, তার ওপরেই নির্ভর করবে আপনার সাফল্যের বিষয়টি।

এখন, কেমন চাকরি আপনি করতে চান, সেটা একটা বিবেচ্য বিষয়। চাকরির ধরনটা নির্দিষ্ট করে নিতে পারলে সেই বা সেইসব চাকরির পরীক্ষার ধরনধারণ সম্পর্কেও আপনি আগে থেকে অবহিত হওয়ার সুযোগ পাবেন। পরীক্ষার সিলেবাস আপনার গাইড হবে। সিলেবাস খুব খুঁটিয়ে দেখতে হবে। সিলেবাস অনুসারে পড়াশোনা চলবে। যদি কয়েক বছরের পরীক্ষার প্রশ্নপত্র সংগ্রহ করতে পারেন তবে-তো খুবই ভালো। সিলেবাস ও পূর্ববর্তী প্রশ্নপত্রগুলোর মধ্যে তালমিলটা ধরার চেষ্টা করুন। সিলেবাস বিচার-বিশ্লেষণ করলে আপনার শক্তি-দুর্বলতা সম্পর্কে একটা আঁচ পাবেন। কিন্তু যে-বিষয়টা ভালো জানেন বলে মনে করছেন, প্রস্তুতির ক্ষেত্রে সেটাকেও অবহেলা করা চলবে না। অনুশীলনে ফাঁক রাখলেও চলবে না।

সিলেবাস অনুসারে কিছুদিন পড়াশোনা করার পরে শুরু করুন অনুশীলন পর্ব। নিজেই নিজের পরীক্ষা নিন। এখন বিভিন্ন ওয়েবসাইটে গিয়ে মক টেস্ট দেওয়া যায়। এ ব্যবস্থাতেও অনুশীলন চলতে পারে। অনুশীলনের মধ্য দিয়েই প্রস্তুতির ফাঁক-ফোকরগুলো ধরতে পারবেন। যে জায়গাগুলোতে আটকে যাচ্ছেন, সেগুলো মেরামত করুন। এই পর্যায়ে পড়াশোনা ও অনুশীলন চলবে একইসঙ্গে। এর ফলস্বরূপ দেখবেন, সামগ্রিকভাবে প্রস্তুতির এই প্রক্রিয়াটা কার্যত একটা নেশার মতো হয়ে উঠেছে। কোনও প্রশ্নের উত্তর দিতে না পারলে যতক্ষণ সেই উত্তর খুঁজে বের না করতে পারছেন, ততক্ষণ যেন আপনার শান্তি নেই। যতক্ষণ অনেক প্রশ্নের উত্তর দিতে পারছেন, ততক্ষণ এই উচাটন অবস্থাটা তৈরি হয় না। যখন ১০০টার মধ্যে ৭৫-৮০টা প্রশ্নের উত্তর করতে পারছেন, তখনই আরও উত্তর করার রোখটা চেপে বসে। এই অবস্থায় এসে জানবেন, আপনি পরীক্ষায় বসার উপযুক্ত হয়ে উঠেছেন।

চাকরির পরীক্ষার প্রস্তুতি একটা ধারাবাহিক প্রক্রিয়া। ধৈর্যের সঙ্গে প্রক্রিয়াটা চালিয়ে যেতে হবে। মাঝপথে হাল ছেড়ে দিলে চলবে না। প্রস্তুতির প্রক্রিয়ায় ঢিলে দিলেও চলবে না। সঠিক প্রক্রিয়ায় প্রস্তুতি নিলে আপনি এক নয়, একাধিক চাকরির পরীক্ষায় সফল হবেন।

চাকরির পরীক্ষার প্রস্তুতি একটা ধারাবাহিক প্রক্রিয়া। ধৈর্যের সঙ্গে প্রক্রিয়াটা চালিয়ে যেতে হবে। মাঝপথে হাল ছেড়ে দিলে চলবে না। প্রস্তুতির প্রক্রিয়ায় ঢিলে দিলেও চলবে না। সঠিক প্রক্রিয়ায় প্রস্তুতি নিলে আপনি এক নয়, একাধিক চাকরির পরীক্ষায় সফল হবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে ১৯৩জন ফিজিওথেরাপিস্ট নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৯ জুন সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ১৯৩ ফিজিও-থেরাপিস্ট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৯ জুলাইয়ের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in

রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে ১৯৩জন ফিজিওথেরাপিস্ট নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৯ জুন সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ১৯৩ ফিজিওথেরাপিস্ট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে ফিজিওথেরাপিস্ট পদে আবেদন করতে পারবেন। দামোদর ভ্যালি কর্পোরেশন, এয়ার ইন্ডিয়া, হিন্দুস্থান অ্যারোনটিক্স লিমিটেড, ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন, ভারত ইলেক্ট্রনিক্সের মতো সংস্থাগুলিতে ফিজিওথেরাপিস্টের চাকরি আছে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?

✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)

✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাষ-আবাদের নতুন প্রেক্ষাপটে হাল ধরবে শিক্ষিত তরুণ-তরুণীরাই —পৃঃ ১৩

কর্মক্ষেত্র

# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

## আমাদের লক্ষ্য বছরে ৬ লক্ষ ছেলেমেয়েকে কারিগরি শিক্ষায় শিক্ষিত করে তোলা



'উৎকর্ষ বাংলা', 'মুক্তিধারা' প্রভৃতি প্রকল্পের মাধ্যমে এ রাজ্যের ছেলেমেয়েদের প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু করেছে রাজ্য সরকার। এ রাজ্যের উদ্যোগপতিদের সঙ্গে যৌথভাবে প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারেও কথাবার্তা চলছে। প্রতিবছর ৬ লক্ষ ছেলেমেয়েকে দক্ষতাবৃদ্ধির প্রশিক্ষণ দেওয়াই লক্ষ্য। 'কর্মক্ষেত্র'র সঙ্গে একান্ত সাক্ষাৎকারে জানালেন পশ্চিমবঙ্গের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তরের মন্ত্রী পূর্ণেন্দু বসু।

**কর্মক্ষেত্র:** *প্রথমেই জানতে চাইব, এ রাজ্যের যেসব ছেলেমেয়ে কারিগরি বিষয় নিয়ে পড়তে চায়, তাঁদের জন্য সরকারি ব্যবস্থাপনা কী আছে?*

**পূর্ণেন্দু বসু:** পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তরের সঙ্গে ২৪৮টি সরকারি ও বেসরকারি আই টি আই কলেজ ট্রেনিং দেওয়ার জন্য চুক্তিবদ্ধ। এখানে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিংয়ের ২ বছরের সার্টিফিকেট কোর্স করা যায়। বিভিন্ন বিষয়ে ভোকেশনাল ট্রেনিং নিতে পারেন অষ্টম থেকে দ্বাদশ শ্রেণির ছেলেমেয়েরা। লেভেল-১ থেকে লেভেল-৪ পর্যন্ত চারটি ভাগে ট্রেনিং দেওয়া হয়। ভোকেশনাল ট্রেনিং পাশ করার পর সরাসরি আই টি আইয়ের যে-কোনও ট্রেডে ভর্তি হওয়া যায়। এক্ষেত্রে আই টি আইয়ে ভর্তির পর ছেলেমেয়েদের ১ বছর কম পড়তে হবে। আবার, আই টি আই পাশ করে প্রার্থী পলিটেকনিকে ভর্তি হতে পারেন। এক্ষেত্রেও ১ বছর কম পড়তে হবে। পলিটেকনিক পাশের পর ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সে ল্যাটেরাল এন্ট্রির মাধ্যমে ভর্তি হওয়ারও সুযোগ রয়েছে। এসবের জন্য আমাদের মোট তিনটি বিভাগ বা ডিরেক্টরেট রয়েছে— (১) টেকনিক্যাল এডুকেশন ও ট্রেনিং (২) ডিরেক্টরেট অব ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট (৩) ডিরেক্টরেট অব ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং।

**কর্মক্ষেত্র:** *আইটিআই বা ডিপ্লোমা কোর্স শেষ হওয়ার পর প্রতিষ্ঠানগুলিতে ক্যাম্পাসিং হয় কি?*

**পূর্ণেন্দু বসু:** প্রতিষ্ঠানেই ক্যাম্পাসিং হয়। বিভিন্ন বাণিজ্যিক সংস্থা ক্যাম্পাসিংয়ে যোগ দেয়, ক্যাম্পাসিংয়ের মাধ্যমে ছেলেমেয়েদের চাকরিও হয়। কারিগরি দপ্তর এই বিষয়ে নজরও রাখে।

**কর্মক্ষেত্র:** *কারিগরি শিক্ষা দপ্তর আয়োজিত কোর্সগুলি ফি কত?*

**পূর্ণেন্দু বসু:** কারিগরি দপ্তরের যে-কোনও ভোকেশনাল কোর্স সম্পূর্ণ বিনামূল্যে করানো হয়। তবে ডিপ্লোমা ও আই টি আইয়ে পড়ার ক্ষেত্রে কলেজের ফি দিতে হয়।

**কর্মক্ষেত্র:** *গ্রামাঞ্চলের ছেলেমেয়েদের জন্য এই মুহূর্তে কিছু ভাবছেন কি?*

**পূর্ণেন্দু বসু:** গ্রাম ও মফস্সলের ছেলেমেয়েদের জন্য কর্মমুখী ট্রেনিংয়ের ব্যবস্থা করা হবে। ছেলেমেয়েরা ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, প্লাম্বিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ওয়্যারিং, হেলথ ও ওয়েলনেস-সহ বিভিন্ন বিষয়ে নিজেদেরই পঞ্চায়েত এলাকায় ট্রেনিং নিতে পারবেন। এই ট্রেনিংয়ের ব্যবস্থা বিভিন্ন জেলার নোডাল অফিস করবে। এইসব ট্রেনিং কোর্সে ভর্তির জন্য প্রার্থীকে অন্তত অষ্টম শ্রেণি পাশ হতে হবে।

**কর্মক্ষেত্র:** *শহরের ছেলেমেয়েদের স্বনির্ভরতার জন্য বিশেষ কিছু ভাবছেন কি?*

**পূর্ণেন্দু বসু:** শহরের ছেলেমেয়েদের স্বনির্ভরতার জন্য একটি নতুন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যেই জর্জ টেলিগ্রাফের সঙ্গে কথা হয়েছে। বিভিন্ন সরকারি ও সরকার পোষিত স্কুলে অষ্টম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত কিছু কর্মমুখী কোর্সের প্রশিক্ষণ ছেলেমেয়েদের দেওয়া হবে। প্রযুক্তিনির্ভর যুগে কীভাবে নিজেকে এগিয়ে রাখতে হবে, পড়াশোনা চলাকালীন কিংবা পড়াশোনা শেষ করার পর কীভাবে প্রযুক্তিকে কাজে লাগিয়ে রোজগার করা যাবে, সেই বিষয়ে কিছু কর্মমুখী প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা করা হচ্ছে। আপাতত শহরে এটি শুরু হলেও, খুব শিগগিরি গ্রামের পড়ুয়াদের কাছেও এই ব্যবস্থা পৌঁছে দেওয়া হবে। এই কোর্সটিকে আমরা 'স্কুল লেভেল কোর্স' বলব।

**কর্মক্ষেত্র:** *অনেক ক্ষেত্রেই দেখা যায়, আই টি আই কোর্স পাশ করার পর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়া থাকলে প্রার্থীর চাকরির বাজারে কদর বাড়ে। অনেক সময় ট্রেনিংয়ের ১ বছরের মেয়াদকাল প্রার্থীর অভিজ্ঞতা হিসেবেও গণ্য করা হয়। রাজ্যের টেকনিক্যাল এডুকেশন বিভাগ অ্যাপ্রেন্টিসশিপ আইন অনুসারে আরও বেশি ছেলেমেয়েদের ট্রেনিং নেওয়ার ব্যবস্থা করে দিতে পারে কি?*

**পূর্ণেন্দু বসু:** অবশ্যই। আই টি আই কোর্স পাশ করার পর ১৯৬১ সালের আপ্রেন্টিসশিপ আইন অনুসারে ছেলেমেয়েরা বিভিন্ন সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে পারেন ও ট্রেনিং নিতে পারেন। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং চলাকালীন প্রার্থী স্টাইপেন্ড পান। ট্রেনিংয়ের সুযোগ আগের তুলনায় অনেক বেড়েছে।

**কর্মক্ষেত্র:** *প্রতিবছর কতজন ছেলেমেয়ে পাশ করে চাকরি পাচ্ছেন?*

**পূর্ণেন্দু বসু:** আমাদের লক্ষ্য প্রতি বছর প্রায় ৬ লক্ষ ছেলেমেয়েকে ট্রেনিং দেওয়া। ছেলেমেয়েদের পাশের হার ও চাকরি পাওয়া প্রার্থীর সংখ্যা ভালোই। সঠিক শতাংশের হিসাব এখনই বলতে পারছি না। তবে ইঞ্জিনিয়ারিং সংস্থা বা ফ্যাক্টরির সংখ্যা তো কমছে। তাই সফট স্কিলস, অটোমোবাইল-সহ বিভিন্ন বিষয়ে ট্রেনিং দেওয়ার পরিকল্পনা করা হচ্ছে। এর জন্য কিছু সংস্থার সঙ্গে কারিগরি ভবনের মউ স্বাক্ষরিত হয়েছে। আপাতত মারুতি সুজুকির নামটাই বলছি। এছাড়া আরও অনেক সংস্থা আছে, যেখানে আই টি আই পাশ ছেলেমেয়েরা অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে পারেন।

**কর্মক্ষেত্র:** *ভালো খাবারের ব্যবসা এখন ভালো চলছে। ফুড প্রসেসিং ট্রেড আই টি আই বা ৬ মাসের ভোকেশনাল ট্রেনিংয়ের অন্তর্গত হতে পারে কি?*

**পূর্ণেন্দু বসু:** ভোকেশনাল ট্রেনিং শুধুমাত্র স্কুলস্তরেই করানো হয়। এখনও পর্যন্ত

এরপর পনেরোর পাতায়



> ছেলেমেয়েরা ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, প্লাম্বিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ওয়্যারিং, হেলথ ও ওয়েলনেস-সহ বিভিন্ন বিষয়ে নিজেদেরই পঞ্চায়েত এলাকায় ট্রেনিং নিতে পারবেন। এই ট্রেনিংয়ের ব্যবস্থা বিভিন্ন জেলার নোডাল অফিস করবে। এইসব ট্রেনিং কোর্সে ভর্তির জন্য প্রার্থীকে অন্তত অষ্টম শ্রেণি পাশ হতে হবে।

## স্বনিযুক্তি ও চাকরি সহায়ক ৪ কোর্সে ভর্তি চলছে

**আমদানি-রপ্তানি, পর্যটন, ব্যবসা-সংগঠন, জি এস টি-সহ হিসাবরক্ষা-সংক্রান্ত একাধিক কোর্স পড়া যাচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে। স্বনিযুক্তি ও চাকরি— উভয়ক্ষেত্রেই সহায়ক হবে এই চার কোর্স। এখন ভর্তি চলছে।**



**নিজস্ব প্রতিনিধি:** প্রতিযোগিতামূলক বাজারে যে-ব্যবসাই আপনি করতে চান না কেন, তার জন্য প্রথমেই একটা আঁটোসাঁটো পরিকল্পনা থাকার দরকার। কীসের ব্যবসা, কোথায় এবং কীভাবে বিপণন, পুঁজির সংস্থান কীভাবে হবে, এইসব পুঙ্খানুপুঙ্খ ভাবে জানা থাকতে হবে। সেইসঙ্গে সেই ব্যবসা যেসব আইনকানুনের আওতায় থেকে করতে হবে, সে সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকাটাও জরুরি। যাকে বলে আটঘাট বাঁধা, ব্যবসা করতে আসার আগে সেই প্রস্তুতিটা নিতেই হবে। না থাকলে সফল ব্যবসার পত্তন ও পরিচালনায় নেতৃত্ব দেওয়া যাবে না। আমদানি-রপ্তানি, পর্যটন সংক্রান্ত ব্যবসা এবং সার্বিকভাবে ছোট ব্যবসার গোড়াপত্তন ও পরিচালনা ও ই-অ্যাকাউন্টিং সংক্রান্ত কয়েকটি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। কোর্সগুলি করানো হবে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে দূরশিক্ষা ব্যবস্থায়। পড়ানো হবে এইসব কোর্স— ● এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ● ট্রাভেল অ্যান্ড ট্যুরিজমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ● এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্টের ডিপ্লোমা ● ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি-র সার্টিফিকেট কোর্স।

### এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট

বিশ্বজোড়া খোলাবাজারের জন্য আমদানি-রপ্তানি ব্যবসায় জোয়ার এসেছে। বাংলা থেকেও অন্য দেশে রপ্তানি হচ্ছে ইঞ্জিনিয়ারিং, চর্মজাত ও বিভিন্ন হস্তশিল্পসামগ্রী আর সেইসঙ্গে সবজি, ফল, ফুল। একইভাবে অন্য দেশের বিবিধ সামগ্রী আমদানি করে এ-দেশের বাজারে বিপণনের সুযোগও বেড়েছে। কিন্তু আমদানি-রপ্তানির ব্যবসা করার জন্য কিছু নির্দিষ্ট আইনগত বিধি মেনে চলতে

এরপর পনেরোর পাতায়





অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মেধাবীদের জন্য স্কলারশিপ

**২০১৮ সালে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে দারুণ ফল করেছেন? উচ্চশিক্ষায় বাধা হয়ে দাঁড়াচ্ছে আর্থিক অনটন? একাদশ শ্রেণি থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত পড়াশোনার জন্য স্কলারশিপ দিয়ে থাকে রাজ্যের একাধিক সংস্থা। মেধাবী ছাত্রছাত্রীরা আবেদন করুন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** প্রতি বছরই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মেধাবী ও অর্থনৈতিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের উচ্চতর পড়াশোনার জন্য স্কলারশিপ দিয়ে থাকে বিভিন্ন সংস্থা। ২০১৮-য় যাঁরা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেছেন, তাঁদের স্কুল থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত পড়াশোনার জন্য স্কলারশিপ দিচ্ছে জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ ও গঙ্গা প্রসাদ বিড়লা (জি পি বিড়লা) এডুকেশনাল ফাউন্ডেশন। আবেদন করতে পারেন এখনই।

## জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ

জুনিয়র ট্যালেন্ট সার্চ টেস্ট এবং সিনিয়র ট্যালেন্ট সার্চ টেস্টের মাধ্যমে এই স্কলারশিপের জন্য প্রার্থী বাছাই করা হয়। এছাড়াও আছে কেবল মেয়েদের জন্য বিজ্ঞানী কন্যা মেধা বৃত্তি। স্কলারশিপ শুধু পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদেরই দেওয়া হয়। ২০১৭-য় এই স্কলারশিপ পেয়েছেন ২৪০ জন ছাত্রছাত্রী। ২০১৮-য় এই স্কলারশিপ পাওয়ার জন্য কেবল ২০১৮-র শিক্ষাগত যোগ্যতায় উত্তীর্ণ প্রার্থীরাই বিবেচিত হবেন।

### ● আবেদনের যোগ্যতা

**জুনিয়র ট্যালেন্ট সার্চ টেস্ট (জে টি এস টি):** শিক্ষাগত যোগ্যতা— মাধ্যমিকে ৭৫ শতাংশ নম্বর এবং পশ্চিমবঙ্গের কোনও স্কুলে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, বায়োলজি, স্ট্যাটিস্টিক্স এবং কম্পিউটার সায়েন্সের মধ্যে যে-কোনও তিনটি বিষয়-সহ একাদশ শ্রেণিতে পাঠরত ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ১,০০০ টাকা এবং বইয়ের খরচ বাবদ এককালীন ২,৫০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ২ বছর।

**সিনিয়র ট্যালেন্ট সার্চ টেস্ট (এস টি এস টি):** শিক্ষাগত যোগ্যতা— ২০১৮-য় উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় উত্তীর্ণ এবং বেসিক সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা মেডিসিন নিয়ে পশ্চিমবঙ্গেরই কোনও কলেজে পড়তে আগ্রহী ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার সায়েন্স এবং ইলেকট্রনিক্সের মধ্যে অন্তত তিনটি বিষয় পড়ে থাকতে হবে। স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ৪,০০০ টাকা এবং বইয়ের খরচ বাবদ দেওয়া হবে বার্ষিক ৫,০০০ টাকা। বেসিক সায়েন্সের স্কলাররা ডি এস টি-ইন্সপায়ার স্কলারশিপ পাবেন। সে ক্ষেত্রে স্কলারশিপ বাবদ দেওয়া হবে প্রতি মাসে ৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ বেসিক সায়েন্সের ক্ষেত্রে ৫ বছর, ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে ৪ বছর এবং মেডিসিনের ক্ষেত্রে সাড়ে ৪ বছর।

**বিজ্ঞানী কন্যা মেধা বৃত্তি:** ২০১৮-য় বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণ এবং স্নাতকস্তরে মেডিসিন বা ইঞ্জিনিয়ারিং বা বেসিক সায়েন্স নিয়ে উচ্চশিক্ষায় আগ্রহী ছাত্রীদের দেওয়া হবে এই স্কলারশিপ। স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ২,০০০ টাকা এবং বইয়ের খরচ বাবদ বার্ষিক ২,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ বিষয় অনুযায়ী ৪ থেকে ৫ বছর।

সব ক্ষেত্রেই বেসিক সায়েন্সের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, বায়োলজি, বটানি, জুলজি, স্ট্যাটিস্টিক্স, জিওলজি, অ্যাস্ট্রোফিজিক্স, অ্যাস্ট্রোনমি, ইলেকট্রনিক্স, বায়োকেমিস্ট্রি, অ্যানথ্রপলজি, মাইক্রো-বায়োলজি, জিওফিজিক্স, জিওকেমিস্ট্রি, অ্যাটমোস্ফেরিক সায়েন্স এবং ওশন সায়েন্সের মধ্যে যে-কোনও একটি বিষয় নিয়ে পড়লে তবেই স্কলারশিপের জন্য আবেদন করা যাবে।

### ● প্রার্থী বাছাই

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। উচ্চমাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে নেওয়া হবে অতিরিক্ত সায়েন্টিফিক ক্রিয়েটিভিটি টেস্ট। লিখিত পরীক্ষা ১৯ অগস্ট, মাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে দুপুর ১২টা থেকে দুপুর ২টো এবং উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

পরীক্ষা নেওয়া হবে রাজ্যের ২১টি জেলায়, বিভিন্ন কেন্দ্রে। পরীক্ষাকেন্দ্রের তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.jbnsts.org

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, স্নাতকস্তরের স্কলারশিপের জন্য নির্বাচিত ছেলেমেয়েদের ট্যালেন্ট এনরিচমেন্ট প্রোগ্রামের মাধ্যমে শিক্ষামূলক ভ্রমণে পাঠানো হয় দেশের প্রথম সারির বৈজ্ঞানিক গবেষণাকেন্দ্র, যেমন, ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো), ন্যাশনাল এরোস্পেস ল্যাবরেটরি, হিন্দুস্তান এরোনটিক্স লিমিটেড (হ্যাল), জওহরলাল নেহরু সেন্টার ফর অ্যাডভান্সড সায়েন্টিফিক রিসার্চ, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব অ্যাস্ট্রোফিজিক্স প্রভৃতি প্রতিষ্ঠানে। এর মাধ্যমে ছাত্রছাত্রীরা সায়েন্টিফিক ল্যাবরেটরিতে গবেষণার কাজে যুক্ত বিজ্ঞানী ও অধ্যাপকদের সঙ্গে চিন্তাভাবনা আদানপ্রদানের সুযোগ পান।

### ● আবেদনের পদ্ধতি

ট্যালেন্ট সার্চ টেস্টে অংশগ্রহণের জন্য আবেদন করা যাবে অনলাইন বা অফলাইন মাধ্যমে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jbnsts.org ফি বাবদ জে টি এস টি এবং এস টি এস টি (বিজ্ঞানী কন্যা মেধা বৃত্তিও এর অন্তর্ভুক্ত) জন্য যথাক্রমে ১০০ টাকা এবং ২০০ টাকা দিতে হবে, ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ট্রানজ্যাকশন আই ডি পাওয়া যাবে। আবেদনপত্র পূরণের সময় আপলোড করতে হবে জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো ও সই এবং পি ডি এফ ফর্ম্যাটে মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের মার্কশিট এবং একাদশ শ্রেণিতে ভর্তির প্রমাণপত্র (সবই ১ এম বি সাইজের মধ্যে)।

অফলাইনে দরখাস্ত করতে চাইলে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন—

✓ফি বাবদ জে টি এস টি অথবা এস টি এস টি-র জন্য যথাক্রমে ১০০ টাকা ও ২০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট। ড্রাফট 'Jagadis Bose National Science Talent Search'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোগুলি দরখাস্ত এবং অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন

✓মাধ্যমিকের মার্কশিট ও অ্যাডমিট কার্ডের নকল

✓একাদশ শ্রেণিতে ভর্তির প্রমাণপত্রের নকল

✓উচ্চমাধ্যমিকের মার্কশিটের নকল

✓কলেজে ভর্তির প্রমাণপত্রের নকল (ভর্তি হয়ে থাকলে)

✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ১০ টাকার ডাকটিকিট সাঁটানো ২০×১২ সেমি মাপের একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ৩১ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ, ১৩০০, রাজডাঙ্গা মেন রোড, কলকাতা ৭০০ ১০৭।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ০৩৩ ২৪৪২ ৮২৭০/২৪৪১ ৭৫৪২।

## জি পি বিড়লা স্কলারশিপ

২০১৮ সালে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মোট ১০০ জন মেধাবী এবং আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেবে জি পি বিড়লা এডুকেশনাল ফাউন্ডেশন। এই স্কলারশিপ শুধুমাত্র পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদের দেওয়া হবে।

### ● আবেদনের যোগ্যতা

রাজ্যের কোনও স্বীকৃত বোর্ড থেকে ৮০ শতাংশ অথবা কেন্দ্রীয় বোর্ড থেকে ৮৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হয়ে থাকতে হবে। সায়েন্স, হিউম্যানিটিজ, ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আর্কিটেকচার, কমার্স, ল, চার্টার্ড অ্যাকাউন্টেন্সি, কোম্পানি সেক্রেটারিশিপ, কস্ট অ্যাকাউন্টেন্সি বা যে-কোনও বিষয় নিয়ে উচ্চশিক্ষায় আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারেন।

### ● স্কলারশিপের পরিমাণ

প্রতি বছর ৫০,০০০ টাকা। এছাড়াও বইয়ের খরচ বাবদ এককালীন ৭,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ৪ বছর। প্রতি শিক্ষাবর্ষের ফলাফল বিচার করে স্কলারশিপ নবীকরণ করা হবে।

### ● প্রার্থী বাছাই

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

### ● কীভাবে আবেদন

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.gpbirlaedufoundation.com পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ✓উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশিটের নকল ✓পরিবারের বার্ষিক আয়ের প্রমাণপত্রের নকল ✓কলেজে ভর্তির প্রমাণপত্রের নকল (ভর্তি হয়ে থাকলে) ✓অন্যান্য যোগ্যতার প্রমাণপত্রের নকল।

প্রার্থী শেষ যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন অথবা যে-কলেজে ভর্তি হয়েছেন তার প্রধানকে দিয়ে দরখাস্তটি প্রত্যয়িত করিয়ে নেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১৫ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: G.P. Birla Educational Foundation. 1582, Rajdanga Main Road, Southend Conclave, 4th Floor, Kolkata-700 107.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পলিটেকনিকে স্কলারশিপ, নজর রাখুন

পলিটেকনিকের বিভিন্ন শাখায় পড়াশোনা করতে ইচ্ছুক ছেলেমেয়েদের স্কলারশিপ দেয় কে সি মাহিন্দ্রা এডুকেশন ট্রাস্ট। স্কলারশিপটির নাম **মাহিন্দ্রা অল ইন্ডিয়া ট্যালেন্ট স্কলারশিপ**। পলিটেকনিকের বিভিন্ন বিষয়ে প্রথম বর্ষে ভর্তি হয়েছেন এমন মেধাবী অভাবগ্রস্ত ৫৫০ জন ছাত্রছাত্রীকে দেওয়া হয় এই বৃত্তি। সর্বাধিক ৩টি শিক্ষাবর্ষের জন্য স্কলারশিপের বার্ষিক পরিমাণ ১০,০০০ টাকা।

অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাশ এবং ২০১৮ শিক্ষাবর্ষে ডিপ্লোমা পাঠক্রমের জন্য সরকারি বা সরকার অনুমোদিত কোনও পলিটেকনিক স্কুলে ভর্তি হয়ে থাকতে হবে। আর্থিক ভাবে দুস্থ, প্রতিবন্ধী, সামরিক বাহিনীতে কর্মরত ব্যক্তিদের সন্তান এবং ছাত্রীরা অগ্রাধিকার পান। দ্বিতীয় বা তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য নন। আবেদনকারীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে।

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউয়ের মাধ্যমে বাছাই করা হয়। এই বছরের আবেদন গ্রহণ শুরু হয়নি এখনও। তবে প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে খুব শীঘ্রই সেই প্রক্রিয়া শুরু হবে। আগ্রহীরা চোখ রাখুন এই ওয়েবসাইটে: www.kcmet.org

## লরিয়েল ইন্ডিয়া ফর ইয়ং উইমেন ইন সায়েন্স স্কলারশিপ

### উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় ৮৫ শতাংশ নম্বর পেয়ে থাকলে মেয়েরা আবেদন করতে পারেন

**নিজস্ব প্রতিনিধি:** বিজ্ঞান, তথ্যপ্রযুক্তি, ফার্মাসি, বায়োটেকনোলজি, ইঞ্জিনিয়ারিং ও মেডিক্যাল সায়েন্স নিয়ে যে-কোনও স্বীকৃত কলেজে পড়াশোনার জন্য এই স্কলারশিপ পাওয়া যায়। স্কলারশিপের মোট আর্থিক মূল্য সর্বাধিক ২,৫০,০০০ টাকা। ২০০৩-এ এই স্কলারশিপ চালু হওয়ার পর থেকে এখনও পর্যন্ত ৩০০ শিক্ষার্থী এই স্কলারশিপ নিয়ে পড়াশোনা করেছেন।

#### কারা আবেদন করবেন

- কেবল মেয়েরাই আবেদন করবেন।
- উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় ৮৫ শতাংশ নম্বর থাকতে হবে।
- ২০১৮-য় উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হয়ে থাকতে হবে।
- ৩১-৫-২০১৮ তারিখে বয়স হতে হবে ১৯ বছরের মধ্যে।
- বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪,০০,০০০ টাকার মধ্যে।

#### ভর্তির পদ্ধতি

আবেদন করা যাবে অনলাইনে এবং অফলাইনে। ভর্তির পদ্ধতি বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: http://www.foryoungwomeninscience.com/ আবেদনের শেষ তারিখ ১৬ জুলাই। যোগাযোগের ঠিকানা: The Scholarship Cell, L'Oréal India Pvt Ltd, 8th Floor, NM Joshi Marg Lower Parel, Mumbai 400013 ফোন: (০২২)৬৭০০-৩০০০।

আবেদনপত্রের সঙ্গে দিতে হবে— ● আবেদনকারীর বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল ● পারিবারিক আয়ের প্রমাণপত্র (কোনও সরকারি ব্যক্তি প্রদত্ত শংসাপত্র সহ) ● উচ্চমাধ্যমিক ও মাধ্যমিকের শংসাপত্রের স্বপ্রত্যয়িত নকল।

স্কলারশিপের চিঠি পাওয়ার তিনমাসের মধ্যে জমা দিতে হবে— ● কলেজ বা বিশ্ববিদ্যালয়ে ভর্তির চিঠি (কলেজ কর্তৃপক্ষের স্বাক্ষর-সহ) ● ফি জমা দেওয়ার রশিদ (কলেজ কর্তৃপক্ষের স্বাক্ষর-সহ) ● আবেদনকারীর নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর ● প্যান কার্ড অথবা আধার কার্ড ● পাশবুকের নকল অথবা ক্যানসেলড চেক অথবা ব্যাঙ্ক কর্তৃপক্ষ কর্তৃক লিখিত চিঠি, যেখানে অ্যাকাউন্ট হোল্ডারের নাম, ব্যাঙ্কের নাম, শাখা, অ্যাকাউন্ট নম্বর এবং আই এফ এস সি কোড লেখা থাকবে।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

জুন মাসের প্রতিযোগিতায় বিজয়ী রীনা দেবনাথ ও বিপ্লব মাহাত

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের ডেপুটি সেক্রেটারি এম এন মাইতি



## ম্যাক্রেম ব্যাগ তৈরি

**রীনা দেবনাথ**, কাঁটাগঞ্জ, কল্যাণী-নদিয়া

**বিচারক:** ম্যাক্রেম ব্যাগের চাহিদা বাড়ছে। উনি এই ধরনের ব্যাগ তৈরি করে বিভিন্ন মেলায় বিক্রি করেন। যেসব দোকান গিফট আইটেম রাখে, সেইসব দোকানে যোগাযোগ করতে পারেন। পাড়ার কয়েকজন মহিলাকে শিখিয়ে নিয়ে একটা গ্রুপ তৈরি করে কাজ করলে সুবিধে হতে পারে। বিক্রির জন্য শুধু মেলার ওপর নির্ভর করলে সমস্যা হতে পারে।

'কর্মক্ষেত্র' পড়ে শখে কিছু হাতের কাজ শিখি। সিঙ্গল মাদার হওয়ায় শখের বিষয়টিকেই পেশা হিসেবে বেছে নিতে হয়। সংসার চালানোর জন্য বিভিন্ন সরকারি ও বেসরকারি মেলায় অংশ নিই। আমি ম্যাক্রেম ব্যাগ তৈরি করি। ম্যাক্রেম ব্যাগ মেশিনে তৈরি করা সম্ভব নয়। এটা সম্পূর্ণ হাতে তৈরি।

### ব্যবসাটি বেছে নেওয়ার কারণ

এই ব্যাগ তৈরিতে কোনও যন্ত্রপাতি বা মেশিনের দরকার হয় না। তাই কম পুঁজিতে এই ব্যবসা করা যায়। পুজোপার্বণে, বিয়ে, অনুষ্ঠানে সুন্দর সাজপোশাকের সঙ্গে ফ্যাশনেবল ম্যাক্রেম ব্যাগও এখন অনেকেরই পছন্দ। এই ব্যাগ কর্ডের সুতো দিয়ে তৈরি হয়। কর্ডের সুতো মজবুত হওয়ায় এ ব্যাগ সহজে ছেঁড়ে না।

### ব্যাগ তৈরির পদ্ধতি

প্রথমে বড়বাজারের খ্যাংড়া পট্টি থেকে কর্ডের সুতো কিনে আনব। এই সুতো লাছি হিসেবে কিনতে পাওয়া যায়। প্রতি লাছি ৫০ টাকা। দুই লাছি দিয়ে একটি ব্যাগ তৈরি হয়। দুই রঙের দুই লাছি কর্ডের সুতো নিয়ে দু'মিটার করে টুকরো করে নিতে হবে। এরকম চার টুকরো সুতো মিলে একটা নট তৈরি করতে হবে। এভাবে হাতের কায়দায় নট তৈরি করে যেতে হবে। ১০ ইঞ্চি নট করার পর সুতোগুলো কাটিং করে গ্যাস লাইটার দিয়ে সুতোর শেষপ্রান্ত পুড়িয়ে দিতে হবে। এরপর ব্যাগের ভেতরদিকে সাটিনের কাপড় লাগিয়ে, কাপড়ের ওপরদিকে সূচসুতো দিয়ে লম্বা চেন লাগাতে হবে। একটি ব্যাগ তৈরি করতে মোট ৮ ঘণ্টা সময় লাগে। একটি ব্যাগের আয়-ব্যয়ের হিসাব নীচে দিলাম।

**স্থায়ী মূলধন**

| | |
|---|---|
| ১০০ বর্গফুট ঘর | নিজস্ব |
| কাঁচি | ৭০ টাকা |
| গ্যাস লাইটার | ২৫ " |
| সূচসুতো | ৫ " |
| মোট | ১০০ টাকা |

**চলতি মূলধন (প্রতিদিন)**

| | |
|---|---|
| কর্ডের সুতো দুই লাছি | ১০০ টাকা |
| ব্যাগের হ্যান্ডেল | ১০ " |
| ইনার কাপড় | ২৫ " |
| চেন | ১০ " |
| ডেকরেশন পুঁতি | ১০ " |
| অপচয় বাবদ | ৫ " |
| মোট | ১৬০ টাকা |

**আয়**

প্রতিদিন এক পিস ব্যাগ তৈরি সম্ভব। এই ব্যাগটির বিক্রয়মূল্য ৪০০ টাকা, খরচ হয়েছে ১৬০ টাকা। তাহলে আমার শ্রমের মূল্য প্রতিদিন ২৪০ টাকা। ম্যাক্রেম ব্যাগ তৈরির পদ্ধতি শিখতে হলে আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ৯০৮৮২-২৯৬১৫।



## বর্ষার মুলো চাষ

**বিপ্লব মাহাত**, টাটাড়ি, পুঞ্চা-পুরুলিয়া

**বিচারক:** পড়াশোনার পাশাপাশি মুলো চাষের সঙ্গেও যুক্ত। চাষের উপকরণ, লাভের হিসাব-সংক্রান্ত বেশ কিছু তথ্য দিয়েছেন। আরও জমি নিয়ে বর্ষার মুলো চাষ বাড়ানোর পরিকল্পনা নিয়েছেন।

স্নাতকস্তরের ছাত্র। গত ছ'বছর ধরে 'কর্মক্ষেত্র' পত্রিকায় প্রকাশিত ব্যবসা-সংক্রান্ত খবরগুলি মন দিয়ে পড়ি। পারিবারিক আধবিঘে জমি ও পুকুর রয়েছে। আমি প্রত্যেক বছর দু'ধরনের মুলো চাষ করে থাকি। সাদা মুলো ও লাল মুলো।

### এই চাষ বেছে নেওয়ার কারণ

বর্ষার মুলো চাষের জন্য জলের প্রয়োজন খুব কম হয়। সেইসঙ্গে কম খরচে কম সময়ে ফলন পাওয়া যায়। এক মাসে বীজ বপন করে ৪০-৪৫ দিনের মধ্যে পুরো ফসল পাওয়া যায়।

### কীভাবে এগোব

আমার বাবা, মা, ভাই এবং আমি নিজে বেশ কয়েকবছর ধরে মুলো চাষের সঙ্গে যুক্ত। এবছর একটু বেশি বিনিয়োগ করে আমাদের জমির পাশে কাকার জমিটিও লিজে নেব এবং মুলো চাষকে একটু বাড়াব।

আমার বাবা, মা, ভাই এবং আমি নিজে বেশ কয়েকবছর ধরে মুলো চাষের সঙ্গে যুক্ত। এবছর একটু বেশি বিনিয়োগ করে আমাদের জমির পাশে কাকার জমিটিও লিজে নেব এবং মুলো চাষকে একটু বাড়াব।

### চাষের সময়

ভাদ্রমাসের প্রথম/দ্বিতীয় সপ্তাহের মধ্যে বীজ বপন করতে হবে।

### চাষের উপকরণ

জমি ও জলাশয় ছাড়া মুলো চাষের জন্য যা প্রয়োজন তা হল: ● লাঙল ● মই ● পুরনো শুকনো গোবর ● রাইস মিলের ছাই ● কোদাল ● অডিও ক্যাসেটের রিল ● গাঁইতি (ছোট ও বড়) ● সার ● কীটনাশক ● সুতো ও চটের বস্তা ● স্প্রে মেশিন ● উন্নত মানের বীজ (সেনগ্রা, আর কে, দিল্লি হোয়াটি, গোল্ডেন সিড) ● ব্রোন (মুলোর সাইজ বড় করার জন্য) ● নিম অয়েল (মুলোর পাতায় পোকামাকড় ডিম পাড়ে, সেগুলোকে নষ্ট করার জন্য) ● অ্যাকটিভ ৮০ (আঠা)। এটা দিয়ে স্প্রে করলে পাতায় ভিটামিন ও কীটনাশক সমানভাবে ছড়িয়ে পড়ে ● ভিটামিন (ম্যাক্স পাওয়ার)/মিরাকুলান ● ম্যাক্স টারমাইট /হান্টার ৫০ (উইপোকা রোধের জন্য)।

### চাষের পদ্ধতি

মুলো চাষ করতে হলে মাটি খুব ঝুরঝুরে আর আলগা হওয়া দরকার। এর জন্য মাটিতে রাইস মিলের ছাই প্রয়োগ করতে হবে। প্রথমে জমিকে দুই থেকে তিনবার কর্ষণ করে, মই দিয়ে লেভেল করে নিতে হবে। উইপোকা রোধের জন্য হান্টার ফিফটি এবং পুরনো শুকনো গোবর ও রাইস মিলের ছাই ছড়িয়ে ফের কর্ষণ করে সমান করে নিতে হবে। জমি তৈরির কাজ শেষ হলে, দড়ি পেতে ১০ ফুট দৈর্ঘ্য ও ১ ফুট প্রস্থ করে বড় গাঁইতি দিয়ে চিরে নিতে হবে। এরপর সেই লাইনের ভেতর রাইস মিলের ছাই, ডি এ পি ও ১০.২৬.২৬ একত্রে মিশিয়ে হালকা ভাবে ছড়িয়ে দিতে হবে। এবার সেখানে উন্নত মানের হাইব্রিড বীজ ৩-৪ ইঞ্চি দূরত্বে একটি করে দিয়ে যেতে হবে। বীজ দেওয়ার কাজ শেষ হলে হাত বুলিয়ে ঢেকে দিতে হবে। মাটির ভিজেভাব থাকলে জল দেওয়ার প্রয়োজন নেই। না হলে হালকাভাবে কলসি বা টিনে করে বা মেশিনের সাহায্যে ঝাপটা দিতে হবে।

দুই থেকে পাঁচ দিনের মধ্যে অঙ্কুর বার হবে। বীজ ছড়ানোর পর আর একটি কাজ রয়েছে। অডিও ক্যাসেটের রিল ৪-৫ ফুট উচ্চতায় গোজে টান দিয়ে বেঁধে দিতে হবে। যখনই ওই রিলে হাওয়া লাগবে এক অদ্ভুত আওয়াজ সৃষ্টি হবে। সেই আওয়াজে পাখি অঙ্কুরিত বীজকে আক্রমণ করতে আসবে না। জমিতে দু'ধরনের পাখি অঙ্কুরিত বীজকে আক্রমণ করে। ঘুঘু ও বনি। তিনটি-চারটি পাতা বের হওয়ার পর মাটিকে আবার সার দিয়ে মুলোগাছের গোড়াকে ছোট গাঁইতি দিয়ে হালকাভাবে খুঁড়ে দিতে হবে। এরপর ২-৫ দিনের মধ্যে কোদাল দিয়ে ভেলি বেঁধে দিতে হবে। বর্ষার চাষ বলেই পোকার আক্রমণ হওয়ার সম্ভাবনা খুব বেশি, তাই নির্দিষ্ট মাত্রায় কীটনাশক প্রয়োগ করতে হবে।

মুলোর ওজন যখন ৫০-১০০ গ্রাম হবে, তখন সেগুলিকে তুলে নিয়ে ধুয়ে চটের বস্তার ওপর রেখে সুতলি দিয়ে বান্ডিল করে বাজারে নিয়ে গিয়ে বিক্রি করতে হবে।

### আয়-ব্যয় ও লাভের হিসাব

**প্রাথমিক মূলধন**

| | |
|---|---|
| জমি কর্ষণ | ১,০০০ টাকা |
| স্প্রে মেশিন | ৮০০ " |
| শ্রমিক | ৩,০০০ " |
| দাঁড়িপাল্লা | ৪০০ " |
| কোদাল | ১২০ " |
| বস্তা ও সুতো | ২০০ " |
| গাড়ি খরচ | ২০০০ " |
| মোট খরচ | ৭,৫২০ টাকা |

**চলতি মূলধন**

| | |
|---|---|
| বীজ | ৯০০ টাকা |
| সার | ৮০০ " |
| গোবর | ১,০০০ " |
| কীটনাশক | ৫০০ " |
| ভিটামিন | ৮০০ " |
| ব্রোন | ২০০ " |
| অ্যাকটিভ ৮০ | ২০০ " |
| নিম অয়েল | ৩০০ " |
| মোট খরচ | ৪,৭০০ টাকা |

সর্বমোট খরচ (প্রাথমিক মূলধন + চলতি মূলধন) = (৭,৫২০ + ৪,৭০০) = ১২,২২০ টাকা।

### লাভের হিসাব

আধবিঘে জমিতে ৫০০ গ্রাম মুলোর বীজ বপন করে ৪০-৪৫ দিনের মধ্যে অন্তত ১৫-২০ কুইন্টাল মুলো পাওয়া যাবে। প্রতি কিলোগ্রাম মুলোর পাইকারি বাজারদর ২০ টাকা। তাহলে ২০ কুইন্টালের বিক্রয়মূল্য হবে ১০০ × ২০ × ২০ = ৪০,০০০ টাকা।

সুতরাং মোট লাভ ৪০,০০০ - ১২,২২০ টাকা = ২৭,৭৮০ টাকা।

### ভবিষ্যৎ পরিকল্পনা

আগামী বছর আরও কয়েকটি জমি লিজে নিয়ে ব্যবসাটি আরও বড় আকারে মেলে ধরাই আমার একমাত্র লক্ষ্য। শুধু সাদা মুলোই নয়, আরও আধবিঘে জমিতে লাল মুলো চাষ করব বলে পরিকল্পনা করেছি। যদি কোনও পাঠক মুলো চাষ করতে ইচ্ছুক হন তাহলে বিনামূল্যে পরামর্শের জন্য আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৭৩৩৫-৯৪৯১৮ (বিকেল ৪টে থেকে সন্ধে ৭টা পর্যন্ত)।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**আগস্ট-এর প্রতিযোগিতার জন্য জুলাই মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ আগস্ট-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ফার্মাসি নিয়ে পড়াশোনা ও কেরিয়ার

**সরকারি-বেসরকারি স্বাস্থ্যক্ষেত্র এবং ওষুধ তৈরি-সংক্রান্ত গবেষণায় চাহিদা বাড়ছে ফার্মাসিস্টদের। উচ্চমাধ্যমিকের পরই পড়তে পারেন ফার্মাসির ডিপ্লোমা কোর্স। ফার্মাসি এবং ভেটেরিনারি ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে এ রাজ্যের সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** ফার্মাসিকে বলা হয় 'স্টাডি অব ড্রাগস'। ওষুধ তৈরি থেকে শুরু করে সঠিক প্যাকেজিংয়ের মাধ্যমে তা বাজারে বিক্রির জন্য আনা পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে ফার্মাসিস্টের ভূমিকা থাকে। একজন ফার্মাসিস্টকে জানতে হয়, কোনও নির্দিষ্ট রোগের ওষুধ তৈরির ক্ষেত্রে কোন-কোন যৌগের ব্যবহার করতে হবে, সেই ওষুধের কার্যকারিতা এবং পার্শ্বপ্রতিক্রিয়া কী হতে পারে, রোগীর কীরকম শারীরিক পরিস্থিতিতে এক-একবারে কী পরিমাণ ওষুধ খেতে হবে অর্থাৎ 'ডোজ' কী হওয়া উচিত ইত্যাদি সবকিছুই। ইদানীং গোটা পৃথিবী জুড়ে প্রায়শই হানা দিচ্ছে সোয়াইন বা বার্ড ফ্লু, ডেঙ্গি, জিকা বা নিপার মত নতুন নতুন ভাইরাস বা সেগুলির আরও মারাত্মক সংস্করণ। স্বাভাবিক ভাবেই রোগের আক্রমণ প্রতিরোধের লড়াইটা অনেক বেশি কঠিন হয়ে দাঁড়িয়েছে। ফার্মাসিস্টদের গুরুত্ব এবং চাহিদাও সেইসঙ্গে বাড়ছে।

কেবল মানুষের অসুস্থতার ক্ষেত্রেই নয়, পশুপাখির অসুখবিসুখের ক্ষেত্রেও একইভাবে গুরুত্ব বাড়ছে ভেটেরিনারি ফার্মাসিস্টদের। রাজ্যের দুই সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান ফার্মাসি ও ভেটেরিনারি ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। এখনই আবেদন করতে পারেন।

## কোথায় পড়বেন, কী পড়বেন

ইনস্টিটিউট অব ফার্মাসি এবং ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেস— দু'টিই রাজ্য সরকারের অধীনস্থ শিক্ষাপ্রতিষ্ঠান। ভর্তি চলছে যথাক্রমে ফার্মাসি ও ভেটেরিনারি ফার্মাসির ডিপ্লোমা কোর্সে। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারবেন।



### ক্লিনিকাল ট্রায়াল ও টেস্টিংয়ে দক্ষ কর্মীর চাহিদা রয়েছে ওষুধ শিল্পে

**জয়িতা ভট্টাচার্য**

*অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, পেস কলেজ অব ফার্মাসি, ব্যাঙ্গালোর*

ফার্মাসি বিষয়টির সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে রয়েছে ল্যাবরেটরিতে ড্রাগ-সংক্রান্ত পরীক্ষানিরীক্ষা। জীবের শরীরে ড্রাগের কার্যকারিতা ও তার প্রতিক্রিয়ার বিষয়ে নিশ্চিত হতে করতে হয় ক্লিনিকাল ট্রায়াল ও টেস্টিং। স্নাতক স্তরের পড়াশোনার পর ফার্মাকোভিজিল্যান্স বা ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বা কোয়ালিটি অ্যাশুয়ারেন্সে স্পেশ্যালাইজেশন করা থাকলে চাকরির পরিধি বাড়ে অনেকটাই। ক্লিনিকাল রিসার্চ অর্গানাইজেশনগুলিতে রিসার্চ অ্যাসোসিয়েট পদে বিশেষ চাহিদা রয়েছে ফার্মাসিস্টদের। ওষুধের প্রতিক্রিয়ার বিষয়টি ছাড়াও আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল ওষুধের গুণমান যাচাই। এর জন্য বিভিন্ন ফার্মাসিউটিক্যাল সংস্থা এবং ড্রাগ রেগুলেটরি এজেন্সিগুলিতে ফার্মাসিস্টদের নিয়োগ করা হয় কোয়ালিটি অ্যাশিওরেন্স বা কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজার পদে।

## ইনস্টিটিউট অব ফার্মাসি

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনস্থ এই শিক্ষাপ্রতিষ্ঠানের কল্যাণী, বাঁকুড়া ও জলপাইগুড়ি ক্যাম্পাসে পড়ানো হয় ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স। প্রতিটি ক্যাম্পাসে আসনসংখ্যা ৬০। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। জি টি এ কর্তৃক মনোনীত চারজন প্রার্থী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অনুমোদন সাপেক্ষে জলপাইগুড়ির ফার্মাসি ইনস্টিটিউটে ভর্তির সুযোগ পাবেন।

**• কারা পড়বেন**

ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। ১-৬-২০১৮ তারিখে প্রার্থীর বয়স হতে হবে ১৬ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা বয়সের উর্ধ্বসীমায় ৫ বছরের ছাড় পাবেন। এছাড়া প্রার্থীকে বিগত ১০ বছর অথবা প্রার্থীর অভিভাবককে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। সীমিত সংখ্যক পুরুষ প্রার্থী হস্টেলে থাকার সুবিধা পাবেন।

**• কী পড়বেন**

এই কোর্সে পড়ানো হয় ফার্মাসিউটিক্স, ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি, বায়ো-কেমিস্ট্রি, হিউম্যান অ্যানাটমি, ড্রাগ স্টোর অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, হসপিটাল অ্যান্ড ক্লিনিকাল ফার্মাসি-সহ বিভিন্ন বিষয়। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, কোর্স শেষে হাতে-কলমে কাজ শেখার জন্য প্রতিটি ছাত্রছাত্রীকে ইন্টার্নশিপে বিভিন্ন সরকারি হাসপাতালে পাঠানো হয়।

**• কোর্স ফি**

বছরপ্রতি ২,৫০০ টাকা।

**• কীভাবে আবেদন**

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ জুলাই। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (উভয়ই ২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

**• প্রার্থী বাছাই**

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। ২০ জুলাই নির্বাচিত প্রার্থীদের তালিকা সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত হবে। বাছাই প্রার্থীদের তালিকা টাঙিয়ে দেওয়া হবে ফার্মাসি ইনস্টিটিউটের ক্যাম্পাসেও।

**• প্রয়োজনে যোগাযোগ**

কোর্স সম্পর্কে খুঁটিনাটি তথ্য জানতে দেখুন সংস্থার ওয়েবসাইট: www.wbhealth.gov.in প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলির যে-কোনও একটিতে: ০৩৫৬১-২৩০০৫৭, ০৩২৪২-২৫৪৮৭৯, ০৩৩-২৫৮২৮১৫৫।

## ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেস

এই শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ানো হয় ভেটেরিনারি ফার্মাসির ডিপ্লোমা কোর্স। পড়ানো হয় প্রতিষ্ঠানের মোহনপুর ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২ বছর। আসনসংখ্যা ৩০।

**• কারা পড়বেন**

৪৫ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হলে এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। ৩১-১২-২০১৮ তারিখে বয়স হতে হবে ১৭ থেকে ৩২ বছরের মধ্যে। তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা বয়সের উর্ধ্বসীমায় ৩ বছরের ছাড় পাবেন।

**• কী পড়বেন**

পড়ানো হয় লাইভস্টক, পোল্ট্রি প্রোডাকশন অ্যান্ড ম্যানেজমেন্ট, অ্যানিম্যাল ব্রিডিং, নিউট্রিশন, এলিমেন্টারি মেডিসিন, গাইনিকোলজি, আর্টিফিশিয়াল রিপ্রোডাকশন, সার্জারি, অ্যানিম্যাল প্রোডাক্টস টেকনোলজি, ফার্মাসি ডিসপেন্সিং সিস্টেম, ফার্মাসিউটিক্স বিষয়ে। কোর্স শেষে ছাত্রছাত্রীদের পাঠানো হয় বিভিন্ন পশু চিকিৎসালয় ও হাসপাতালে, তিন মাসের বাধ্যতামূলক ইন্টার্নশিপে।

**• কোর্স ফি**

প্রথম সেমেস্টারে ১২,৬৫০ টাকা। পরবর্তী তিনটি সেমেস্টারের প্রতিটির ক্ষেত্রে ৫,০০০ টাকা। হস্টেল ফি সেমেস্টার পিছু ৩,০০০ টাকা।

**• কীভাবে আবেদন**

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbuafsce.org আবেদনের ফি ৫০০ টাকা (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দিতে হবে। সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের প্রিন্ট আউট নির্দিষ্ট ঠিকানায় পাঠাতে হবে। এ দু'টির সঙ্গে আরও পাঠাতে হবে এইসব নথিপত্রের প্রত্যয়িত নকল— ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট ✓ডোমিসাইল সার্টিফিকেট ✓আধার কার্ড।

আবেদনপত্র ও ই-রিসিপ্টের প্রিন্ট আউট-সহ অন্যান্য নথিপত্রের প্রত্যয়িত নকল সরাসরি বা ডাকে পাঠাতে হবে এই ঠিকানায়: The Controller of Examinations, West Bengal University of Animal & Fishery Sciences, Vivek Bhawan, 68, Kshudiram Bose Sarani, Belgachia, Kolkata-700 037. আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ১৩ জুলাই।

**• প্রার্থী বাছাই**

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

**• প্রয়োজনে যোগাযোগ**

কোর্স এবং আবেদন-সংক্রান্ত খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন প্রতিষ্ঠানের ওয়েবসাইট: www.wbuafsce.org

## ফার্মাসি নিয়েই আরও কোর্স

• ফার্মাসিতে ডিপ্লোমা করার পর ব্যাচেলর্স ডিগ্রি পেতে চাইলে, জিলেট পরীক্ষার মাধ্যমে স্নাতকস্তরের দ্বিতীয় বর্ষে ল্যাটেরাল এন্ট্রিতে

এরপর পনেরোর পাতায়

# নার্সিংয়ে কেরিয়ার



**সরকারি প্রকল্প এবং স্বাস্থ্যকেন্দ্রের মাধ্যমে দেশের প্রতিটি অঞ্চলে সুষ্ঠু স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে বিশেষভাবে সচেষ্ট হয়েছে কেন্দ্রীয় ও রাজ্য সরকার। পাশাপাশি গোটা দেশজুড়ে বিপুল বিনিয়োগের জোয়ার স্বাস্থ্যক্ষেত্রে। গড়ে উঠছে মাল্টিস্পেশ্যালিটি, সুপার স্পেশ্যালিটি হাসপাতাল। সব মিলিয়ে স্বাস্থ্যপরিষেবা ক্ষেত্রে প্রশিক্ষিত নার্সের চাহিদা এখন তুঙ্গে। উচ্চমাধ্যমিক যোগ্যতায় জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাইলে আবেদন করতে পারেন এখনই। ভর্তি নিচ্ছে ই এস আই হসপিটালের নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট।**

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে প্রয়োজনের তুলনায় নার্সের সংখ্যা কম। সেই ঘাটতি মেটাতে রাজ্য সরকার ৫,২৫০ জন নার্স নিয়োগ করবে বলে সম্প্রতি জানিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। দক্ষ নার্সের অভাব প্রকট রাজ্যের বিভিন্ন জেলার সরকারি উপস্বাস্থ্যকেন্দ্রগুলিতেও। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের নির্দেশে ইতিমধ্যেই সরকারি হাসপাতালে কর্মরত প্রায় ১০ হাজার নার্সকে প্রশিক্ষণ দিয়ে এইসব উপস্বাস্থ্যকেন্দ্রগুলিতে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। স্বাস্থ্য পরিষেবায় চিকিৎসার মতই গুরুত্বপূর্ণ নার্সিং। প্রশিক্ষিত ও দক্ষ নার্সের চাহিদাও তাই সবসময়ই উর্ধ্বমুখী।

রোগীর সেবা করার আন্তরিক আগ্রহ থাকলে নার্সিং পড়তে পারেন। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ই এস আই হসপিটালের নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

## কোথায় পড়বেন

ই এস আই হসপিটালের নার্সিং ট্রেনিং ইনস্টিটিউটের শিয়ালদা এবং মানিকতলা শাখা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। মানিকতলা শাখায় আসনসংখ্যা ৫০, শিয়ালদা শাখায় ২০। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। কোর্সটি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল এবং ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

এরপর চোদ্দোর পাতায়

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাষ-আবাদের নতুন প্রেক্ষাপটে হাল ধরবে শিক্ষিত তরুণ-তরুণীরাই

**চাষ-আবাদের প্রচলিত ধারণাগুলো বদলে যাচ্ছে দ্রুত। একবিংশ শতকের এই সময়ে কৃষি ও বাগিচা ফসলের সফল চাষ হচ্ছে নির্দিষ্ট প্রযুক্তি মেনে। শিক্ষিত তরুণ-তরুণীরা এর মাধ্যমে নিজেদের স্বনির্ভর করার পাশাপাশি আর্থ-সামাজিক পরিবর্তনেও নিতে পারেন গুরুত্বপূর্ণ ভূমিকা। কৃষিবিজ্ঞান কেন্দ্রগুলি চাষ-আবাদ, মাছ চাষ, পশুপালন-সংক্রান্ত তথ্য-পরামর্শ ও প্রশিক্ষণ দেয়।**



**নিজস্ব প্রতিনিধি:** কৃষির প্রচলিত পদ্ধতিগুলো আবারও বদলে যাচ্ছে। গত শতকের সত্তরের দশকে প্রাকৃতিক চাষ পদ্ধতিকে হঠিয়ে গেড়ে বসতে শুরু করেছিল অজৈব রাসায়নিক সার ও কীটনাশক নির্ভর কৃষি। এখন আবার এক নতুন মোড়ে এসে দাঁড়িয়েছে চাষ-আবাদ। স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির সঙ্গেই জৈব চাষের গুরুত্ব বাড়ছে। বাড়ির ছাদে বা ছোট ব্যালকনিতেও নিজের পরিবারের জন্য প্রয়োজন অনুসারে শাক-সবজি ফলিয়ে নিচ্ছেন অনেকে, এমনকী কলকাতার মত বড় শহরেও। অন্যদিকে বাণিজ্যিক ফসলের ক্ষেত্রেও এসেছে এক বিপুল পরিবর্তন। আমাদের দেশের সবজি, ফল ও ফুল পাড়ি দিচ্ছে ইউরোপ, আমেরিকা, পশ্চিম এশিয়া, দূরপ্রাচ্যের বাজারে। মানুষের ক্রয়ক্ষমতা বাড়ায় দেশের বিরাট বাজারও সম্প্রসারিত হচ্ছে। বিকল্প নানা ফসলের চাষ শুরু হয়েছে দেশের নানা প্রান্তে। বিজ্ঞান-ভিত্তিক পদ্ধতি মেনে চাষ-আবাদের গুরুত্ব বাড়ছে। আঞ্চলিক আবহাওয়া, মাটির বৈশিষ্ট্যের ওপর নির্ভর করে চাষযোগ্য ফসল নির্বাচিত হচ্ছে। নতুন প্রযুক্তি ও পদ্ধতি মেনে এই পরিবর্তিত সময়ে চাষ-আবাদের কাজটি আরও ভালো করে করতে পারেন উদ্ভাবনী ক্ষমতাসম্পন্ন শিক্ষিত তরুণ-তরুণীরা।

## রাঢ়বাংলায় সুবর্ণভূমি

একটা সময় পর্যন্ত আমাদের জানা ছিল, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়ার রুক্ষ জমি চাষ-আবাদের অনুপযুক্ত। এখন আর সে-কথা বলা যাবে না। এখন এই তিন জেলা এবং পশ্চিম মেদিনীপুর ও বর্ধমানের কিছু অংশকে সম্মিলিতভাবে 'গোল্ডেন জোন' হিসেবে চিহ্নিত করা হচ্ছে। তার কারণ, এখানে বিশেষ কিছু ফসলের ব্যাপক সম্ভাবনা। কীরকম ফসল?

এই রুক্ষ অঞ্চলগুলিতে মুসম্বি, আম, আঙুর, বেদানার মতো ফলের চাষ খুব ভালো হতে পারে। বাঁকুড়ায় ইতিমধ্যেই আলফানসো আমের চাষ হচ্ছে। দেশজুড়ে আলফানসো আমের রপ্তানির বাজার অনেক দিন ধরেই নিয়ন্ত্রণ করে গুজরাট ও মহারাষ্ট্র। এবার তাদের কড়া প্রতিযোগিতায় ফেলতে কোমর বাঁধছে রুক্ষ বাঁকুড়াও। একই মাটিতে মুসম্বিও ফলছে দারুণ। পশ্চিম মেদিনীপুরে অনেক কালই কাজুর চাষ হয়। এখন সেখানে আম, আঙুর চাষের উদ্যোগ নেওয়া হচ্ছে।

রাজ্যের খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের মন্ত্রী আব্দুর রেজ্জাক মোল্লা জানিয়েছেন, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমানের কিছু অংশে চাষ-আবাদের উন্নতির জন্য পাঁচ বছরের একটা পরিকল্পনা নেওয়া হয়েছে। ২০১৮ এই পরিকল্পনাকালের দ্বিতীয় বছর। তিনি জানান, আঞ্চলিক আদিবাসীদের পাঁচটি করে ফলের গাছ দেওয়া হচ্ছে। জলের সমস্যা মেটানোর চেষ্টা করা হচ্ছে রুক্ষ অঞ্চলে ছোট ছোট কূপ খুঁড়ে।

## এগিয়ে আসতে হবে শিক্ষিত ছেলেমেয়েদের

রাঢ়বঙ্গের মাটি অফলনশীল— বহুকালের এই ধারণাটিকে আমূল বদলে দিয়েছে কৃষিবিজ্ঞানীদের গবেষণা ও সমীক্ষা। রুক্ষ জমিতে ধানের চাষ ভালো না-ই হতে পারে, কিন্তু ধান-ই তো একমাত্র ফসল নয় বাংলার। সেই ভাবনা থেকেই এখন পরিস্থিতি এমন, যে, মনে করা হচ্ছে, বাংলার রুক্ষ জমির ফল অচিরেই ইউরোপ, আমেরিকার বাজারে নিজেদের উপস্থিতি সগর্বে জানান দেবে। এই বিপুল সম্ভাবনাময় বাণিজ্যিক উদ্যোগে সামিল হওয়ার জন্য গ্রামীণ এলাকার শিক্ষিত যুবক-যুবতীদেরও এগিয়ে আসা দরকার বলে মনে করছেন শিক্ষাবিদ ও গবেষকদের একাংশ।

২৫ জুন বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বি এন সি সি আই) এবং এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের (ই ডি আই) যৌথ উদ্যোগে আয়োজিত 'প্রসপেক্টস অব হর্টিকালচার ইন মডার্ন এরা' শীর্ষক এক কর্মশালায় খড়্গপুর আই আই টি-র এগ্রিকালচার ও ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ডঃ বিজয়চন্দ্র ঘোষ বলেন, শিক্ষিত ছেলেমেয়েদের হাত ধরেই এ-যুগে কৃষিব্যবস্থার হাল ফিরতে পারে। বিকল্প ফসল উৎপাদন, দেশে-বিদেশে তার বিপণন, নির্দিষ্ট বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে জৈব ফসল উৎপাদন, বিপণন, এগুলো এখনকার ছেলেমেয়েদের উদ্যোগেই বাস্তবায়িত হতে হবে।

## অল্প জমিতেও হরেক ফসল

অল্প জমি? তাতেও ভাবনার কিছু নেই। কম আয়তনের জমিতেও শাক, ব্রকোলি, ব্রাসেলস স্প্রাউট, লেটুসের মতো ফসলের চাষ হতে পারে। এই ধরনের বিকল্প সবজি এখন হোটেল-রেস্তোরাঁয় চড়া দামে বিকোয়। জমির আকার বড় হলে তো কথাই নেই। লাভের পরিমাণও বাড়বে।

ব্রকোলি, লাল বাঁধাকপি, চিনা বাঁধাকপি, ব্রাসেলস স্প্রাউট, লেটুস, সেলারি পার্সলে প্রভৃতির ফল পাওয়া যায় ৬০-৮০ দিনে। নিজের জমি না থাকলে এমন কাউকে সঙ্গী করুন যাঁর জমি আছে। শিখে নিন চাষের পদ্ধতিটা।

রামকৃষ্ণ আশ্রম কৃষিবিজ্ঞান কেন্দ্রের সাবজেক্ট ম্যাটার স্পেশ্যালিস্ট (হর্টিকালচার) ডঃ চন্দনকুমার মণ্ডল বলেন, এ-যুগের ছেলেমেয়েরা যাতে

এরপর চোদ্দোর পাতায়

## কৃষিক্ষেত্রে শিক্ষিত তরুণ-তরুণীরা মূল্যবান ভূমিকা পালন করতে পারেন



**আব্দুর রেজ্জাক মোল্লা**
*মন্ত্রী, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও হর্টিকালচার দপ্তর*
*পশ্চিমবঙ্গ সরকার*

আমার যৌবনেও দেখেছি, ধান কাটার পর খেতে থেকে যাওয়া গোড়াগুলোতে মাকড়সা জাল বুনত পোকামাকড় ধরার জন্য। এখন সেসব পোকাও নেই, মাকড়সাও আর গাছের গোড়ায় জাল বোনে না। পোকামাকড় মারতে গিয়ে আমাদের জীবনীশক্তিকেও মেরেছি আমরা। আগে খেতখামারে সামান্য মাটি খুঁড়লেই কত কেঁচো পাওয়া যেত। এখন সেসবই অতীত। তবে এখন আমরা জৈবসার তৈরি করে আবার প্রাকৃতিক পদ্ধতিতে চাষাবাদের দিকে ফিরতে চাইছি। এটা অবশ্যই ভালো ভাবনা। যদিও চাষ-আবাদের কতগুলো দিক এখনকার প্রেক্ষিতে ভেবে দেখার দরকার আছে।

কৃষিকাজকে কৃষিবাণিজ্যে রূপান্তরিত করতেই হবে। আধুনিক বাণিজ্যব্যবস্থার সঙ্গে কৃষিকে যুক্ত করতে পারলে তবেই এই কৃষিপ্রধান দেশে কৃষি বাঁচবে। এই প্রক্রিয়ায় তিনটি উপাদান অত্যন্ত জরুরি— (১) কৃষক, (২) প্রযুক্তিগত জ্ঞান, (৩) কৃষিক্ষেত্রে বিনিয়োগ।

কৃষিজীবীর অভাব নেই আমাদের। তাঁদের অভিজ্ঞতা প্রচুর। ভালো কোনও পদ্ধতি শিখিয়ে দিতে পারলে তাঁরা দ্রুত তা শিখে নিতে পারেন। কারা শেখাবেন? এক্ষেত্রে কৃষিবিজ্ঞানী, হর্টিকালচার বিশেষজ্ঞদের বিশেষ গুরুত্ব রয়েছে। আর রয়েছেন একালের শিক্ষিত তরুণ-তরুণীরা। তাঁদের হাত ধরেও আমাদের কৃষিব্যবস্থায় আধুনিক প্রকরণ-পদ্ধতির প্রসার ঘটতে পারে।

এবার আসে বিনিয়োগ বা পুঁজির কথা। পশ্চিমবঙ্গে যাঁরা চাষ-আবাদের সঙ্গে যুক্ত তাঁরা ছোট ও মাঝারি কৃষক। বড় আকারের বিনিয়োগের ক্ষমতা নেই তাঁদের। বাণিজ্যের তাগিদেই বড় ব্যবসায়ীরা যদি এক্ষেত্রে বিনিয়োগের জন্য এগিয়ে আসেন তাহলে সকলেরই মঙ্গল।

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগের সমন্বয়ে ১০০টি ফার্মার্স প্রডিউসারস কোম্পানি তৈরি হয়েছে এ পর্যন্ত। কোম্পানি আইন অনুসারেই সংস্থাগুলি তৈরি হয়েছে। প্রতি কোম্পানিতে কয়েকশো করে কৃষকের সমাবেশ ঘটেছে। ভাঙড়ের ফার্মার্স প্রোডিউসারস কোম্পানিতে ১,৭০০ চাষি যুক্ত রয়েছেন। কিছু সবজি রপ্তানিকারক এই সংস্থার ফসল কিনছেন, রপ্তানির জন্য। এই যে আন্তর্জাতিক বাণিজ্যের সঙ্গে গ্রামের কৃষকদের একটা যোগসূত্র তৈরি হল, তাতে কৃষকরা উৎসাহিত হবেন, উপকৃত হবেন, আবার রপ্তানিকারকরা প্রয়োজনীয় স্ট্যান্ডার্ড অনুসারে চাষিদের কাছ থেকে সবজি পাবেন। এই পদ্ধতিটাকে আমরা বলছি 'পার্টিসিপেটরি ফার্মিং'। যেসব বড় সংস্থা টোম্যাটো কেচাপ তৈরি করে, তারা অন্য রাজ্য থেকে টোম্যাটো কেনে। হলদিবাড়িতে খুব ভালো মানের টোম্যাটো হয়, কেচাপ তৈরির উপযোগী। হলদিবাড়িতে গিয়েছিলাম সম্প্রতি। কেচাপ উৎপাদনকারী সংস্থাগুলোর বক্তব্য, ওই টোম্যাটোর গোড়ার খানিকটা অংশ সবুজ। তাই চলবে না। আমার বক্তব্য, শিল্প সংস্থাগুলো একটু উদ্যোগ নিন। কোন প্রজাতির টোম্যাটোর চাষ করলে সম্পূর্ণ লাল টোম্যাটো পাওয়া যাবে, তার চাষের পদ্ধতি কেমন হবে, এগুলো যদি চাষিকে শিখিয়ে দেওয়া যায়, তাহলে তো এ রাজ্যেই ওই নির্দিষ্ট প্রজাতির টোম্যাটোর ফলন পাওয়া যেতে পারে।

বাংলার ছেলেমেয়েরা সবজি-ফল রপ্তানির ব্যবসায় এগিয়ে আসছেন। প্যাকেজিংয়ের সমস্যা রয়েছে, জানি। ছোট ছোট প্যাক হাউস তৈরির উদ্যোগ নিয়েছি। দু'তিনটে প্যাক হাউস চালু হবে শীঘ্রই। ছোট ছোট গ্রিনহাউস তৈরির পরিকল্পনাও রয়েছে। আমাদের শিক্ষিত তরুণ-তরুণীরা কৃষিবাণিজ্যের সঙ্গে যুক্ত হলে তা অত্যন্ত উৎসাহব্যঞ্জক ব্যাপার হবে। এই যে বারুইপুরের পেয়ারা, এর মান অতি উন্নত। দেশে-বিদেশে এই পেয়ারার বিপণন হতে পারে। এ রাজ্যে বাণিজ্যের উপাদান প্রচুর। কিন্তু তা ঠিক ভাবে কাজে লাগাতে হবে। আজকের শিক্ষিত তরুণ প্রজন্ম এ কাজে এগিয়ে এলে বাংলার কৃষি ও কৃষিবাণিজ্যে নতুন করে প্রাণসঞ্চার হবে।

## জৈবচাষ, জৈব ফসলের বিপণন ঘিরে স্বনিযুক্তির ভালো সুযোগ আছে



**ডঃ বিজয়চন্দ্র ঘোষ**
*প্রফেসর, এগ্রিকালচার অ্যান্ড ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগ*
*আই আই টি, খড়্গপুর*

বাঁচতে গেলে জৈবচাষে ফিরতেই হবে। আমাদের মাটি বিষে পরিণত হলে, জলও বিষে পরিণত হবে। জল-স্থলের সেই বিষ থেকে মুক্ত থাকতে পারব না আমরা। মুক্ত যে থাকতে পারছি না তার উদাহরণ তো প্রতিনিয়ত দেখছি, অল্পবয়স থেকেই শরীরে বাসা বাঁধছে নানা রোগ। চা, কফি, নানারকম মশলার জৈবচাষ হচ্ছে এখন। আমরা খড়্গাপুর আই আই টি ক্যাম্পাসে জৈব সার ও কীটনাশক ব্যবহার করে কফি বাগান তৈরি করেছি। খুব ভালো ফল পাওয়া গেছে। জৈব সার প্রয়োগে ফলন কম হয়, সবক্ষেত্রে এ-ধারণা যথার্থ নয়। উন্নত প্রযুক্তি সমৃদ্ধ জৈবচাষে খুবই ভালো ফলন হয়, এটা হাতে-কলমে প্রমাণ করে দেখিয়ে দেওয়া যায়।

বড় বড় শপিং মলে জৈব পদ্ধতিতে তৈরি কিছু সবজি, ফল পাওয়া যাচ্ছে এখন। দাম প্রচুর। শিক্ষিত ছেলেমেয়েরা একা একাই বা প্রয়োজনে দলবদ্ধ হয়ে জৈবচাষের উদ্যোগ নিতে পারেন। এখনকার সময়ে স্বাস্থ্যসচেতন মানুষ জৈবপদ্ধতিতে উৎপাদিত শাক-সবজি, ফল ইত্যাদি চাইছেন। ফলে বাজারটা তৈরি হচ্ছে। প্রয়োজনের তুলনায় নিতান্তই নগণ্য হলেও জৈব পদ্ধতিতে মাছ চাষও শুরু হয়েছে পশ্চিমবঙ্গে, এটা একটা ভালো লক্ষণ।

আমি রাজারহাটে বাড়ির ছাদে বড় আকারে শাক-সবজি, ফলের বাগান করেছি। গোটাটাই করা হয়েছে জৈব পদ্ধতি মেনে। এটা বড় প্রোজেক্ট। বাড়ির ছাদে কিছুটা জায়গা পাওয়া গেলেও একটা জৈব বাগান গড়ে তোলা যায়। উৎপাদিত সবজি-ফল নিজের পরিবারের জন্য ব্যবহার করা যায়। একদল তরুণ-তরুণী যদি একসঙ্গে কয়েকটি বাড়িতে এরকম জৈব বাগান গড়ে তুলতে পারেন, তাহলে উৎপাদিত পণ্য বাজারে বিক্রি করে উপার্জনের ব্যবস্থা করা যায়। নিজেদের ছাদ হলে কথাই নেই, অন্যথায় যাঁর ছাদ, তাঁকে সঙ্গী করেই কাজটা করা যেতে পারে। এভাবে ব্যাঙ্গালোরে ছাদে ছাদে জৈব বাগান তৈরির একটা আন্দোলন শুরু হয়েছিল কয়েক বছর আগে। ওখানকার বাজারগুলোতে জৈব ফসলের সরবরাহ অনেক বেড়েছে। বড় আকারে কাজ করতে হলে বড় পুঁজির দরকার হয়। কাজেই ছোট আকারেই করুন। অনেকে মিলে এক-একটা জায়গায় বিপণনের ব্যবস্থা করুন। এই কলকাতাতেই কয়েকটি জায়গায় জৈব ফসলের হাট বসছে। ক্রেতারা আগ্রহভরে যাচ্ছেন সেখানে। সচেতনতা বাড়ছে এভাবে। জৈব শাক-সবজির চাহিদাও বাড়ছে। ফলে ব্যবসা করার সুযোগ আছে। জমিতে চাষ করলে তিনটে বছর অপেক্ষা করতে হবে সম্পূর্ণ জৈব ফসল পাওয়ার জন্য। তবে চাষ হয়নি কখনও, এমন জমিতে জৈবচাষ করতে পারলে অতটা অপেক্ষার দরকার হয় না। জৈব ফসলের সার্টিফিকেশন পাওয়ার ব্যাপারে অ্যাপেডা সহায়তা করে থাকে। বড় আকারে সম্ভব না হলে জৈবচাষের পদ্ধতি শিখে ছোট আকারেই করুন। শিক্ষিত তরুণ-তরুণীরা কাজটা ভালোই পারবেন।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ওষুধপত্রে নজরদারির পেশা

## ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চ



**কোনও ওষুধ রোগীর শরীরে ক্ষতিকর কোনও পার্শ্বপ্রতিক্রিয়া ঘটাচ্ছে কিনা, কোনও ওষুধ রোগীর কতটা উপকারে লাগছে, এই বিষয়গুলির ওপর নজরদারির জন্য তৈরি হয়েছে পড়াশোনা ও পেশার নতুন ধারা— ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চ। পড়ার জন্য এখনই আবেদন করা যাচ্ছে।**

**নিজস্ব প্রতিনিধি:** রোগ সারানোর জন্যই ওষুধ, কিন্তু তার পার্শ্বপ্রতিক্রিয়াটিও হেলাফেলার বিষয় নয়। যে-সমস্যার সুরাহায় ওষুধ প্রয়োগ করা হল, সেটি নিরসনের পাশাপাশি ওষুধটি শরীরের পক্ষেও সর্বার্থে নিরাপদ হওয়া জরুরি। না হলে একটি সমস্যা মেটার সঙ্গে সঙ্গেই পার্শ্বপ্রতিক্রিয়ার প্রভাবে আরও নানা সমস্যা তৈরি হতে পারে। ক্ষতিকর পার্শ্বপ্রতিক্রিয়া তৈরি করে, এরকম বেশ কিছু ওষুধের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক।

ছাড়পত্র পাওয়ার আগে শরীরের ওপর কোনও ওষুধের সামগ্রিক প্রতিক্রিয়া সম্পর্কে অবহিত হওয়া অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। আর এই জরুরি প্রয়োজনটিকে অবলম্বন করেই সৃষ্টি হয়েছে একটি নতুন পেশা। প্রকৃতপক্ষে তা ওষুধপত্রে নজরদারি এবং ওষুধ প্রয়োগের পর তার নানাবিধ প্রতিক্রিয়া নিয়ে গবেষণা। এই গবেষণা আসলে নজরদারিরই গুরুত্বপূর্ণ অংশ। ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের পেশাদাররাই এই নজরদারির কাজটি করেন।

গোটা বিশ্ব জুড়েই এখন ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের পেশাদারদের দারুণ কদর। একটি হিসাব বলছে, এই ক্ষেত্রে আগামী কয়েক বছরে ভারতে অন্তত ৫০ হাজার পেশাদারের দরকার হবে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের প্রাক্তন ডিরেক্টর এবং জে আই এস বিশ্ববিদ্যালয়ের ডিন তপনকুমার চট্টোপাধ্যায় জানাচ্ছেন, প্রয়োজনের তুলনায় ফার্মাকোভিজিল্যান্সের দক্ষ পেশাদারদের অভাব রয়েছে। কিন্তু পেশাদারদের চাহিদা বাড়ছে দ্রুতলয়ে।

### কোথায় পড়বেন, কী পড়বেন

জে আই এস বিশ্ববিদ্যালয়ে ফার্মাকোভিজিল্যান্স ইন ফার্মাসিউটিক্যাল অ্যান্ড ক্লিনিক্যাল রিসার্চের ৯ মাসের সার্টিফিকেট কোর্স পড়া যাচ্ছে। আমরি হসপিটালসের সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে কোর্সটি। শুক্র ও শনিবার দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ক্লাস। ফি: ৬০,০০০ টাকা।

ক্লিনিক্যাল ফার্মাকোলজি ও থেরাপিউটিক্স বিষয়টি দিয়ে পাঠ শুরু হয়। তারপর বিশদে জানতে হবে ক্লিনিক্যাল রিসার্চের পদ্ধতি-প্রকরণ। জানতে হয় ফার্মাকোভিজিল্যান্স সম্পর্কে। থাকবে ল্যাবরেটরির কাজ, প্রজেক্ট তৈরি, সেমিনার ইত্যাদি।

### কারা পড়তে পারবেন

প্রাণবিজ্ঞানের যে-কোনও শাখার গ্র্যাজুয়েট, ফার্মাসিউটিক্যাল টেকনোলজির গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট এবং ডিপ্লোমাধারী, বি ফার্ম (আয়ুর্বেদিক), এম বি বি এস, এম ডি, বি ডি এস, এম ডি এস, বি এইচ এম এস, ভেটেরিনারি সায়েন্স, ফিজিওথেরাপি এবং নার্সিংয়ের ডিগ্রিধারীরা কোর্সটি পড়তে পারেন। প্যারামেডিক্যাল টেকনোলজির ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।

### চাকরির জন্য সহায়তা

আমরি হসপিটালসের তরফে জানানো হয়েছে, কোর্স শেষে ফার্মাসিউটিক্যাল শিল্পে চাকরির সুযোগ-সম্ভাবনা সম্পর্কে তথ্য-পরামর্শ পাওয়া যাবে আমরি হসপিটালের ক্লিনিক্যাল রিসার্চ ইউনিট থেকে।

জে আই এস বিশ্ববিদ্যালয়ের তরফে জানানো হয়েছে, কোর্স শেষ হওয়ার পর দক্ষ ছাত্রছাত্রীদের জীবনপঞ্জি পাঠিয়ে দেওয়া হবে বিভিন্ন গবেষণা সংস্থা এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানিতে।

### আবেদনের পদ্ধতি

জে আই এস বিশ্ববিদ্যালয়ে ফার্মাকোভিজিল্যান্স ইন ফার্মাসিউটিক্যাল অ্যান্ড ক্লিনিক্যাল রিসার্চের ৯ মাসের সার্টিফিকেট কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ভর্তির জন্য আগ্রহীরা এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: প্রফেসর তপনকুমার চট্টোপাধ্যায়, ডিন, জে আই এস ইউনিভার্সিটি, ৮১, নীলগঞ্জ রোড, আগরপাড়া, কলকাতা-৭০০ ১০৯। ফোন: ৬২৯০৪-৮৬৫৮৮। ই-মেল: dr.tkchatterjee@jisuniversity.ac.in প্রয়োজনে প্রফেসর তপনকুমার চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলতে পারেন এই নম্বরে: ৯৮৩৬০-৬৬৯২৭।

প্রসঙ্গত, ফার্মাকোভিজিল্যান্স ইন ফার্মাসিউটিক্যাল অ্যান্ড ক্লিনিক্যাল রিসার্চের সার্টিফিকেট কোর্স পড়ানো হয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারেও। ঠিকানা: ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, ফার্মাসিউটিক্যাল টেকনোলজি বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন: ২৪৫৭-২০৫৮।

### চাকরির সুযোগ

ওষুধ প্রস্তুতকারক সংস্থাগুলিতে এখন ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের পেশাদারদের বিপুল চাহিদা তৈরি হয়েছে। চাকরির সুযোগ রয়েছে ক্লিনিক্যাল গবেষণা সংস্থাগুলিতে। এছাড়াও ড্রাগ কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়া এবং সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশনের মত সংস্থাগুলিতে, বড় হাসপাতাল, নার্সিং হোমের ক্লিনিক্যাল রিসার্চ বিভাগে চাকরি হতে পারে। চাকরির সুযোগ রয়েছে বি পি ও সংস্থাগুলিতেও।

# চাষ-আবাদের নতুন প্রেক্ষাপটে হাল ধরবে শিক্ষিত তরুণ-তরুণীরাই

*তেরোর পাতার পর*

প্রযুক্তি-নির্ভর চাষ-আবাদের কাজে এগিয়ে আসে সে-ব্যাপারে উৎসাহ ও সহায়তা দেওয়ার জন্য এগ্রিকালচার স্কিল কাউন্সিল অব ইন্ডিয়া তৈরি হয়েছে। আগ্রহীরা দেখতে পারেন কাউন্সিলের এই ওয়েবসাইটটি: www.asci-india.com ডঃ মণ্ডল জানান, শুধু কৃষি বা বাগিচা ফসল নয়, একটু পরিকল্পনা করে কাজ করলে মাছ চাষ, পশুপালন, হাঁস-মুরগি পালনের মাধ্যমেও স্বনিযুক্ত হওয়া যায়। নিজের বাড়ির বা গ্রামের এঁদো ডোবাটিও তাই অকাজের নয়। ওখানে দেশি কই, মাগুরের মতো জিওল মাছের চাষ হতে পারে। বাজারে জিওল যথেষ্ট দামে বিকোয়। ছোট আকারের পুকুরে, প্রয়োজনে বাড়িতে চৌবাচ্চা তৈরি করেও রঙিন মাছের চাষ করা যায়। রঙিন মাছের ভালো বাজার আছে দেশে ও বিদেশে।

রাজ্যজুড়ে বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে রয়েছে কৃষিবিজ্ঞান কেন্দ্র। এই কেন্দ্রগুলিতে বিভিন্ন ফসলের চাষ, মাছের চাষ, পশুপালনের প্রশিক্ষণ দেওয়া হয়। পাওয়া যায় প্রয়োজনীয় তথ্য-পরামর্শ। চাষ-আবাদে আগ্রহীরা কৃষিবিজ্ঞান কেন্দ্রগুলিতে যোগাযোগ করতে পারেন।

### পশ্চিমবঙ্গের কৃষিবিজ্ঞান কেন্দ্রগুলির তালিকা

(১) নিমপীঠ কৃষিবিজ্ঞান কেন্দ্র, রামকৃষ্ণ আশ্রম, পোঃ নিমপীঠ আশ্রম, দক্ষিণ ২৪ পরগনা-৭৪৩ ৩৩৮। ফোন: (০৩২১৮) ২২৬০০২/ ২২৬৬৩৬। (২) উত্তর ২৪ পরগনা কৃষিবিজ্ঞান কেন্দ্র, ৮১২/১, অশোকনগর, উত্তর ২৪ পরগনা-৭৪৩ ২২২। ফোন: (০৩২১৬) ২২১৮০৮। (৩) মুর্শিদাবাদ কৃষিবিজ্ঞান কেন্দ্র, গ্রাম মহিলবাসা, পোঃ কালুখালি, থানা: ভগবানগোলা, মুর্শিদাবাদ-৭৪২ ১৩৫। ফোন: (০৩৪৮৩) ২৫৫৪৪২। (৪) উত্তর দিনাজপুর কৃষিবিজ্ঞান কেন্দ্র, ব্লক সিড ফার্ম, চোপড়া, উত্তর দিনাজপুর-৭৩৩ ২১৬। ফোন: (০৩৫২৬) ২৬৩৬৫৩। (৫) হাওড়া কৃষিবিজ্ঞান কেন্দ্র, পোঃ জগৎবল্লভপুর, হাওড়া-৭১১ ৪০৮। ফোন: (০৩২১৪) ২১১৩৮৪। (৬) হুগলি কৃষিবিজ্ঞান কেন্দ্র, পোঃ চুঁচুড়া, হুগলি-৭১২ ১০১। ফোন: (০৩৩) ২৬৮৬-৪২৫৬। (৭) বর্ধমান কৃষিবিজ্ঞান কেন্দ্র, সেন্ট্রাল রিসার্চ ইনস্টিটিউট ফর জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার, বুদ্বুদ, বর্ধমান-৭১৩ ৪০৩। ফোন: (০৩৪৩) ২৫১৩৬৫১/২৫১২০০৭। (৮) কোচবিহার কৃষিবিজ্ঞান কেন্দ্র, পুণ্ডিবাড়ি, কোচবিহার-৭৩৬ ১৬৫। ফোন: (০৩৫৮২) ২৭০৫৮৭/ ২৫৩৭৮৪। (৯) মালদা কৃষিবিজ্ঞান কেন্দ্র, ব্লক সিড ফার্ম, পোঃ রতুয়া, মালদা-৭৩২ ২০৫। ফোন: (০৩৫১৩) ২৬৬৯১৩। (১০) দক্ষিণ দিনাজপুর কৃষিবিজ্ঞান কেন্দ্র, রিজিওনাল রিসার্চ স্টেশন, মাঝিহান, পাতিরাম, দক্ষিণ দিনাজপুর-৭৩৩ ১৩৩। ফোন: (০৩৫২২) ২৫৩৭৮৪। (১১) নদিয়া কৃষিবিজ্ঞান কেন্দ্র, পোঃ গয়েশপুর, নদিয়া-৭৪১ ২৩৪। ফোন: (০৩৩) ২৫৮৯-১২৭১। (১২) দার্জিলিং কৃষিবিজ্ঞান কেন্দ্র, কালিম্পং, দার্জিলিং-৭৩৪ ৩০১। ফোন: (০৩৫৫২) ২৫৬২৮৩। (১৩) পুরুলিয়া (কল্যাণ) কৃষিবিজ্ঞান কেন্দ্র, কল্যাণ, গ্রাম: বোঙ্গাবাড়ি, বিবেকানন্দ-নগর, পুরুলিয়া-৭২৩ ১৪৭। ফোন: (০৩২৫২) ২৮০২০৭/ ২২৮০১৮। (১৪) জলপাইগুড়ি কৃষিবিজ্ঞান কেন্দ্র, পোঃ রামশা ভায়া লাটাগুড়ি, জলপাইগুড়ি-৭৩৫ ২১৯। ফোন: (০৩৫৬১) ২৭৫২৬০। (১৫) বাঁকুড়া কৃষিবিজ্ঞান কেন্দ্র, ডব্লু বি সি এ ডি সি, সোনামুখী, বাঁকুড়া-৭২২ ২০৭। ফোন: (০৩২৪৪) ২৭৫৩১৪। (১৬) সেবাভারতী কৃষিবিজ্ঞান কেন্দ্র, সেবাভারতী কাপগরি, পশ্চিম মেদিনীপুর-৭২১ ৫০৫। ফোন: (০৩২২১) ২৬৭২৬৭। (১৭) শস্যশ্যামলা কৃষিবিজ্ঞান কেন্দ্র, পোঃ সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা-৭০০ ১৫০। ফোন: (০৩৫২২) ২৭৩৩৪০। (১৮) রথীন্দ্র কৃষিবিজ্ঞান কেন্দ্র, পল্লীশিক্ষা ভবন (ইনস্টিটিউট অব এগ্রিকালচার), পোঃ শ্রীনিকেতন, বীরভূম-৭৩১ ২৩৬। ফোন: (০৩৪৬৩) ২৬৪৭৭১।

# নার্সিংয়ে কেরিয়ার

*বারোর পাতার পর*

### কারা পড়বেন

কেবল মহিলারা আবেদন করবেন। ভর্তি হওয়ার জন্য শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ইংরেজি এবং এই বিষয়গুলির মধ্যে যে-কোনও তিনটি বিষয় পড়ে থাকতে হবে— ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজিক্যাল সায়েন্স, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, হিস্ট্রি, জিওগ্রাফি, বিজনেস স্টাডিজ, অ্যাকাউন্ট্যান্সি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, সোশিওলজি, সাইকোলজি এবং ফিলোজফি। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি পড়ে থাকলে অগ্রাধিকার। প্রার্থীকে একটানা অন্তত ৫ বছর পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে এবং বাংলা ও ইংরেজি ভাষা জানতে হবে। জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯১ থেকে ১-১-২০০১-এর মধ্যে।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, সফলভাবে কোর্স শেষে শিক্ষার্থীরা ৬ মাসের ইন্টার্নশিপের সুযোগ পাবেন ই এস আই হাসপাতালে।

### আবেদনের পদ্ধতি

ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে ৩৫০ টাকার বিনিময়ে প্রেশিওর-সহ আবেদনপত্র সংগ্রহ করা যাবে প্রতিষ্ঠানের মানিকতলা এবং শিয়ালদা শাখা থেকে। ঠিকানা— **মানিকতলা শাখা:** নার্সেস ট্রেনিং সেন্টার, ই এস আই হসপিটাল, মানিকতলা, ৯৩, বাগমারি রোড, কলকাতা-৭০০ ০৫৪। **শিয়ালদা শাখা:** নার্সিং ট্রেনিং স্কুল, ই এস আই হসপিটাল, শিয়ালদা, ৩০১/৩ আচার্য প্রফুল্ল চন্দ্র রোড, কলকাতা-৭০০ ০০৯।

এছাড়া আবেদনপত্র সংগ্রহ করা যাবে এই ঠিকানা থেকেও: অফিস অব দ্য ডিরেক্টর, ই এস আই (এম বি) স্কিম, পি-২৩৩, সি আই টি স্কিম, সেভেন-এম, বাগমারি রোড, কলকাতা-৭০০ ০৫৪।

আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র রেজিস্টার্ড পোস্ট বা স্পিডপোস্টের মাধ্যমে পাঠাতে হবে এই তিন ঠিকানার যে-কোনও একটিতে— The Principal, Nurses' Training Centre, E.S.I. Hospital Manicktala, 93, Bagmari Road, Kolkata-700 054 অথবা The Director's Office, ESI (MB) Scheme, P-233, CIT Scheme, VII-M, Bagmari Road, Kolkata-700 054 অথবা The Principal, Nursing Training School, E.S.I Hospital Sealdah, 301/3 A.P.C. Road, Kolkata 700 009.

আবেদনপত্র সরাসরিও জমা দিতে পারেন এই তিনটি ঠিকানার কোনও একটিতে, সোম থেকে শুক্রবার, সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে। আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ২১ জুলাই।

### প্রার্থী বাছাই

প্রার্থী বাছাই করা হবে উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের একটি মেডিক্যাল টেস্ট দিতে হবে। নির্বাচিত প্রার্থীদের তালিকা এবং মেডিক্যাল টেস্টের তারিখ অগস্ট মাসের দ্বিতীয় সপ্তাহে প্রতিষ্ঠানের ওয়েবসাইট অথবা প্রতিষ্ঠানের শিয়ালদা ও মানিকতলা শাখার নার্সিং ট্রেনিং বিভাগের নোটিস বোর্ডে জানানো হবে। প্রতিষ্ঠানের ওয়েবসাইট ঠিকানা: www.esiwb.gov.in যাবতীয় খুঁটিনাটি তথ্যও এখানে পাবেন।

### নার্সিংয়ের অন্যান্য কোর্স

ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল ও রাজ্য নার্সিং কাউন্সিল কর্তৃক অনুমোদিত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে নার্সিং-সংক্রান্ত বিভিন্ন কোর্স পড়ানো হয়। কোর্সগুলি হল— ●জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি এন এম) ●অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ এন এম) ●বি এসসি নার্সিং ●পোস্ট-বেসিক বি এসসি নার্সিং ●এম এসসি নার্সিং।

### কাজের সুযোগ

গোটা দেশ জুড়ে মাল্টিস্পেশ্যালিটি, সুপার স্পেশ্যালিটি হাসপাতাল গড়ে উঠছে। ফলে স্বাভাবিক ভাবেই বিপুল পরিমাণে কাজের সুযোগও তৈরি হচ্ছে। সরকারি-বেসরকারি হাসপাতাল ছাড়াও প্রশিক্ষিত নার্সরা যোগ দিতে পারেন মিলিটারি নার্সিং সার্ভিসে। কাজের সুযোগ রয়েছে ন্যাশনাল হেলথ মিশনের অধীনস্থ বিভিন্ন সরকারি স্বাস্থ্যপ্রকল্পে। কাজের অভিজ্ঞতা বাড়লে নার্সিং ট্রেনার হিসেবে যোগ দেওয়া যায় বিভিন্ন বেসরকারি সংস্থায়। নার্সিং প্রশিক্ষণ দেওয়ার জন্য দক্ষ সিস্টার টিউটরদের চাহিদা রয়েছে নার্সিং শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে। এর পাশাপাশি ২ বছরের কাজের অভিজ্ঞতাসম্পন্ন নার্সরা নিখরচায় সরকারি প্রশিক্ষণ নিয়ে যোগ দিতে পারেন কমিউনিটি হেলথ অফিসার হিসেবে জেলার উপস্বাস্থ্যকেন্দ্রগুলিতে।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনিযুক্তি ও চাকরি সহায়ক ৪ কোর্সে ভর্তি চলছে

নয়ের পাতার পর

হয়। এছাড়াও কোন জিনিসটি আপনি রপ্তানি করবেন, সেটা সংগ্রহ করবেন কীভাবে, কোথায় রপ্তানি করবেন, বিদেশের ক্রেতা কীভাবে খুঁজবেন, কী প্রক্রিয়ায় ক্রেতার কাছ থেকে টাকা পাবেন, টাকা মার যাওয়া ঠেকাতে কী করবেন— এর সবক'টিই খুব বড় এবং প্রাসঙ্গিক প্রশ্ন।

**কোথায় পড়বেন:** এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ই ডি আই) এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটির মেয়াদ মেয়াদ ১ বছর।

**কারা পড়বেন:** যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন। ভর্তির ক্ষেত্রে বয়সের কোনও বিধিনিষেধ নেই।

**কী পড়বেন:** এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের বিভিন্ন পাঠ্য বিষয়ের মধ্যে রয়েছে ফরেন ট্রেড পলিসি, ফরেন ট্রেড এনভায়রনমেন্ট, প্রোডাক্ট আইডেন্টিফিকেশন, এক্সপোর্ট মার্কেটিং, এক্সপোর্ট প্রাইসিং, এক্সপোর্ট-ইমপোর্ট প্রসিডিওর অ্যান্ড ডকুমেন্টেশন, এক্সপোর্ট ফিনান্স। সঙ্গে থাকে প্রোজেক্ট রিপোর্ট তৈরি।

**ফি:** এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সের ফি ১২ হাজার টাকা।

## ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট

সরকারি এবং বেসরকারি স্তরে ক্রমাগত পর্যটনকে বাণিজ্যিক ভাবে ব্যবহার করার প্রবণতা শুরু হওয়ার পর থেকে এ ব্যবসারও বিপুল সম্ভাবনা দেখা যাচ্ছে এ দেশে। ট্র্যাভেল এজেন্সি গঠন, ট্যুর অপারেশন, ট্যুর গাইডের কাজকর্মের সঙ্গে রেল, বিমানের টিকিট বুকিং, অনলাইন হোটেল বুকিং— এ পেশায় কাজ নানা ধারার। আবার সবক'টি কাজকে একত্রিত করে বড় আকারে ব্যবসা করার সুযোগও আছে। কিন্তু কীভাবে এগোবেন? সেটা জানতে হবে। পর্যটন-সংক্রান্ত কাজে দক্ষদের চাকরির সুযোগও আছে বিভিন্ন পর্যটন সংস্থাতেও।

**কোথায় পড়বেন:** এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ই ডি আই) ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সের মেয়াদ ১ বছর।

**কারা পড়বেন:** কোর্সটি পড়তে পারেন যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা। ভর্তির ক্ষেত্রে বয়সের বিধিনিষেধ নেই।

**কী পড়বেন:** ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম কোর্সে পড়ানো হয় এইসব বিষয়— ট্যুরিজম প্র্যাক্টিসেস, এন্ট্রেপ্রেনারশিপ— অ্যাকাউন্টিং অ্যান্ড লিগ্যাল আসপেক্ট, ট্র্যাভেল এজেন্সি, ট্যুর অপারেশন, ট্যুর গাইড, হসপিটালিটি অ্যান্ড ট্রান্সপোর্ট, গভর্নমেন্ট ট্যুরিজম পলিসি, মার্কেটিং ও টিকেটিং। সঙ্গে থাকবে প্রোজেক্ট রিপোর্ট তৈরি ও বিভিন্ন পর্যটনকেন্দ্র পরিদর্শন।

**ফি:** ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটির ফি ১২ হাজার টাকা।

## এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট

সার্বিক ভাবে দক্ষ পরিচালনার গুণেই একটি ছোট আকারের ব্যবসাও ক্রমে বড় আকার নেয়। ব্যবসা গড়ার জন্য কোন কোন দিকগুলি নিয়ে ভাবনাচিন্তা করে আটঘাট বাঁধতে হয়, সার্বিকভাবে সে-বিষয়েই এই পৃথক প্রশিক্ষণের ব্যবস্থা।

**কোথায় পড়বেন:** এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ই ডি আই) এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সটির মেয়াদ ১ বছর।

**কারা পড়বেন:** এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনে ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন যে-কোনও শাখা উচ্চমাধ্যমিকরা। এছাড়া ব্যাচেলর প্রিপারেটরি (বি পি পি) কোর্স পাশরাও এ কোর্সটি পড়তে পারেন।

**কী পড়বেন:** এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনে ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সে পড়তে হয় এইসব বিষয়— এন্ট্রেপ্রেনারশি বিজনেস অপরচুনিটিস, অপারেশনস ম্যানেজমেন্ট, মার্কেটিং ম্যানেজমেন্ট জেনারেল ম্যানেজমেন্ট, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট। সঙ্গে থাকবে প্রোজে রিপোর্ট তৈরি ও বিভিন্ন সংস্থা পরিদর্শন।

**ফি:** এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্টে ডিপ্লোমা কোর্সের ফি ৯ হাজার টাকা।

## ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি

যে-ব্যবসাই করুন না কেন, হিসেবরক্ষণের আধুনিক পদ্ধতিটি জানতেই হবে হিসেবরক্ষণ তথা অ্যাকাউন্টিংয়ের জ্ঞানের সঙ্গে পণ্য ও পরিষেবা কর তথা জি এস টি-সংক্রান্ত হিসেবনিকেশ জানা থাকলে এখন আর কাজের অভাব নেই বিভিন্ন সংস্থায় চাকরি তো হতেই পারে, চাইলে নিজের সংস্থা খুলে স্বনিযুক্ত হওয়ার সুযোগও রয়েছে।

**কোথায় পড়বেন:** এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ই ডি আই) ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি-র সার্টিফিকেট কোর্সটি ৬ মাসের।

**কারা পড়বেন:** কোর্সটি পড়তে পারবেন অন্তত স্নাতক কোর্সে পাঠরতরা।

**কী পড়বেন:** ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি কোর্সে শেখানো হবে এইসব বিষয়— ট্যালি ব্যবহার করে ই-অ্যাকাউন্টিং, ইনকাম ট্যাক্স, জি এস টি, ডি ডি এস ও প্রফেশনাল ট্যাক্স।

**ফি:** ৫ হাজার টাকা।

## কোথায় প্রশিক্ষণ

সবক'টি কোর্সই পড়ানো হয় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে, দূরশিক্ষা ব্যবস্থায়। সার্টিফিকেট দেয় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।

কোনও কোর্সে ভর্তির জন্যই বয়সের কোনও বিধিনিষেধ নেই। যাঁরা সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে চাকরি করছেন বা স্বনিযুক্ত রয়েছেন তাঁরাও দক্ষতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কোনও কোর্স করে নিতে পারেন। মুক্ত ব্যবস্থায় পড়াশোনা, তাই নিয়মিত ক্লাসে হাজিরা দেওয়ার বাধ্যবাধকতা নেই। কেবল রবিবারগুলিতে ক্লাস হয় এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে।

এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর এম এন মাইতি জানিয়েছেন, চারটি কোর্সই চাকরি ও স্বনিযুক্তি সহায়ক। তিনি জানান, ব্যবসায় আগ্রহীরা প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ পাবেন। প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারেও নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ই ডি আই থেকে তথ্য-পরামর্শ দিয়ে সহায়তা করা হবে।

## ভর্তির পদ্ধতি

সবক'টি কোর্সেই এখন ভর্তি চলছে। আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর থ্রি, সল্টলেক (কলম্বিয়া-এশিয়া হসপিটালের পাশে), কলকাতা-৭০০ ১০৬। অ্যাপ্লিকেশন ফর্ম ও রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের ক্ষেত্রে ৫০০ টাকা এবং অন্যান্য কোর্সের ক্ষেত্রে ৪০০ টাকা।

পূরণ করা আবেদনপত্র ই ডি আইয়ে জমা দিতে হবে ২৫ জুলাইয়ের মধ্যে।

তথ্যের প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ২৩৩৫-৭৬৮১, ২৩৩৫-৭২৫৮। ওয়েবসাইট: www.edikolkata.org

# ফার্মাসি নিয়ে পড়াশোনা ও কেরিয়ার

বারোর পাতার পর

ভর্তি হতে পারেন। এই পরীক্ষাটি পরিচালনা করে রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড।

● বিজ্ঞান শাখায় অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হলেই পড়া যায় ডিপ্লোমা ইন ফার্মাসি (ডি ফার্ম) এবং ব্যাচেলর ইন ফার্মাসি (বি ফার্ম)। বি ফার্ম পড়ার জন্য এর সঙ্গে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বৈধ র‍্যাঙ্ক থাকতে হবে।

● মাস্টার অব ফার্মাসি (এম ফার্ম) পড়তে পারেন ফার্মাসির ব্যাচেলর্স ডিগ্রিধারীরা। অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন (এ আই সি টি ই) কর্তৃক স্বীকৃত বিভিন্ন কলেজে ফার্মাসির স্নাতকোত্তর কোর্স পড়তে হলে দিতে হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা। পরীক্ষাটির নাম গ্র্যাজুয়েট ফার্মাসি অ্যাপ্টিটিউড টেস্ট। পরীক্ষাটি পরিচালনা করে এ আই সি টি ই। পরীক্ষা-সংক্রান্ত তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.aicte-gpat.in

## চাকরির সুযোগ

ফার্মাসি নিয়ে পড়াশোনা শেষ করার পর ফার্মাসিস্ট হিসেবে কাজ শুরু করা যায়। তবে তার আগে ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়ায় ফার্মাসিস্ট হিসেবে নাম নথিভুক্ত করাতে হবে। ডিপ্লোমা পড়ুয়াদের জন্য ক্যাম্পাসিংয়ের আয়োজন করা হয় বলে জানিয়েছেন ইনস্টিটিউট অব ফার্মাসি কর্তৃপক্ষ।

সাধারণভাবে ফার্মাসিস্ট পদে চাকরি হতে পারে পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যপ্রতিষ্ঠানে। রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির মাধ্যমে বিভিন্ন সরকারি প্রকল্পে উপস্বাস্থ্যকেন্দ্রগুলিতে চাকরির সুযোগ রয়েছে। এছাড়া রয়েছে অধ্যাপনার সুযোগ।

অঙ্ককোয়েস্ট ল্যাবরেটরিজ সংস্থায় বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার পদে কর্মরত সুদীপ্ত রায় জানালেন, ওষুধ ম্যানুফ্যাকচারিং শিল্পের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ সেলস ও মার্কেটিং-এ চাকরি পেতে পারেন ফার্মাসির ডিগ্রিধারীরা। মার্কেটিং বিভাগে কাজ শুরু করার পর পদোন্নতি হয় এরিয়া ম্যানেজার, রিজিওনাল ম্যানেজার এবং জোনাল ম্যানেজার পদে। চাকরি হতে পারে ডায়াগনস্টিক ল্যাবরেটরি এবং প্রসাধনী সামগ্রী প্রস্তুতকারক সংস্থাগুলিতেও।

পশুখাদ্য প্রস্তুতকারক সংস্থায় চাহিদা রয়েছে পেশাদার ভেটেরিনারি ফার্মাসিস্টদের। বর্তমানে সরকারি উদ্যোগে রাজ্যের প্রতিটি ব্লকে একটি করে ভেটেরিনারি হাসপাতাল গড়ে উঠেছে। সেখানে ডাক্তারের প্রেসক্রিপশন অনুযায়ী ওষুধ ও ইঞ্জেকশন দেওয়া এবং ড্রেসিং করার কাজও ভেটেরিনারি ফার্মাসিস্টরাই করেন।

# আমাদের লক্ষ্য বছরে ৬ লক্ষ ছেলেমেয়েকে কারিগরি শিক্ষায় শিক্ষিত করে তোলা

নয়ের পাতার পর

এই বিষয়ে কোনও সিদ্ধান্ত হয়নি। তবে হোটেল ম্যানেজমেন্ট ও কেটারিং সার্ভিস নিয়ে আমরা কিছু নতুন উদ্যোগ নিচ্ছি। যাদবপুরে যে-ফুড প্রসেসিং ইউনিট রয়েছে সেখানেই পলিটেকনিকে উত্তীর্ণ প্রার্থীরা ফুড প্রসেসিং নিয়ে পড়তে পারেন। এছাড়া বিভিন্ন ট্রেনিং প্রোভাইডাররা বিনামূল্যে খাবার তৈরির বিষয়ে ঘণ্টার ভিত্তিতে একাধিক ট্রেনিং করায়। সল্টলেকের ন্যাশনাল ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট আমাদের দপ্তরের সঙ্গে যুক্ত হয়ে ট্রেনিং করাচ্ছে। এক্ষেত্রে অবশ্য নির্দিষ্ট কোর্স ফি রয়েছে। এছাড়া ২-৩ সপ্তাহ আগেই 'ভজহরি মান্না' রেস্তোরাঁর কর্ণধার সিদ্ধার্থবাবুর সঙ্গে আমার আলোচনা হয়েছে। তাঁরা কারিগরি ভবনের সঙ্গে যুক্ত হয়ে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড কেটারিং সার্ভিসের ট্রেনিং দেবেন। বাঙালি খাবার কীভাবে বানাতে হবে তা শেখানো হবে। গ্রাম ও মফস্‌সলের ছেলেমেয়েদের বিশেষ উদ্যোগ নিয়ে এই ট্রেনিং দেওয়া হবে।

**কর্মক্ষেত্র:** *হোটেল-রেস্তোরাঁর খাবারের মান নিয়ে এখন নানা অভিযোগ সামনে আসছে। আপনাদের ট্রেনিংয়ে এ-ব্যাপারে কি কিছু ভাবা হয়েছে?*

**পূর্ণেন্দু বসু:** আমাদের দপ্তর থেকে যেসব ট্রেনিং দেওয়া হয় তাতে শুধু রান্নার পদ্ধতি জানা বা বানাতে পারাকেই প্রাধান্য দেওয়া হয় না। কীভাবে খাবারের বিভিন্ন উপাদান সংরক্ষণ করতে হবে, খাবার তৈরির পর কীভাবে সেই খাবার স্বাস্থ্যসম্মত ভাবে পরিবেশন করতে হবে, বেঁচে যাওয়া খাবার কীভাবে রাখতে হবে— এই পুরো প্রসেসটা শেখানো হয়।

**কর্মক্ষেত্র:** *এগ্রিকালচার ট্রেডে কি জৈব চাষের মত নতুন কোনও ট্রেড অন্তর্ভুক্ত হতে পারে?*

**পূর্ণেন্দু বসু:** হ্যাঁ, এই বিষয়টি নিয়েও আলোচনা চলছে। এন এস ডি সি নতুন কিছু ট্রেড নিয়ে কারিকুলাম তৈরি করেছে। এগ্রিকালচার বিষয়ের বিশেষজ্ঞ এবং স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিদের নিয়ে এজন্য একটি পরামর্শদাতা পরিষদ তৈরি হবে। সেখানে ঠিক হবে ছেলেমেয়েদের কোন-কোন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। এখনও পর্যন্ত যা সিদ্ধান্ত হয়েছে সেই অনুযায়ী, রাজ্যের ১৫২টি স্কুলে অষ্টম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পড়ুয়াদের এগ্রিকালচারের বিভিন্ন বিষয়ের ওপর সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শুরু হবে জুলাইয়ে। কারিগরি ভবনের 'উৎকর্ষ বাংলা প্রকল্পে'র আওতায় এই ট্রেনিং কোর্স করানো হবে। থিওরি ও প্র্যাক্টিক্যাল ক্লাসের ব্যবস্থা থাকবে। প্রশিক্ষণের পর সফল ছেলেমেয়েরা সার্টিফিকেট পাবে। প্রশিক্ষণের সময় ও তারিখ বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দেওয়া হবে। শুধু জৈব চাষ নয়, ফুল, ফল, সবজি চাষের প্রশিক্ষণও এখানে করানো হবে।

**কর্মক্ষেত্র:** *'উৎকর্ষ বাংলা প্রকল্প' কী?*

**পূর্ণেন্দু বসু:** উৎকর্ষ বাংলা প্রকল্পটি ২০১৬ সালের ১৬ ফেব্রুয়ারি চালু করেছে রাজ্য সরকার। এই প্রকল্পের প্রধান লক্ষ্য, অর্থ-সামাজিক কারণে মাঝপথে পড়াশোনা ছেড়ে দেওয়া ছেলেমেয়েদের বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ দিয়ে চাকরির উপযোগী করে তোলা।

**কর্মক্ষেত্র:** *আই টি আই বা ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের স্বনিযুক্তির জন্য বিশেষ কোনও প্রকল্প রাজ্য সরকার কি নিয়েছে?*

**পূর্ণেন্দু বসু:** রাজ্য সরকারের স্বনিযুক্তি দপ্তরের সঙ্গে আমাদের দপ্তর যৌথভাবে কিছু কাজ করে। সেল্ফ হেল্প গ্রুপের 'মুক্তিধারা প্রকল্প' দিয়ে আমরা প্রথম এ জাতীয় প্রশিক্ষণ দেওয়া শুরু করছি। চলতি মাস থেকেই প্রশিক্ষণ শুরু হবে। রাজ্যের যে-কোনও জেলার পঞ্চায়েত বা নোডাল অফিসে গিয়ে এই প্রকল্পে প্রশিক্ষণ নেওয়ার জন্য প্রার্থীরা নাম নথিভুক্ত করতে পারবেন। সেল্ফ হেল্প গ্রুপ আমাদের যে-প্রার্থীদের সার্টিফায়েড করে দেবে, আমরা তাদের বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণ ও কীভাবে নিজের ব্যবসা শুরু করে স্বনির্ভর হওয়া যায় তার প্রশিক্ষণ দেব। এই প্রকল্পে প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। এই প্রশিক্ষণটিও বিনামূল্যে করানো হবে ও কোর্স শেষে সরকার অনুমোদিত সার্টিফিকেট দেওয়া হবে। প্রশিক্ষণ আয়োজিত হবে কারিগরি ভবনের সেমিনার হল ও পঞ্চায়েত এলাকার কোনও হলে।

**কর্মক্ষেত্র:** *এই নতুন প্রশিক্ষণ প্রকল্পে আপনারা কতজন প্রার্থীকে ১ বছরের মধ্যে স্বনির্ভর করে তোলার লক্ষ্য নিয়েছেন?*

**পূর্ণেন্দু বসু:** আপাতত বছরে ১ লক্ষ প্রার্থী মুক্তিধারা প্রকল্পের মাধ্যমে স্বনির্ভর হবেন বলেই আমাদের ধারণা। আগামী দিনে এই সংখ্যা আমরা ৪ লক্ষতে নিয়ে যেতে চাই।

**কর্মক্ষেত্র:** *গ্রাম ও মফস্‌সলের ছেলেমেয়েদের, বিশেষ করে বিবাহিত মেয়েদের প্রশিক্ষণ নিতে আসার উদ্যোগ কতটা দেখা যাচ্ছে?*

**পূর্ণেন্দু বসু:** গ্রাম ও মফস্‌সলের ছেলেমেয়েদের হার নজর কাড়ার মতো। তবে প্রশিক্ষণ নিতে আসা বিবাহিত মহিলাদের মধ্যে ড্রপ আউটের সংখ্যা বেশি। এঁদের অতিরিক্ত সময় দিয়ে কোর্স শেষ করানো হয়।

**কর্মক্ষেত্র:** *আর কি কোনও নতুন পরিকল্পনা আছে কারিগরি দপ্তরের, যা 'কর্মক্ষেত্র'-র পাঠকপাঠিকাদের জানাতে চান?*

**পূর্ণেন্দু বসু:** নতুন পরিকল্পনা তো সবসময় করতে হয়। নতুন কোন-কোন বিষয় সিলেবাসে আনলে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্যের তুলনায় এগিয়ে থাকতে পারে, সে বিষয়ে ভাবনাচিন্তা চলে। বিভিন্ন চেম্বার অব কমার্সের সঙ্গে এই নিয়ে আলোচনাও হচ্ছে। তবে, আমাদের যত ট্রেনিং প্রোভাইডার রয়েছে, তারা সকলেই ভালো করে ট্রেনিং দিচ্ছে, ক্লাস করাচ্ছে, এমনটা নয়।

**কর্মক্ষেত্র:** *এই বিষয়ে দপ্তর থেকে নিয়মিত নজরদারি করা হয় না?*

**পূর্ণেন্দু বসু:** তীক্ষ্ণ নজরদারির ব্যবস্থা হচ্ছে। এর জন্য বিশেষ একটি সফটওয়্যার ও ওয়েবসাইট তৈরি করা হচ্ছে, যার মাধ্যমে আমরা জানতে পারব, কারা কেমন ট্রেনিং দিচ্ছেন।

**কর্মক্ষেত্র:** *কোনও বেসরকারি সংস্থা কারিগরি ভবনের আওতায় এসে ট্রেনিং প্রোভাইডার হতে চাইলে তাদের জন্য কী নিয়ম রয়েছে?*

**পূর্ণেন্দু বসু:** আমাদের দপ্তরের নিজস্ব সরকারি ওয়েব পোর্টাল pbssd.org-তে গিয়ে ট্রেনিং প্রোভাইডার হওয়ার নিয়ম জানতে পারবেন। এক্ষেত্রে কোন কোর্সের জন্য কত মাপের ঘর লাগবে তা জেনে নিয়ে আমাদের দপ্তরে আবেদন করতে হবে। আবেদন গ্রহণযোগ্য হলে ট্রেনিং প্রোভাইডার হয়ে আমাদের সঙ্গে কাজ করার ছাড়পত্র মিলবে।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞানবিজ্ঞান

## জানার জানালা

### বাঁকুড়ায় পাওয়া গেল বাদশাহি মুদ্রা



অতীতে বহু জায়গাতেই মিলেছে। সম্প্রতি বাঁকুড়ার এক গ্রামের মাটি কেটে পাওয়া গেল বাদশাহি মুদ্রা। ইটভাটার কাজে মাটি কাটা হচ্ছিল বাঁকুড়া ২ নম্বর ব্লকের ওলা গ্রামে। রুপোর মুদ্রাগুলি পাওয়া গেল সেখানেই। খবরে প্রকাশ মাটি কেটে পাওয়া মুদ্রাগুলির কিছু লোপাট হয়ে গেলেও কয়েকটি পৌঁছেছে প্রশাসনের হাতে। সেগুলি শাহজাহান, মহম্মদ শাহ এবং ঔরঙ্গজেবের আমলের বলে জানা গেছে। মুদ্রাগুলির মধ্যে অন্তত একটি মুর্শিদাবাদের টাকশালে তৈরি বলেও প্রমাণ মিলেছে। বিশেষজ্ঞদের মতে এই ধরনের মুদ্রা পশ্চিমবঙ্গের পশ্চিম অংশ থেকে পাওয়া খুবই তাৎপর্যপূর্ণ। এই এলাকা থেকে বিষ্ণুপুর খুব কাছেই। বিষ্ণুপুর সংগ্রহশালার সদস্য সচিব চিত্তরঞ্জন দাশগুপ্ত বলেছেন,'মল্লরাজাদের সময়ে বিষ্ণুপুর মুঘল সাম্রাজ্যের অধীনে ছিল। তাই বিষ্ণুপুর ও আশপাশের এলাকায় বাদশাহি মোহরের প্রচলন থাকার সম্ভাবনাও প্রবল।'

### হিমালয়ান নিউট বাঁচাতে নতুন উদ্যোগ



বিপন্ন হিমালয়ান স্যালাম্যান্ডার বা হিমালয়ান নিউট বাঁচাতে নামথিং পোখরিতে বায়োডাইভার্সিটি হেরিটেজ সাইট গড়ে তুলতে উদ্যোগী হল পশ্চিমবঙ্গ সরকার। প্রাণীটির সংখ্যা কমতে থাকায় চিন্তিত বিজ্ঞানীরা। দার্জিলিংয়ের পদ্মজা নাইডু জুলজিক্যাল পার্ক এবং কার্শিয়াংয়ের কাছে তাদের সংরক্ষণের কাজ চললেও তাদের স্বাভাবিক বসতি এলাকাকে বায়োডাইভার্সিটি হেরিটেজ সাইট হিসেবে গড়ে তুলতে আগ্রহী রাজ্য। ইন্ডিয়ান ওয়াইল্ড লাইফ (প্রোটেকশন) অ্যাক্ট (১৯৭২) অনুযায়ী শিডিউল ওয়ান প্রাণী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে হিমালয়ান স্যালাম্যান্ডারকে। সাধারণত ১৫০০ থেকে ২২৫০ মিটার উচ্চতায় ঠান্ডা পরিবেশে এরা বাস করে। এ রাজ্যে একমাত্র দার্জিলিং জেলাতেই হিমালয়ান নিউটদের দেখা মিললেও সিকিম, অরুণাচল প্রদেশের লোহিত জেলা এবং মণিপুরের পাহাড়ি এলাকাতেই এদের দেখা যায়। নামথিং পোখরিকে হেরিটেজ সাইট ঘোষণা করা গেলে হিমালয়ান স্যালাম্যান্ডারের সংরক্ষণের কাজটিও গতি পাবে বলে বিজ্ঞানীদের দাবি।

### মেছো বিড়ালের খোঁজ মিলল রাজ্যের আরও পাঁচ জেলায়



মেছো বিড়াল নিয়ে রাজ্য জুড়ে সমীক্ষায় আশার খবর মিলল। হাওড়ার পাঁচলা, ডোমজুড়, হুগলির ডানকুনি অঞ্চলের জলাভূমি সংলগ্ন এলাকায় আগে থেকেই তাদের উপস্থিতি জানা ছিল। এছাড়া রাজ্যের সংরক্ষিত বনাঞ্চলগুলিতেও এদের গতিবিধি সম্পর্কে তথ্য ছিল। তবে রাজ্যের অন্যত্র, কোথায়, কত সংখ্যায় মেছো বিড়াল রয়েছে বা আদৌ আছে কি না সে সম্পর্কে গবেষকদের কাছে কোনও স্পষ্ট তথ্য ছিল না। পশ্চিমবঙ্গ জীববৈচিত্র পর্ষদের তত্ত্বাবধানে গত কয়েকমাস ধরে চালানো সমীক্ষায় উঠে এসেছে এক আশাব্যঞ্জক চিত্র। পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, নদিয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় প্রাথমিক সমীক্ষার কাজ শেষ হয়েছে। তাতে দেখা যাচ্ছে, এই পাঁচ জেলাতেই অস্তিত্ব রয়েছে রাজ্য পশু বা স্টেট অ্যানিম্যাল মেছো বিড়ালের। তবে সমীক্ষা চলাকালীন বিশেষজ্ঞরা দেখেছেন প্রাণীটির ভবিষ্যৎ সর্বত্র খুব নিরাপদ নয়। আইইউসিএন-এর তালিকা অনুযায়ী প্রাণীটির স্টেটাস হল ভালনারেবল বা বিপদগ্রস্ত। রাজ্য জুড়ে অন্য জেলাগুলিতেও পরের ধাপে সমীক্ষার কাজ চালানো হবে। পুরো কাজটি শেষ হতে বছর দেড়েক সময় লাগবে বলে জানা গেছে।



● বিলুপ্ত পাখি 'ডোডো' কোথায় পাওয়া যেত?
**উত্তর:** মরিশাসে

● পার্ল অ্যাশ'-এর রাসায়নিক নাম কী?
**উত্তর:** পটাশিয়াম কার্বনেট

● দুধওয়া জাতীয় উদ্যান কোথায় আছে?
**উত্তর:** উত্তরপ্রদেশে

● ফসজিনের সংকেত কী?
**উত্তর:** COCl2

● কোন ধাতুর ওপর আলো পড়লে তার রোধ কমে যায়?
**উত্তর:** সেলেনিয়াম

● কোন শহরকে ভারতের প্রবেশদ্বার বলা হয়?
**উত্তর:** মুম্বই

● মুঘল আমলের সরকারি ভাষা কী ছিল?
**উত্তর:** ফারসি

● কোন ভাইসরয়ের সময় ভারতে প্রথম সরকারিভাবে জনগণনা হয়েছিল?
**উত্তর:** লর্ড রিপন

● ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি মিরজাফরের পর কাকে বাংলার নবাব পদে বসিয়েছিল?
**উত্তর:** মিরকাশিম



● বিশ্বখ্যাত 'গুড আর্থ' উপন্যাসটি কার লেখা?
**উত্তর:** পার্ল এস বাক

● ডোনাল্ড ট্রাম্প আমেরিকার কততম রাষ্ট্রপতি?
**উত্তর:** ৪৫ তম

● টেলিভিশন কে আবিষ্কার করেন?
**উত্তর:** জে বেয়ার্ড



● সমস্ত শামুকজাতীয় প্রাণী কোন পর্বভুক্ত?
**উত্তর:** মোলাস্কা

● বর্তমানে অরুণ জেটলির অসুস্থতার কারণে অস্থায়ী ভাবে ভারতের অর্থমন্ত্রীর দায়িত্ব কে পালন করছেন?
**উত্তর:** পীযুষ গয়াল

● গ্যাব্রিয়েল ড্যানিয়েল ফারেনহাইট কে?
**উত্তর:** জার্মান পদার্থবিদ ও পারদ থার্মোমিটারের আবিষ্কর্তা

● বর্তমান ভারতের নবীনতম রাজ্য কোনটি?
**উত্তর:** তেলেঙ্গানা

● এক বর্গমিটার কত বর্গফুটের সমান হয়?
**উত্তর:** ১০.৭৬ বর্গফুট

● কার্বিরা কোন রাজ্যের আদিবাসী?
**উত্তর:** অসম

● তেজস্ক্রিয় রেডিয়াম ধাতুর আবিষ্কারক কে ছিলেন?
**উত্তর:** মাদাম কুরি



● মানুষের শরীরে কোথায় ইউরিয়া তৈরি হয়?
**উত্তর:** বৃক্ক

● কোন হরমোন উদ্ভিদের বৃদ্ধির জন্য দায়ী?
**উত্তর:** অক্সিন

● মাইক্রোফোনে কোন শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়?
**উত্তর:** তড়িৎশক্তি যান্ত্রিকশক্তিতে

● ভারতের কোথায় মহাকাশে উপগ্রহ উৎক্ষেপণ কেন্দ্রটি গড়ে উঠেছে?
**উত্তর:** শ্রীহরিকোটা

● শুটিংয়ের নানা ঘটনা নিয়ে 'একেই বলে শুটিং' বইটি কে লিখেছেন?
**উত্তর:** সত্যজিৎ রায়

● পশ্চিমবঙ্গে বক্সা ব্যাঘ্র প্রকল্প ছাড়া অপর যে ব্যাঘ্র প্রকল্পটি রয়েছে সেটি হল—
**উত্তর:** সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প

● রাশিয়ায় ফুটবল বিশ্বকাপ কততম বিশ্বকাপ প্রতিযোগিতা?
**উত্তর:** ২১ তম।

● ধাতুর ওপর দস্তার আস্তরণকে কী বলে?
**উত্তর:** গ্যালভানাইজেশন

● কোন ভারতীয় সর্বপ্রথম বিলেতে যান?
**উত্তর:** রাজা রামমোহন রায়

● সর্বপ্রথম সরলতম অণুবীক্ষণ যন্ত্র কে আবিষ্কার করেন?
**উত্তর:** রবার্ট হুক

● ব্যাটারিতে কোন অ্যাসিড ব্যবহৃত হয়?
**উত্তর:** সালফিউরিক

● ভারতীয় সংবিধানে কতগুলি তফসিল আছে?
**উত্তর:** ১২টি

● ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রথম গভর্নর কে ছিলেন?
**উত্তর:** সি ডি দেশমুখ

● ভারতবর্ষ প্রথম কোন বিদেশি জাতি দ্বারা আক্রান্ত হয়?
**উত্তর:** পারসি

● পশ্চিমবঙ্গের দার্জিলিং কোন দু'টি শিল্পের অন্যতম প্রধান কেন্দ্র?
**উত্তর:** চা ও পর্যটন

● টার্পেন্টাইন বা তার্পিন তেল কোন গাছের কাঠ থেকে পাওয়া যায়?
**উত্তর:** পাইন

● বিশ্বকাপ ফুটবলের ইতিহাসে সবচেয়ে বেশিবার কাপ জেতার রেকর্ড কোন দেশের দখলে?
**উত্তর:** ব্রাজিল (৫ বার)



● বীরত্ব প্রদর্শনের জন্য ভারত সরকার কর্তৃক প্রদেয় সর্বোচ্চ সম্মান কোনটি?
**উত্তর:** পরমবীর চক্র

● মিড সামার নাইটস ড্রিম' নাটকের নাট্যকার কে?
**উত্তর:** উইলিয়াম শেক্সপিয়র

● লিসবন কোন দেশের রাজধানী?
**উত্তর:** পর্তুগাল

## হীরের টুকরো

### জ্যাকেট বানিয়ে রাষ্ট্রপুঞ্জে ডাক



খুব সাধারণ প্রযুক্তিতে কুলিং জ্যাকেট বানিয়ে ২০১৭ সালেই শোরগোল ফেলে দিয়েছিলেন ভদ্রেশ্বরের আলতারা গ্রামের ছাত্র রূপম ঘোষ। এবার রাষ্ট্রপুঞ্জের তরফেও মিলল সেই আবিষ্কারের স্বীকৃতি। গ্লোবাল স্টেমস সামিট-২০১৮-য় যোগ দিতে সারা পৃথিবী থেকে মাত্র ১৮০জন বিজ্ঞানীকে আমন্ত্রণ জানিয়েছিল রাষ্ট্রপুঞ্জ। ১৮ হাজার বিজ্ঞানীর মধ্য থেকে বেছে নেওয়া হয়েছিল এই ১৮০জনকে। তাঁদেরই একজন রূপম। প্রধানত সরাসরি রোদে দাঁড়িয়ে কাজ করা ট্রাফিক পুলিশ এবং কৃষকদের কথা ভেবেই এই কুলিং জ্যাকেট তৈরি করেছেন চন্দননগর বঙ্গ বিদ্যালয় থেকে এবছর উচ্চমাধ্যমিক দেওয়া ছাত্রটি। উপাদান হিসেবে ব্যবহার করা হয়েছে খুব সাধারণ জিনিসপত্র। ছোট একটি পাখা ঘূর্ণনের ফলে জলে বুদ্বুদ তৈরি করে জ্যাকেটের মধ্যেটা ঠান্ডা রাখে। পাখা চলে ব্যাটারিতে। সেই ব্যাটারি চার্জ হয় টুপির মধ্যে থাকা সোলার প্যানেলের মাধ্যমে। ইতিমধ্যেই এই জ্যাকেটের পেটেন্টও পেয়ে গিয়েছেন রূপম। 'বিট দ্য হিট কুলিং জ্যাকেট' নামে এই পোশাক আবিষ্কারের সূত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের আকাদেমি অব সায়েন্সের সাম্মানিক সদস্যপদও পেয়েছেন আগেই। কুলিং জ্যাকেট বিদেশেও সহজলভ্য, কিন্তু দাম অত্যধিক বেশি। সে জায়গায় দেশীয় প্রযুক্তিতে তৈরি এই জ্যাকেটের দাম পড়বে দু'-আড়াই হাজার টাকা। খুব শিগগিরি বাজারেও আসতে চলেছে রূপমের তৈরি জ্যাকেট।

### রেকর্ড অঙ্কের বৃত্তি পেয়ে মার্কিন কলেজে সুদীক্ষা



সুদীক্ষা ভাটি উত্তরপ্রদেশের বুলন্দশহরের প্রত্যন্ত যে গ্রামে থাকে, সেখানে মেয়েদের পড়াশোনা শেখার জন্য স্কুলে যাওয়াকে অত্যন্ত খারাপ চোখে দেখা হয়। সেই গোঁড়া প্রাচীনপন্থী সমাজে বাস করেও সুদীক্ষা এবছর হিউম্যানিটিজ বিভাগে সিবিএসই-র দ্বাদশ শ্রেণির পরীক্ষায় কেবল ৯৮ শতাংশ নম্বর পেয়ে পাশই করেনি, স্কলারশিপ পেয়ে দুনিয়ার অন্যতম ঐতিহ্যশালী কলেজ, মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটসের 'ব্যাবসন কলেজে' ভর্তিও হয়ে গিয়েছে। স্কলারশিপের আর্থিক পরিমাণ ৩ কোটি ৮০ লক্ষ টাকা। বুলন্দশহরের সামান্য একজন চা-বিক্রেতার সন্তান সুদীক্ষা। সম্প্রতি এক সাক্ষাৎকারে সে বলেছে, সংসারে আর্থিক অনটনই ছিল সাফল্যের পথে সবচেয়ে বড় বাধা। ৯ বছর বয়সে এক প্রাইভেট স্কুলের পড়ুয়া সুদীক্ষাকে কার্যত বহিষ্কার করেছিলেন কর্তৃপক্ষ, যেহেতু তার বাবা স্কুলের ফি দিতে পারেননি। সেইসঙ্গে কন্যাসন্তান বলে স্কুলে পড়তে যাওয়াতেও নানাভাবে বাধা সৃষ্টি করেছে সমাজ। যদিও কোনও বাধাতেই বিন্দুমাত্র দমেনি সুদীক্ষা। বিদ্যাজ্ঞান স্কুলের ছাত্রীটি মনে করে, এ দেশে নারীস্বাধীনতা আসবে কেবল নারীশিক্ষার মধ্য দিয়েই। একই সঙ্গে তার অভিমত, একাগ্রতার সঙ্গে পড়াশোনা করলে সাফল্য ধরা দেবেই। সুদীক্ষার জীবনের লক্ষ্যটিও আর পাঁচজন মেধাবী পড়ুয়ার থেকে আলাদা। অন্যরা যখন চিকিৎসক বা ইঞ্জিনিয়ার বা অধ্যাপক হওয়ার কথা ভাবে, সুদীক্ষা তখন চায় ব্যবসা করে নিজের পায়ে দাঁড়াতে।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# ন্যাশনাল স্পোর্টস ইউনিভার্সিটিতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি



ফিজিক্যাল এডুকেশনের স্নাতক কোর্স, স্পোর্টস কোচিংয়ের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং স্পোর্টস সাইকোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে মণিপুরের ন্যাশনাল স্পোর্টস ইউনিভার্সিটি। এটি কেন্দ্রের ইউথ অ্যাফেয়ার্স অ্যান্ড স্পোর্টস মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

**কোর্সের বিবরণ: ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস:** কোর্সের মেয়াদ ৩ বছর। আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল।

**বি এসসি ইন স্পোর্টস কোচিং:** কোর্সের মেয়াদ ৪ বছর। আসনসংখ্যা: ৫০টি। ক্রীড়াক্ষেত্রগুলি হল: অ্যাথলেটিক্স, আর্চারি, ব্যাডমিন্টন, বক্সিং, ফুটবল, শুটিং এবং ওয়েটলিফটিং। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল।

**এম এসসি ইন স্পোর্টস কোচিং:** কোর্সের মেয়াদ ২ বছর। ক্রীড়াক্ষেত্রগুলি হল: অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বক্সিং, ফুটবল, ওয়েটলিফটিং। আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: স্পোর্টস কোচিংয়ে স্নাতক। অথবা যে-কোনও শাখায় স্নাতক-সহ স্পোর্টস কোচিংয়ে ডিপ্লোমা। ফিজিক্যাল এডুকেশনে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সবক্ষেত্রেই ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

**মাস্টার অব আর্টস ইন স্পোর্টস সাইকোলজি:** কোর্সের মেয়াদ ২ বছর। আসনসংখ্যা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: সাইকোলজিতে স্নাতক। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সেক্ষেত্রে স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে সাইকোলজি পড়ে থাকতে হবে। ফিজিক্যাল এডুকেশনে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সবক্ষেত্রেই ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.yas.nic.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৩০০ টাকা। ড্রাফটটি 'The Registrar, National Sports University, Khuman Lampak Campus, Imphal, Manipur'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। ড্রাফটের পিছনে প্রার্থীর নাম, প্রার্থীর বাবার নাম এবং যে-কোর্সের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। অথবা অনলাইনে আর টি জি এস পদ্ধতিতে 'National Sports University'-র অনুকূলে (অ্যাকাউন্ট নম্বর: 07320100032372, IFSC IOBA0000732— ফি জমা দিতে পারেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৫ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Registrar, National Sports University, Khuman Lampak Campus, Imphal, Manipur-795 010.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৩৮৫-২৪২১০০৪।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে জার্নালিজমের এম এ



জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অ্যাডাল্ট কন্টিনিউয়িং এডুকেশন অ্যান্ড এক্সটেনশন বিভাগ। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে অগস্টে।

**আসনসংখ্যা:** ৫০টি। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ, দৈহিক প্রতিবন্ধী এবং ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক (অনার্স)।

**কোর্স ফি:** ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে, পরীক্ষা ১৯ জুলাই, দুপুর ২টো থেকে। নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ৭ অগস্ট। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে, যাচাই করা হবে প্রার্থীর লেখনী দক্ষতাও।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in আবেদনের শেষ তারিখ ১৩ জুলাই। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আর্থিকভাবে পিছিয়ে পড়া তরুণ-তরুণীদের নিখরচায় প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বর্ধমান ও হাওড়া জেলার আর্থিকভাবে পিছিয়ে পড়া ৩০০ তরুণ-তরুণীকে নিখরচায় এল ই ডি লাইট রিপেয়ারিং ও সিসিটিভি ইনস্টলেশনের প্রশিক্ষণ দেবে সিমোকো এডুকেশনাল ট্রাস্ট। কেন্দ্রের গ্রামীণ উন্নয়ন মন্ত্রকের দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনা কর্মসূচির আওতায় এই প্রশিক্ষণ দেওয়া হবে।

উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ তরুণ-তরুণীদের বি পি এল বা রাষ্ট্রীয় স্বাস্থ্য বিমা যোজনা বা অন্ত্যোদয় অন্ন যোজনা কার্ড থাকলে বা মহাত্মা গান্ধী রুর‍্যাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্টের অধীনে কাজের অভিজ্ঞতা থাকলে বা সেল্ফ হেলপ গ্রুপের সদস্যপদ থাকলে তবেই আবেদন করা যাবে। প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। প্রার্থীর আধার কার্ড ও নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে।

প্রশিক্ষণ চলাকালীন থাকা-খাওয়ার খরচ দেওয়া হবে সংস্থার তরফে। সফলভাবে প্রশিক্ষণ শেষে চাকরি পেতে সহায়তা করা হবে।



আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.simocoeducationaltrust.com অফলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনপত্র সংগ্রহ করা যাবে সংস্থা থেকে। ঠিকানা: Simoco Educational Trust, Godrej Genesis Building, Block EP & GP, Salt Lake Electronics Complex, Sector–V, Kolkata (কলেজ মোড়ের কাছে)। আবেদনের শেষ তারিখ ১১ জুলাই।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা যোগাযোগ করুন এই নম্বরগুলিতে: ৯০৫১৫-৫৫২৯৮, ৯০৫১৫-৫৫৯৮০, ৯৮৩০৫-১৩২১৩।

# মিউজিওলজি, কনজারভেশন ও হিস্ট্রি অব আর্টে এম এ

তিনটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছি দিল্লির ন্যাশনাল মিউজিয়াম ইনস্টিটিউট। বিষয় তিনটি হল— হিস্ট্রি অব আর্ট, কনজারভেশন এবং মিউজিওলজি। এটি ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা।

কোর্সের বিবরণ: **এম এ (হিস্ট্রি অব আর্ট):** আসনসংখ্যা: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সোশ্যাল সায়েন্স বা লিবারাল আর্টস বা ফাইন আর্টসে স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার।

**এম এ (কনজারভেশন):** আসনসংখ্যা: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক— ফিজিক্স, কেমিস্ট্রি, জিওলজি, বায়োলজি, বায়োটেকনোলজি, মাইক্রোবায়োলজি, ভিশুয়াল বা ফাইন আর্টস, আর্কিটেকচার, যে-কোনও শাখায় বি ই বা বি টেক। অথবা হিস্ট্রি বা জিওগ্রাফি বা অ্যানথ্রপলজি বা আর্কিওলজি বা সমতুল বিষয়ে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। তবে সেক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করে থাকতে হবে। সবক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**এম এ (মিউজিওলজি):** আসনসংখ্যা: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ হিউম্যানিটিজ এবং সোশ্যাল সায়েন্স বা সায়েন্সের যে-কোনও শাখায় অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা বি এ বা বি এসসি বা বি এফ এ। হিস্ট্রি অব আর্ট এবং মিউজিয়াম স্টাডিজ সম্পর্কিত বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীদের বাছাই করা হবে একটি ১ ঘণ্টার লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nmi.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓পাসপোর্ট মাপের একটি স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি ফর্মের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের (প্রযোজ্য ক্ষেত্রে) স্বপ্রত্যয়িত নকল। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

৯ জুলাইয়ের মধ্যে পূরণ করা আবেদনপত্র ও প্রয়োজনীয় নথিপত্র স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Assistant Registrar, National Museum Institute, 1st Floor, National Museum, Janpath, New Delhi-110 011. আবেদনপত্র ভরা খামের উপর যে-কোর্সের জন্য আবেদন করছেন, তার নাম লিখে দেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন নম্বর: (০১১) ২৩০১-২১০৬।

# হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অ্যান্ড লেবার ওয়েলফেয়ারের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ও লেবার ওয়েলফেয়ারের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে স্টেট লেবার ইনস্টিটিউট। এটি রাজ্যের শ্রম দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। কোর্সটি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত। কোর্সের মেয়াদ ১ বছর। কলকাতা ও শিলিগুড়ি কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হবে।

**আসনসংখ্যা:** কলকাতা: ৪৫টি (সাধারণ প্রার্থী ৪০, স্পনসর্ড প্রার্থী ৫)। শিলিগুড়ি: ৩০টি (সাধারণ প্রার্থী ২৫, স্পনসর্ড প্রার্থী ৫)। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক-সহ কমপক্ষে ১০০ জন কর্মী-বিশিষ্ট কোনও প্রতিষ্ঠানে ওয়েলফেয়ার অফিসার বা পার্সোনেল অফিসার বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস অফিসার বা সুপারভাইজর বা সমতুল পদে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**কোর্স ফি:** সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৬,০০০ টাকা এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ১০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ জুলাই (মঙ্গলবার)। প্রশ্ন আসবে ইংলিশ, রাইটিং এবিলিটি, জেনারেল নলেজ এবং রিজনিং বিষয়ে। পরীক্ষার সময়সীমা ৯০ মিনিট। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২০ থেকে ২৩ জুলাইয়ের মধ্যে প্রতিষ্ঠানের কলকাতা ও শিলিগুড়ি কেন্দ্র থেকে সংগ্রহ করতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। কলকাতা ও শিলিগুড়ির পৃথক আবেদনপত্র আছে। যে-কেন্দ্রের আসনে আবেদন করবেন, সেই কেন্দ্রের জন্য নির্দিষ্ট আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.wbsli.org আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓ ফি বাবদ দিতে হবে ১০০ টাকার (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। ডিমান্ড ড্রাফটটি কলকাতার ক্ষেত্রে 'Director, State Labour Institute, Kolkata'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে এবং শিলিগুড়ির ক্ষেত্রে 'Deputy Labour Commissioner, State Labour Institute, Siliguri'-র অনুকূলে শিলিগুড়িতে প্রদেয় হতে হবে। ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোটি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓ কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে )। ✓ নিজের নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটানো ২৫×১২ সেমি মাপের একটি খাম। ✓ স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে 'নো অবজেকশন' সার্টিফিকেট।

পূরণ করা আবেদনপত্র ১৬ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে কলকাতার ক্ষেত্রে এই ঠিকানায়: Director, State Labour Institute, Govt. of West Bengal, P-3, CIT Scheme, VII-M, Manicktala Main Road, Kankurgachi, Kolkata-700 054 এবং শিলিগুড়ির ক্ষেত্রে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Deputy Labour Commissioner, State Labour Institute, Govt. of West Bengal, Dagapur Complex, P.O. Pradhannagar, Siliguri, Dist. Darjeeling, Pin-734 403.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩২০-৮৮৫৪ (কলকাতার ক্ষেত্রে) এবং ০৩৫৩-২৫১৪১৬১ (শিলিগুড়ির ক্ষেত্রে)।



www.banglajobgude.tk     Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কালাজ্বরের বাহক হল:
(a) সাধারণ মাছি (b) স্যান্ড ফ্লাই (c) কালোমাছি (d) মশা
2. মশার দেহে ছুরির মতো অংশ হল:
(a) লেবিয়াম (b) ল্যাব্রাম (c) ম্যান্ডিবল (d) প্রবোসিস
3. মাম্পস রোগ হল:
(a) বায়ুবাহিত (b) জলবাহিত (c) মশাবাহিত (d) মাছিবাহিত
4. হেপাটাইটিস রোগটি হল:
(a) ব্যাক্টেরিয়াঘটিত (b) ভাইরাসঘটিত (c) অণুজীবঘটিত (d) ছত্রাকঘটিত
5. মিনামাটা রোগের জন্য দায়ী:
(a) ক্যাডমিয়াম (b) সীসা (c) দস্তা (d) পারদ
6. ঘনীভবনের সময় লীনতাপ:
(a) গৃহীত (b) বর্জিত (c) a এবং b দু'টোই হয় (d) কোনওটিই নয়
7. সমতল আয়নার সঙ্গে 60° কোণে ওই আয়নার ওপর আলোকরশ্মি আপতিত হলে প্রতিফলন কোণ হবে:
(a) 30° (b) 90° (c) 45° (d) 180°
8. পেরিস্কোপের সাহায্যে বস্তুকে:
(a) ছোট দেখায় (b) বড় দেখায় (c) একই সাইজের হয় (d) কোনওটিই নয়
9. ছায়া পড়ার কারণ:
(a) আলোর বিচ্ছুরণ ধর্ম (b) আলোর প্রতিফলন ধর্ম (c) আলোর প্রতিসরণ ধর্ম (d) আলোর সরলরেখায় চলাচলের ধর্ম।
10.  এই রশ্মিগুচ্ছ হল:
(a) অভিসারী (b) অপসারী (c) নিরপেক্ষ (d) সমান্তরাল
11. রন্টজেন নামটি কীসের সঙ্গে যুক্ত?
(a) X রশ্মি (b) গামা রশ্মি (c) আলফা রশ্মি (d) বিটা রশ্মি
12. কারপেনটার পিঁপড়া কোথায় বাসা বাঁধে?
(a) গাছের ডালে (b) ঘরের কোণে (c) ঘরের দেওয়ালে (d) মাঠের গর্তে
13. নীচের কোন সাপটি সরাসরি বাচ্চা প্রসব করে?
(a) কেউটে (b) গোখরো (c) চন্দ্রবোড়া (d) পাইথন
14. হাতির দাঁত হল রূপান্তরিত:
(a) কৃন্তক (b) পেষক (c) ছেদক (d) কোনওটিই নয়
15. 'পেরিপ্লানেটা আমেরিকানা' এটি কোন প্রাণীর বিজ্ঞানসম্মত নাম?
(a) কেঁচো (b) আরশোলা (c) মাকড়সা (d) টিকটিকি
16. জীবের শ্রেণিবিন্যাসের ক্ষুদ্রতম একক হল:
(a) গণ (b) প্রজাতি (c) শ্রেণি (d) বর্গ
17. অশ্বত্থ গাছ একটি:
(a) একবীজপত্রী উদ্ভিদ (b) দ্বিবীজপত্রী উদ্ভিদ (c) বহুবীজপত্রী উদ্ভিদ (d) অশাখ উদ্ভিদ
18. মানুষের দীর্ঘতম অস্থিটি হল:
(a) ফিমার (b) হিউমেরাস (c) স্টেপিস (d) টিবুলা
19. হৃৎপিণ্ডের কোনটির প্রাচীর সবচেয়ে পেশিবহুল?
(a) ডান অলিন্দ (b) বাম অলিন্দ (c) ডান নিলয় (d) বাম নিলয়
20. হৃৎপিণ্ডের সবচেয়ে বড় প্রকোষ্ঠের নাম কী?
(a) ডান অলিন্দ (b) বাম অলিন্দ (c) ডান নিলয় (d) বাম নিলয়
21. দাঁতের ডাক্তাররা কী ধরনের আয়না ব্যবহার করেন?
(a) সমতল আয়না (b) অবতল আয়না (c) উত্তল আয়না (d) আয়না ব্যবহার করেন না
22. বায়ুথলির গায়ে থাকে:
(a) শিরা (b) ধমনী (c) আর্টারি (d) রক্তজালক
23. দু'টি বস্তুতে সমান পরিমাণ তাপ থাকলে তাদের উষ্ণতা:
(a) একই হবে (b) অসমান হবেই (c) সমান নাও হতে পারে (d) মাপা যাবে না
24. অ্যালকোহল থার্মোমিটার উষ্ণতা মাপার কাজে অপরিহার্য হয়:
(a) নিরক্ষীয় অঞ্চলে (b) ক্রান্তীয় অঞ্চলে (c) মেরু অঞ্চলে (d) নাতিশীতোষ্ণ অঞ্চলে
25. উপচ্ছায়া হয়:
(a) আলোর উৎস বড় হলে (b) আলোর উৎস ছোট হলে (c) যে কোনও আলোর উৎসের জন্য (d) কোনও আলোর উৎসের জন্য নয়
26. ঘন মাধ্যম থেকে লঘু মাধ্যমে আলোর প্রতিসরণের ক্ষেত্রে প্রতিসৃত রশ্মি:
(a) অভিলম্বের কাছে আসে (b) অভিলম্ব থেকে দূরে যায় (c) যেমন ছিল তেমন থাকে (d) কখনও দূরে যায় কখনও কাছে আসে
27. পেরিস্কোপের দু'টি সমতল দর্পণ কত ডিগ্রি কোণে অবস্থান করে?
(a) 60° (b) 30° (c) 45° (d) 90°
28. তড়িৎচুম্বকে ব্যবহৃত চুম্বকদণ্ডটি কী দিয়ে তৈরি হয়?
(a) ইস্পাত (b) কাঁচা লোহা (c) টিন (d) লেড
29. নীচের কোনটি প্রচলিত শক্তির উৎস?
(a) সৌরবিদ্যুৎ (b) বায়ুবিদ্যুৎ (c) তাপবিদ্যুৎ (d) জৈব বর্জ্য থেকে উৎপন্ন বিদ্যুৎ
30. সৌরশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়:
(a) সমুদ্রে (b) মাটিতে (c) উদ্ভিদদেহে (d) প্রাণীদেহে
31. আকবরের আমলে প্রদেশগুলিকে বলা হত:
(a) সুবা (b) সরকার (c) পরগনা (d) পরগনায়েত
32. আকবরের রাজস্বমন্ত্রী ছিলেন:
(a) বীরবল (b) তানসেন (c) টোডরমল (d) মানসিংহ
33. মুঘল যুগে জমি জরিপের ভিত্তিতে রাজস্ব নির্ধারণ করার পদ্ধতিকে বলা হত:
(a) জায়গির (b) জাবতি (c) দহসালা (d) মনসব
34. সম্রাট ঔরঙ্গজেবের মৃত্যু হয়:
(a) 1707 খ্রিস্টাব্দে (b) 1708 খ্রিস্টাব্দে (c) 1709 খ্রিস্টাব্দে (d) 1710 খ্রিস্টাব্দে
35. 'মারওয়াড়' কথার অর্থ কী?
(a) মেরু অঞ্চল (b) মরু অঞ্চল (c) নিরক্ষীয় অঞ্চল (d) ক্রান্তীয় অঞ্চল
36. ওয়াতন হল:
(a) বিদেশ (b) নিজভূমি (c) পর্যটক (d) ভ্রমণকারী
37. পদাধিকার বলে রাজ্যসভার সভাপতি কে?
(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) উপপ্রধানমন্ত্রী
38. কর্কটসংক্রান্তি দিনটি হল:
(a) 21 মার্চ (b) 23 সেপ্টেম্বর (c) 21 জুন (d) 22 ডিসেম্বর
39. খানুয়ার যুদ্ধ হয়
(a) 1526 খ্রিস্টাব্দে (b) 1527 খ্রিস্টাব্দে (c) 1528 খ্রিস্টাব্দে (d) 1529 খ্রিস্টাব্দে
40. যুদ্ধক্ষেত্রে প্রথম কামান ব্যবহারকারী নবাব হলেন:
(a) বাবর (b) হুমায়ুন (c) আকবর (d) শাহজাহান
41. ধূপগড় কোন পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের নাম?
(a) সাতপুরা (b) বিন্ধ্য (c) মহাদেব (d) অজন্তা পর্বত
42. রুপালি বিপ্লব কীসের সঙ্গে যুক্ত?
(a) দুধ (b) মাছ (c) দানাশস্য (d) ডিম উৎপাদন
43. ভারতের উচ্চতম গিরিপথ কোনটি?
(a) খরদুংলা (b) জোজি লা (c) মানাপাস (d) বানিহাল
44. স্বর্ণতন্তু কোনটি?
(a) তুলা (b) পাট (c) শন (d) মেস্তা
45. সম্প্রতি ওড়িশার চাঁদিপুর উপকূলের কাছে কোন ক্ষেপণাস্ত্রের সফল উৎক্ষেপণ হল:
(a) অগ্নি-4 (b) অগ্নি-5 (c) অগ্নি-6 (d) অগ্নি-7
46. রাভা উপজাতিরা সাধারণত বাস করে:
(a) ত্রিপুরায় (b) অসমে (c) মণিপুরে (d) মেঘালয়ে
47. কফি উৎপাদনে প্রথম স্থানাধিকারী রাজ্য হল:
(a) কর্নাটক (b) কেরল (c) তামিলনাড়ু (d) অন্ধ্রপ্রদেশ
48. ভারতের বৃহত্তম শিল্প হল:
(a) লৌহ ইস্পাত (b) বস্ত্র (c) পেট্রোরসায়ন (d) পাট
49. রঘুবংশম কাব্যটি কার লেখা?
(a) পাণিনি (b) কালিদাস (c) আবুল ফজল (d) বিশাখদত্ত
50. দক্ষিণ ভারতে কোন মাধ্যমের সেচ ব্যবস্থা অধিক প্রচলিত?
(a) কূপ (b) জলাশয় (c) খাল (d) নদী
51. নমিতা ও সমিতা বুদ্ধিমতী এবং অধ্যবসায়ী। অনিতা এবং করবী বিনয়ী এবং অনিয়মিত। কবিতা ও নমিতা অনিয়মিত এবং বুদ্ধিমতী। সমিতা ও কবিতা নিয়মিত এবং বিনয়ী। তাহলে কে বা কারা বুদ্ধিমতী, বিনয়ী এবং অধ্যবসায়ী?
(a) সমিতা (b) নমিতা ও সমিতা (c) কবিতা (d) অনিতা
52. যোদ্ধার সঙ্গে তরবারি যুক্ত হলে, ছুতোরের সঙ্গে করাত যুক্ত হলে, কৃষকের সঙ্গে লাঙল যুক্ত হলে, লেখকের সঙ্গে কী যুক্ত হবে?
(a) বই (b) খ্যাতি (c) পাঠক (d) পেন
53. নীচের কোন অঞ্চলটি সৎ রাজনৈতিক ব্যক্তিত্ব কিন্তু দায়িত্ববান জনগণকে বোঝাচ্ছে না?


(a) X (b) Q (c) P (d) S
54. এই সংখ্যাসারির পরের সংখ্যাটি কী হবে?
2, 7, 28, 63, 126 _?_ .
(a) 215 (b) 245 (c) 276 (d) 296
55. AB, ED, IH, NM, _?_ এর পরে কোন বর্ণদ্বয় হবে?
(a) TS (b) ST (c) TU (d) SU
56. যদি STREAMERS-কে UVTGALDQR লেখা হয় তাহলে KNOWLEDGE-কে কী লেখা হবে?
(a) MQPYLCDFD (b) MPQYLDCFD (c) PMYQLDFCD (d) YMQPLDDFC
57. A হল B-এর ভাই। B হল C-এর ভাই। C হল D-এর স্বামী। E হল A এর বাবা। D, E-এর সঙ্গে কী সম্পর্কযুক্ত?
(a) কন্যা (b) বৌমা (c) শাশুড়ি (d) বোন

### উত্তর

1(b), 2(c), 3(a), 4(b), 5(d), 6(b), 7(a), 8(c), 9(d), 10(b), 11(a), 12(a), 13(c), 14(a), 15(b), 16(b), 17(b), 18(a), 19(d), 20(a), 21(b), 22(d), 23(c), 24(c), 25(a), 26(b), 27(c), 28(b), 29(c), 30(c), 31(a), 32(c), 33(b), 34(a), 35(b), 36(b), 37(b), 38(c), 39(b), 40(a), 41(a), 42(d), 43(c), 44(b), 45(b), 46(b), 47(a), 48(b), 49(b), 50(b), 51(a), 52(d), 53(d), 54(a), 55(a), 56(b), 57(b).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সুস্মিতা বেরা

## রাজ্য পুলিশে

# ৫৭০২ কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. যে যন্ত্র তড়িৎপ্রবাহ নির্ণয় করতে পারে তা হল:
(a) থার্মোমিটার (b) ওয়াটমিটার (c) গ্যালভানোমিটার (d) ভোল্টমিটার
2. অ্যামোনিয়া গ্যাস সংগ্রহ করা হয়:
(a) ঠান্ডা জলের ওপর (b) গরম জলের ওপর (c) বায়ুর নিম্নমুখী অপসারণ দ্বারা (d) বায়ুর ঊর্ধ্বমুখী অপসারণ দ্বারা
3. কেলভিন স্কেলে বরফের গলনাঙ্ক হল:
(a)100 k (b) 0 k (c) 373 k (d) 273 k
4. জাপানের মুদ্রা হল:
(a) ইয়েন (b) রিয়াল (c) ডলার (d) পাউন্ড
5. কিউবার রাজধানী হল:
(a) নিকোশিয়া (b) সুভা (c) হাভানা (d) আসুনসিওন
6. ভারতের সর্বোচ্চ গম উৎপাদক রাজ্য হল:
(a) মধ্যপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) পাঞ্জাব (d) হরিয়ানা
7. ভারতে প্রথম কোথায় স্টিল প্ল্যান্ট প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) বোকারো (b) কুলটি (c) টাটানগর (d) কোনওটিই নয়
8. ভারতের বৃহত্তম জাহাজ তৈরির কেন্দ্র হল:
(a) কান্ডালা (b) তুতিকোরিন (c) কোচিন (d) পারাদ্বীপ
9. ভারতের কোন রাজ্যে সর্বাধিক কফি উৎপাদন হয়?
(a) তামিলনাড়ু (b) কর্নাটক (c) উত্তরপ্রদেশ (d) মহারাষ্ট্র
10. বিরজু মহারাজ কীসের সঙ্গে যুক্ত?
(a) ভাঙ্গরা (b) ওড়িশি (c) কত্থক (d) কুচিপুরি
11. 1950 সালে কে প্রথম বনমহোৎসব শুরু করেন?
(a) সর্দার প্যাটেল (b) জওহরলাল নেহরু (c) কে এম মুন্সী (d) আর কে লক্ষ্মণ
12. পৃথিবীবিখ্যাত বার্বি ডল-এর স্রষ্টা কে?
(a) রুথ হ্যান্ডলার (b) এন জনসন (c) এলিয়ট হ্যান্ডলার (d) ভেনিয়েলা উলিয়েৎ
13. 'রোল ইনটার্ন' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) গল্ফ (b) ক্রিকেট (c) হকি (d) টেনিস
14. সালোকসংশ্লেষের অন্ধকার দশা সম্পন্ন হয়:
(a) প্লাসটিডে (b) প্যালিসেডে (c) গ্রানায় (d) স্ট্রোমায়
15. অ্যাসিড দ্রবণে লিটমাসের বর্ণ হয়:
(a) বেগুনি (b) লাল (c) নীল (d) বর্ণহীন
16. উদ্ভিদের ফুল ফোটাতে সাহায্য করে কোন হরমোন?
(a) জিব্বারেলিন (b) ফ্লোরিজেন (c) কাইনিন (d) অক্সিন
17. মানবদেহের ক্ষুদ্রতম কোষের নাম কী?
(a) লিম্ফোসাইট (b) মনোসাইট (c) লোহিতকণিকা (d) কোনওটিই নয়
18. কোন অ্যাসিড শনাক্তকরণে বলয় পরীক্ষা করা হয়?
(a) সালফিউরিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) কার্বলিক অ্যাসিড (d) নাইট্রিক অ্যাসিড
19. সুস্থ অবস্থায় মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা কত?
(a) 89° F (b) 98.4° F (c) 98.1° F (d) 95.4° F
20. নীচের কোনটি নিষ্ক্রিয় মৌল নয়?
(a) হিলিয়াম (b) রেডিয়াম (c) ক্রিপ্টন (d) জেনন
21. কোন রাসায়নিক বস্তু সঞ্চয়ের প্রভাবে পেশির ক্লান্তি ঘটে?
(a) সাইট্রিক অ্যাসিড (b) ল্যাকটিক অ্যাসিড (c) গ্লাইকোজেন (d) পাইরুভিক অ্যাসিড
22. ব্রাঞ্জে মূল উপাদান কী থাকে?
(a) টিন, দস্তা (b) সীসা, টিন (c) লোহা, অ্যালুমিনিয়াম (d) কপার, জিঙ্ক
23. মাকড়সার রেচন অঙ্গ কী?
(a) ফ্লাজেলা (b) নেফ্রিডিয়া (c) গ্লোমেরুলাস (d) কক্সাল গ্রন্থি
24. কেরাটোম্যালেশিয়া রোগ কোন ভিটামিনের অভাবে হয়?
(a) ভিটামিন K (b) ভিটামিন E (c) ভিটামিন A (d) ভিটামিন D
25. তরলের কোন ধর্মের জন্য বৃষ্টির জল বিন্দু বিন্দু আকারে ঝরে পড়ে?
(a) ঘনত্ব (b) আকারহীনতা (c) পৃষ্ঠটান (d) সান্দ্রতা
26. ওয়েল্ডিং করার জন্য কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) ইথেন (b) মিথেন (c) ইথিলিন (d) অ্যাসিটিলিন
27. 'Saint of Gutters' কাকে বলা হয়?
(a) বাবা আমতে (b) ইন্দিরা গান্ধী (c) মহাত্মা গান্ধী (d) মাদার টেরেসা
28. রাষ্ট্রকূট বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) কৃষ্ণরাজ (b) প্রথম পুলকেশী (c) দন্তীদুর্গ (d) অমোঘবর্ষ
29. নর্মদা নদীর উৎপত্তি যে পর্বত থেকে:
(a) অমরকন্টক (b) মহেন্দ্রগিরি (c) সাতপুরা (d) মহাকাল পর্বত
30. মাইটোসিস কোষ বিভাজনের কোন দশায় সিস্টার ক্রোমাটিডগুলি পৃথক হয়?
(a) টেলোফেজ (b) প্রোফেজ (c) মেটাফেজ (d) অ্যানাফেজ
31. ইউরিয়া কোথায় সংশ্লেষিত হয়?
(a) প্লিহা (b) হৃৎপিণ্ড (c) পাকস্থলী (d) যকৃৎ
32. টিউবারকিউলোসিস-এ মানবদেহের কোন অঙ্গ ক্ষতিগ্রস্ত হয়?
(a) পাকস্থলী (b) ফুসফুস (c) লিভার (d) হৃৎপিণ্ড
33. 2022 সালের কমনওয়েলথ গেমস কোন শহরে আয়োজিত হবে?
(a) গোল্ডকোস্ট (b) বার্মিংহাম (c) কেপটাউন (d) নয়াদিল্লি
34. বিদারা-র যুদ্ধ কত সালে হয়েছিল?
(a) 1761 (b) 1764 (c) 1759 (d) 1756
35. ভিনিগার নীচের কোনটির জলীয় দ্রবণ?
(a) সাইট্রিক অ্যাসিড (b) অ্যাসেটিক অ্যাসিড (c) হাইড্রোক্লোরিক অ্যাসিড (d) অক্সালিক অ্যাসিড

এরপর উনিশের পাতায়

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে ৫৭০২ কনস্টেবল

আঠারোর পাতার পর

36. হিমোগ্লোবিনের মুখ্য উপাদান হল:
(a) ক্যালশিয়াম (b) ক্লোরিন (c) আয়রন (d) ফ্লুওরিন
37. নীচের কোন মিসাইলটি সারফেস টু সারফেস ব্যালেস্টিক মিসাইল?
(a) ত্রিশূল (b) নাগ (c) পৃথ্বী (d) অগ্নি
38. '2G Spectrum' শব্দটিতে 'G' কথাটির অর্থ কী?
(a) গভর্নমেন্ট (b) গ্লোবাল (c) জেনারেশন (d) গুগল
39. সংযুক্তা পাণিগ্রাহী কোন ধরনের নৃত্যের জন্য বিখ্যাত?
(a) ভরতনাট্যম (b) কথক (c) মণিপুরি (d) ওড়িসি
40. বুদ্ধদেব কোথায় তাঁর বাণী প্রথম প্রচার করেছিলেন?
(a) কাশী (b) সারনাথ (c) বুদ্ধগয়া (d) কুশিনগর
41. সর্দার সরোবর বাঁধ কোন নদীর ওপর অবস্থিত?
(a) কৃষ্ণা (b) তাপ্তী (c) নর্মদা (d) সবরমতী
42. চিনি তৈরিতে কোন উৎসেচকের উপস্থিতিতে গ্লুকোজ ইথাইল অ্যালকোহলে পরিবর্তিত হয়?
(a) আইসোমারেজ (b) ইনভার্টেজ (c) জাইমেজ (d) মলটেজ
43. মালদ্বীপের পার্লামেন্টের নাম কী?
(a) সেম (b) পিপলস মজলিশ (c) আলথিং (d) মোরা
44. ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম আকাডেমি অ্যাওয়ার্ড 2018-তে শ্রেষ্ঠ সিনেমার পুরস্কার পেল কোন সিনেমা?
(a) নিউটন (b) মম (c) তুমহারি সুলু (d) হিন্দি মিডিয়াম
45. 2018 অ্যান্টি ডোপিং স্পোর্টস কনফারেন্স 'ক্লিন স্পোর্ট = ফেয়ার আউটকাম' কোন দেশ আয়োজন করেছে?
(a) আর্জেন্টিনা (b) জার্মানি (c) ইন্ডিয়া (d) নরওয়ে
46. 11 বার ফরাসি ওপেন সিঙ্গলস খেতাব জেতার কৃতিত্ব দেখালেন কে?
(a) রজার ফেডেরার (b) রাফায়েল নাদাল (c) মার্ক জোকোভিচ (d) এঁদের কেউই নন
47. কৃষকদের জন্য সূর্যশক্তি কিষাণ যোজনা চালু করল কোন রাজ্য সরকার?
(a) উত্তরপ্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) গুজরাট (d) রাজস্থান
48. মধ্যপ্রদেশের কোন জেলায় কেন্দ্র সরকার মোহনপুরা জলসেচ প্রকল্প চালু করেছে?
(a) রাজগড় (b) ভোপাল (c) ইন্দোর (d) জব্বলপুর
49. 2018 আন্তর্জাতিক যোগ দিবসের থিম কী ছিল?
(a) Yoga for Peaceful Mind (b) Yoga for Peace (c) Yoga for Health (d) Yoga for Harmony and Peace
50. 2018 অম্বুবাচী মেলা কোন রাজ্যে শুরু হয়েছে?
(a) অরুণাচল প্রদেশ (b) মণিপুর (c) অসম (d) মিজোরাম
51. স্রোতের গতিবেগ 4 কিমি/ঘণ্টা এবং স্রোতের প্রতিকূলে নৌকার গতিবেগ 7 কিমি/ঘণ্টা হলে অনুকূলে গতিবেগ কত?
(a) 15 কিমি/ঘণ্টা (b) 12 কিমি/ঘণ্টা (c) 16 কিমি/ঘণ্টা (d) 14 কিমি/ঘণ্টা
52. অশোকের আয় অমলের আয় অপেক্ষা 20% বেশি। অমলের আয় অশোকের আয় অপেক্ষা কত শতাংশ কম?
(a) $17\frac{2}{3}$ % (b) $15\frac{2}{3}$ % (c) $16\frac{2}{3}$ % (d) $14\frac{2}{3}$ %
53. 20% ছাড় দেওয়ার ফলে একটি বইয়ের দাম 40 টাকা হয়। 10% ছাড় দিলে বইটির দাম কত হবে?
(a) 48 টাকা (b) 50 টাকা (c) 52 টাকা (d) 45 টাকা
54. $\frac{a}{3}=\frac{b}{4}=\frac{c}{7}$ হলে $\frac{a+b+c}{c}=?$
(a) 3 (b) 4 (c) 2 (d) 1
55. দু'টি সংখ্যার অনুপাত 4 : 5 এবং তাদের ল.সা.গু. 220 হলে সংখ্যাদু'টির সমষ্টি কত?
(a) 110 (b) 88 (c) 105 (d) 99
56. 4, 6 ও x পরস্পর সমানুপাতী হলে x = ?
(a) 8 (b) 9 (c) 7 (d) 10
57. ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 10 : 11 হলে শতকরা লাভের হার কত?
(a) 8% (b) 9% (c) 10% (d) 11%
58. একটি কাজ 12 জন মিলে 4 দিনে শেষ করে। ওই কাজটি 3 দিনে শেষ করতে কত লোক লাগবে?
(a) 16 জন (b) 13 জন (c) 14 জন (d) 15 জন
59. ক্ষুদ্রতম এবং পূর্ণবর্গ কোন সংখ্যা 12, 15 ও 20 দ্বারা বিভাজ্য?
(a) 900 (b) 1600 (c) 400 (d) 800
60. কিছু পরিমাণ টাকা সরল সুদে বিনিয়োগ করা হল। যদি উক্ত টাকা 10 বছরে তিনগুণ হয়, তবে বার্ষিক সুদের হার কত?
(a) 25% (b) 18% (c) 20% (d) 15%
61. চার অঙ্কের ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা কোনটি?
(a) 1036 (b) 1016 (c) 1001 (d) 1024
62. $\frac{0.25\times0.25-0.24\times0.24}{0.49}=?$
(a) 0.1 (b) 0.001 (c) 0.01 (d) 0.002
63. দু'টি সংখ্যার বিয়োগফল 3 এবং সংখ্যাদু'টির বর্গের বিয়োগফল 39। বৃহত্তর সংখ্যাটি কত?
(a) 13 (b) 12 (c) 8 (d) 9
64. একটি দেওয়াল ঘড়িতে 5টা ঘণ্টা বাজতে 3 সেকেন্ড সময় লাগে। ওই ঘড়িতে 9টা বাজতে কত সময় লাগবে?
(a) 6 সেকেন্ড (b) 7 সেকেন্ড (c) 9 সেকেন্ড (d) 5 সেকেন্ড
65. 6টি বলের গড় ওজন 6 কিলোগ্রাম। 7টি বলের গড় ওজন 7 কিলোগ্রাম করতে হলে সপ্তম বলটির ওজন কত হবে?
(a) 16 কিলোগ্রাম (b) 18 কিলোগ্রাম (c) 12 কিলোগ্রাম (d) 13 কিলোগ্রাম
66. a : b = 4 : 3 হলে, (a + b) : (a – b) = ?
(a) 3 : 2 (b) 7 : 1 (c) 4 : 3 (d) 5 : 2
67. 15% লাভের জন্য ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কী?
(a) 20 : 21 (b) 10 : 13 (c) 10 : 11 (d) 20 : 23
68. একটি গ্লাসে চিনি ও জল 3 : 4 অনুপাতে ও অপর গ্লাসে 6 : 7 অনুপাতে মিশ্রিত আছে। কোন মিশ্রণটি অধিকতর মিষ্টি?
(a) উভয়ই সমান (b) প্রথম (c) দ্বিতীয় (d) কোনওটিই নয়
69. 210 মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় 63 কিলোমিটার গতিবেগে চললে একটি সিগন্যাল পোস্টকে অতিক্রম করতে কত সময় নেবে?
(a) 15 সেকেন্ড (b) 18 সেকেন্ড (c) 12 সেকেন্ড (d) 14 সেকেন্ড
70. কোনও পথের $\frac{3}{10}$ অংশের দৈর্ঘ্য 45 কিলোমিটার হলে, ওই পথের $\frac{2}{5}$ অংশের দৈর্ঘ্য কত?
(a) 75 কিলোমিটার (b) 50 কিলোমিটার (c) 36 কিলোমিটার (d) 60 কিলোমিটার
71. একটি সংখ্যা দ্বিতীয় একটি সংখ্যার দ্বিগুণ। দ্বিতীয় সংখ্যাটি তৃতীয় সংখ্যাটির দ্বিগুণ। তিনটি সংখ্যার সমষ্টি 84 হলে, ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
(a) 28 (b) 24 (c) 12 (d) 17
72. একটি আয়তাকার মেঝের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 8 : 5। মেঝের প্রস্থ যদি 15 মিটার হয়, তবে মেঝেটির পরিসীমা কত?
(a) 78 মিটার (b) 65 মিটার (c) 86 মিটার (d) 75 মিটার
73. একটি গ্রামের জনসংখ্যা 3840 থেকে বেড়ে 4032 হয়। ওই বাড়তি জনসংখ্যার শতকরা হার কত?
(a) 5% (b) 2% (c) 4% (d) 3%
74. যদি কোনও দু'টি সংখ্যার যোগফলের 30%, তাদের বিয়োগফলের 40% -এর সমান হয় তবে বড় সংখ্যা এবং ছোট সংখ্যার অনুপাত কত হবে?
(a) 7 : 2 (b) 7 : 1 (c) 5 : 2 (d) 4 : 3
75. একজন লোক ঘণ্টায় 10 কিলোমিটার বেগে A থেকে B-তে গেল এবং ঘণ্টায় 6 কিলোমিটার বেগে B থেকে A-তে ফিরল। এই ভ্রমণের জন্য লোকটির গড় গতিবেগ কত?
(a) 8.5 কিমি/ঘণ্টা (b) 8 কিমি/ঘণ্টা (c) 7.5 কিমি/ঘণ্টা (d) 7 কিমি/ঘণ্টা
76. একটি গাড়ির বর্তমান মূল্য 3,00,000 টাকা। প্রথম বছরে 10%, দ্বিতীয় বছরে 8% এবং তৃতীয় বছরে 5% হ্রাস পেলে 3 বছর পরে গাড়িটির হ্রাসপ্রাপ্ত মূল্য কত হবে?
(a) 2,40,000 টাকা (b) 2,35,980 টাকা (c) 2,00,000 টাকা (d) 2,35,000 টাকা
77. যদি $\sqrt{529}=23$ হয়, তবে $\sqrt{0.000529}=?$
(a) 0.023 (b) 0.0023 (c) 2.3 (d) 0.23

এরপর কুড়ির পাতায়



www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে
# ৫৭০২ কনস্টেবল

*উনিশের পাতার পর*

78. $3\frac{3}{4} \div 2\frac{1}{2} + \frac{1}{2} = ?$
(a) 4 (b) 6 (c) 1 (d) 2

79. বই মেলায় প্রতিটি বই কেনার জন্য 10% ছাড় দেওয়া হল। যদি কোনও বইয়ের প্রকৃত দাম 110 টাকা হয়, তবে সেক্ষেত্রে ছাড়ের পরিমাণ কত?
(a) 10 টাকা (b) 9 টাকা (c) 11 টাকা (d) 21 টাকা

80. x, 6, 9 ক্রমিক সমানুপাতি হলে, x-এর মান কত?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

81. গোপী তার বাড়ি থেকে পশ্চিমদিকে যাত্রা করল। 30 মিটার যাওয়ার পর ডানদিকে বেঁকে 20 মিটার গেল। তারপর বাঁদিকে ঘুরে 10 মিটার যাওয়ার পর আবার বাঁদিকে ঘুরল এবং 40 মিটার গেল। তারপর বাঁদিকে ঘুরে 5 মিটার গেল। শেষ পর্যন্ত সে বাঁদিকে ঘুরল। গোপী এখন কোনদিকে হাঁটছে?
(a) দক্ষিণ-পশ্চিম (b) পশ্চিম (c) উত্তর (d) পূর্ব

82. যদি জলকে খাবার, খাবারকে গাছ, গাছকে আকাশ, আকাশকে দেওয়াল বলা হয়, তবে নীচের কোনটিতে ফল ধরে?
(a) গাছ (b) দেওয়াল (c) খাবার (d) আকাশ

**নির্দেশ (83 to 86):** *অমিল বিকল্পগুলি খুঁজে বের করুন।*

83. (a) BDGK (b) HJMQ (c) NPSW (d) MORU
84. (a) AUgPZ (b) YGLhT (c) KFeCO (d) MXiDV
85. (a) 7 (b) 13 (c) 17 (d) 14
86. (a) Ode (b) Lyric (c) Sonnet (d) Epic

**নির্দেশ (87 to 90):** *শ্রেণিসারিগুলি সম্পূর্ণ করুন।*

87. 2, 9, 28, 65, 126, _?_.
(a) 223 (b) 217 (c) 199 (d) 137
88. 1, 3, 4, 8, 15, 27, _?_.
(a) 50 (b) 55 (c) 44 (d) 34
89. 5, 9, 6, 11, 7, _?_.
(a) 15 (b) 17 (c) 13 (d) 19
90. OTE, PUF, QVG, RWH, ?
(a) TYJ (b) SXI (c) SYJ (d) TXI

91. যদি একটি নির্দিষ্ট কোডে CALANDER-কে লেখা হয় CLANAEDR, তবে CIRCULAR-কে কী লেখা হবে?
(a) CRIUCLRA (b) ICCRLURA (c) ICRCLUAR (d) CRIUCALR

92. যদি একটি নির্দিষ্ট কোডে MOUNTAIN-কে লেখা হয় OMNUATNI, তবে READER-কে কী লেখা হবে?
(a) RAERDE (b) ERDARE (c) REDAER (d) ERADRE

**নির্দেশ (93 to 96):** *একই সম্পর্কযুক্ত বিকল্প খুঁজে বের করুন।*

93. Microphone : Loud : : Microscope : ?
(a) Investigate (b) Magnify (c) Increase (d) Examine
94. Flower : Butterfly Dirt : ?
(a) Sweeper (b) Rats (c) Fly (d) Bugs
95. 32 : 10 : : 22 : ?
(a) 24 (b) 12 (c) 10 (d) 8
96. TALK : YFHG : : MIND : ?
(a) RNJA (b) RNJZ (c) QMRH (d) QMIZ

97. নীচের শব্দগুলিকে অ্যালফাবেটিক্যাল ক্রম অনুসারে সাজালে কোনটি দ্বিতীয় অবস্থানে বসবে?
(a) Dialogue (b) Diabolic (c) Diagonal (d) Dialect

98. নীচের কোনটি পর্বত, জঙ্গল ও পৃথিবীর মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

99. অনিল বলল যে রোহিত হল তার বাবার স্ত্রীর একমাত্র ভাইয়ের ছেলে। রোহিত তাহলে অনিলের কে হয়?
(a) কাকা (b) ভাই (c) মামাতো ভাই (d) পুত্র

100. সঠিক বিকল্প বসিয়ে শ্রেণিসারিগুলি পূর্ণ করুন।
aab _____ aaa _____ bba _____.
(a) bbb (b) bab (c) bba (d) abb

### উত্তর

